চালু হল
'দুরন্ত বার্তা'
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

# দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 247 Sunday, 6 August, 2023 ❋ ২৮ বর্ষ, ২৪৭ সংখ্যা ❋ ২০ শ্রাবণ, ১৪৩০, রবিবার, ৬ আগস্ট, ২০২৩ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য– ৩ টাকা

২০২৪ সালের মার্চ মাসের মধ্যে ডিম উৎপাদনে স্বনির্ভর হয়ে উঠবে রাজ্য। শনিবার পশ্চিমবঙ্গ সরকারের এক প্রেস বিবৃতিতে এক কথা জানানো হয়েছে। ...বিস্তারিত পাতা ৩

ডেঙ্গি বা ম্যালেরিয়া নয়, বরং রায়গঞ্জে উদ্বেগ ক্রমশ বাড়ছে স্ক্রাব টাইফাসের। রায়গঞ্জ মেডিক্যালে উপসর্গ নিয়ে ভর্তি রয়েছেন বেশ কয়েকজন। ...বিস্তারিত পাতা ৫

গ্রন্থাগার মহোৎসবের উদ্বোধনের পর রাষ্ট্রপতি বলেন, ''গ্রন্থাগারগুলির উন্নয়ন দেশের সমাজ ও সংস্কৃতির উন্নয়নকে এগিয়ে নিয়ে যেতে সহায়ক ভূমিকা নেবে।'' ...বিস্তারিত পাতা ৬

ক্যারিবিয়ান সফরে ভারতের হয়ে টেস্ট খেলার স্বপ্নপূরণ হয়েছে তরুণ তুর্কি যশস্বী জয়সওয়ালের। এ বার কি যশস্বীর গায়ে উঠবে নীল জার্সিও? ...বিস্তারিত পাতা ৮

## বেহালার দুর্ঘটনা থেকে শিক্ষা, স্কুলে স্কুলে রাস্তা পার করার পাঠ দেবে পর্ষদ

**দুরন্ত বার্তা, কলকাতা, ৫ আগস্টঃ** শুক্রবার সকালে স্কুলে যাওয়ার পথেই মর্মান্তিক পথ দুর্ঘটনার শিকার হয় বেহালার সৌরনীল সরকার। দ্বিতীয় শ্রেণির ওই পড়ুয়ার মৃত্যুতে দিনভর উত্তপ্ত হয়ে ওঠে বেহালা চৌরাস্তা। পুলিশ-জনতা খণ্ডযুদ্ধে ব্যাপক উত্তেজনা ছড়ায় গোটা এলাকায়। প্রশ্নের মুখে শহর কলকাতার ট্র্যাফিক সিস্টেম। এবার বেহালা থেকে শিক্ষা নিয়ে স্কুলে স্কুলে রাস্তা পার করার পাঠ দেবে পর্ষদ। প্রাথমিক স্কুলের পড়ুয়াদের শেখানো হবে রাস্তা পার করার পাঠ। কোন সিগন্যালে রাস্তা পার হতে হয়, কখন নয়, পড়ুয়াদের স্কুলেই শেখাবেন শিক্ষকরা। সূত্রের খবর, শীঘ্রই সরকারের সঙ্গে আলোচনা করে ঠিক হবে রূপরেখা। ইতিমধ্যেই

প্রাথমিক প্রস্তুতি শুরু করে দিয়েছে প্রাথমিক শিক্ষা পর্ষদ। অন্যদিকে এ ঘটনার পর বেহাল রাস্তায় ট্র্যাফিক পুলিশের সংখ্যাও একরাতে অনেক বেড়ে গিয়েছে। বেড়েছে নজরদারি। এদিকে বেহালায় শিশুমৃত্যুতে টনক নড়েছে কলকাতা পুরনিগমের। কলকতার ফুটপাত দখলমুক্ত করতে মনিটরিং সেল তৈরির সিদ্ধান্ত হয়ে গিয়েছে বলে খবর। কলকাতা পুলিশ ও কলকাতা পৌরসভা যৌথভাবে এই নজরদারি চালাবে বলে জানিয়েছেন কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। যত্রতত্র যাতে হকাররা ফুটপাতের উপর বসে পড়তে না পারেন সে বিষয়ে চলবে নজরদারি। ইতিমধ্যেই এ কলকাতা পুলিশের সিপির সঙ্গে কথা বলেছে মেয়র। তাঁদের আলাপ-আলোচনার মধ্যেই এই মনিটরিং সেল তৈরির কথা উঠে এসেছে বলে খবর। সূত্রের খবর, আগামী সপ্তাহে এ বিষয়ে একটি বৈঠক হতে চলেছে। সেখানেই এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। মনিটরিং সেলে কে কে থাকবে সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলে খবর।

## ফুটপাথ দখলমুক্ত করতে এবার পুরনিগম-পুলিশ একসঙ্গে ময়দানে

### তৈরি হচ্ছে মনিটরিং সেল

**দুরন্ত বার্তা, কলকাতা, ৫ আগস্টঃ** বেহালার বড়িশা হাইস্কুলে ছাত্রমৃত্যুর ঘটনা ঘিরে তোলপাড় রাজ্য। স্থানীয়রা বারবার অভিযোগ তুলেছেন, এলাকায় পুলিশি নিষ্ক্রিয়তা নিয়ে। সঙ্গে ফুটপাথজুড়ে হকার-রাজ নিয়েও অভিযোগ পথচারীদের। রাস্তার দখলদারি এমন পর্যায়ে পৌঁছে গিয়েছে, মানুষের হাঁটার জায়গা পর্যন্ত নেই। এবার এই ফুটপাথ দখল রুখতে কিছুটা তৎপরতা বাড়াল কলকাতা পুরনিগম। বেহালাকাণ্ডের পর তৎপরতা বাড়ছে কলকাতা পুরসংস্থার। ফুটপাথ দখল নিয়ে নজরদারি চালাতে মনিটরিং সেল গঠন করার সিদ্ধান্তের কথা জানালেন মেয়র ফিরহাদ হাকিম। তিনি জানান, ব্ল্যাক টপে আর বসতে পারবেন না হকাররা। ঠাকুরপুকুর থেকে তারাতলা পর্যন্ত ফুটপাথের সিংহভাগ কার্যত হকারদের দখলে। ব্যস্ততার মধ্যে একপ্রকার বাধ্য হয়ে পথচারীদের রাস্তার ধার ঘেঁষে চলাচল করতে হয়। ফিরহাদ হাকিম বলেন, ''বেহালার ফুটপাথ দখল করে সঙ্কীর্ণ করার অভিযোগও হকারদের বিরুদ্ধে। সেটা নিয়ে বার বার সচেতন করা হলেও কানে তোলা হচ্ছে না।'' কলকাতার মেয়র জানান, কলকাতা পুলিশ কমিশনার বিনীত গোয়েলের সঙ্গে এই বিষয় নিয়ে কথা বলবেন। এরপরই তৈরি করা হবে মনিটরিং সেল। মেয়র জানান যে নিউ মার্কেট, তালতলা থানাকে এই বিষয়ে নির্দেশ দেওয়া হয়েছে। বেআইনি হকারদের উপরে নিয়ন্ত্রণ আনার জন্যই তৈরি করা হচ্ছে বিশেষ মনিটরিং সেল। কলকাতা পুলিশ কমিশনার বিনীত গোয়েলের সঙ্গে বৈঠকের পরই গঠিত হবে যৌথ মনিটরিং সেল। অন্যদিকে বেহালার দুর্ঘটনা নিয়ে এদিন বেহালা পূর্বের বিধায়ক রত্না চট্টোপাধ্যায় বলেন, ''ঘটনা যখন ঘটে যায় তারপরে সব ক্ষেত্রেই আমরা একটু নড়েচড়ে বসি। কিন্তু ট্র্যাফিক থেকে ডায়মন্ড হারবার রোড কন্ট্রোল করা হয়। এই জায়গায় বেশ কয়েকটি স্কুল থাকার জন্য যখন ছুটি হয় বা যখন স্কুল শুরু হয় তখন অনেক বাচ্চা এক জায়গায় হয়ে যায়। আমার মনে হয় সেই সময় ট্র্যাফিক পুলিশের সংখ্যা অবশ্যই বাড়ানো উচিত।'' শুক্রবার ভোরে বাবার সঙ্গে স্কুলে আসছিল সৌরনীল সরকার। বড়িশা হাইস্কুলের দ্বিতীয় শ্রেণির পড়ুয়া ছিল সে। স্কুলে ঢোকার আগে ডায়মন্ড হারবার রোডে একটি লরি তাকে পিষে দেয়। ঘটনাস্থলেই মৃত্যু হয় সৌরনীলের। এই ঘটনাকে কেন্দ্র করে রণক্ষেত্র হয়ে ওঠে চৌরাস্তা এলাকা। বিশাল পুলিশবাহিনী এসে পৌঁছলে পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে রীতিমতো বেগ পেতে হয়। এই ঘটনার পুলিশের বিরুদ্ধে গাফিলতির অভিযোগও রয়েছে।

## কল্যাণী সীমান্ত লোকাল থেকে ধোঁয়া! দমদম স্টেশনে আতঙ্ক, হুড়োহুড়ি যাত্রীদের

**দুরন্ত বার্তা, কলকাতা, ৫ আগস্টঃ** ভয়ঙ্কর ঘটনা দমদম স্টেশনে। আপ কল্যাণী সীমান্ত লোকালে আগুন। শনিবার সন্ধ্যায় ট্রেনে আগুনের ঘটনায় যাত্রীদের মধ্যে আতঙ্ক ছড়াল। জানা গিয়েছে, সন্ধে সাড়ে ৭টা নাগাদ শিয়ালদহ থেকে ছেড়ে যায় আপ কল্যাণী সীমান্ত লোকাল ট্রেন। এর পরই ট্রেনের প্যানেল বোর্ডে

আগুন দেখা যায়। ততক্ষণে যাত্রীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। এর পরই দমদমে দাঁড়িয়ে পড়ে কল্যাণী সীমান্ত লোকাল। আতঙ্কের জেরে বহু যাত্রী মাঝপথেই নেমে পড়েন। ট্রেন থেকে আচমকা ধোঁয়া বেরোতে শুরু করে। ফলে অনেকেই আতঙ্কিত হয়ে পড়েন। ট্রেনটি বহুক্ষণ সময় ধরে দাঁড়িয়ে থাকে দমদমে। কী কারণে ট্রেনের প্যানেল বোর্ডে আগুনের ঘটনা ঘটল, তা এখনও স্পষ্ট নয়। ঘটনাটি ঘটেছে পিছনের দিকের কামরায়। আতঙ্কে অনেক যাত্রী হুড়মুড়িয়ে ট্রেন থেকে নামতে শুরু করেন। রেলের আরপিএফ, জিআরপি ও আধিকারিকরা ঘটনাস্থলে যান। আপ লাইনে দীর্ঘক্ষণ ট্রেন চলাচল বন্ধ থাকে।

## শুক্রবার বেহালায় ভাঙচুরের ঘটনায় নিরপরাধদের গ্রেফতার করার অভিযোগ

**দুরন্ত বার্তা, কলকাতা, ৫ আগস্টঃ** বেহালা চৌরাস্তায় লরির ধাক্কায় শুক্রবার সকালে মৃত্যু হয়েছে স্কুল পড়ুয়ার। এই ঘটনার পরই ক্ষোভ উগরে দেন স্থানীয় বাসিন্দারা। রাস্তা আটকে প্রতিবাদের পাশাপাশি পুলিশের গাড়িতেও ভাঙচুর চালিয়ে আগুন ধরিয়ে দেন বিক্ষুব্ধ জনতা। জনতার ছোড়া ইটে মাথা ফাটে উচ্চপদস্থ পুলিশ অফিসারের। এই ঘটনাতেই ঘাতক লরির চালক ও খালাসিকে শুক্রবারই গ্রেফতার করেছিল পুলিশ। শনিবার তাঁদের আলিপুর আদালতে তোলা হয়। পুলিশের উপর হামলার ঘটনাতেও ২৫ জনকে গ্রেফতার করা হয়েছে। তাঁদেরও শনিবার আদালতে আনা হয়েছিল। আদালতে তোলা হলে কান্নায় ভেঙে পড়েন গ্রেফতার হওয়া ব্যক্তিদের পরিবারের লোকেরা। পুলিশের উপর হামলা ও ভাঙচুরের ঘটনায় বেহালা থানা এলাকা থেকে ১৪ জনকে গ্রেফতার করা হয়েছে। ঠাকুরপুকুর থানা থেকে গ্রেফতার হয়েছেন ১১ জন। পুলিশ নিরপরাধ লোকেদেরও ধরে এনেছে অভিযোগ উঠেছে। ধৃতদের কয়েক জনের পরিবারের লোকেদের দাবি, তাঁদের পরিবারের লোকেদের সঙ্গে শুক্রবারের বিক্ষোভ বা ভাঙচুরের ঘটনার কোনও সম্পর্ক নেই। সে সময় তাঁরা ওখান দিয়ে কাজের জায়গায় বা অন্য গন্তব্য যাচ্ছিলেন। পুলিশ হাতের কাছে পেয়ে তাঁদের গ্রেফতার করেছে বলে অভিযোগ উঠেছে। এই অভিযোগ তুলেই গ্রেফতার হওয়া ব্যক্তিদের পরিবারের লোকেরা কান্নায় ভেঙে পড়েন। অন্য দিকে দুর্ঘটনায় মৃত পড়ুয়া সৌরনীলের বেহালা শিলপাড়া নবপল্লির বাড়িতে গিয়েছিলেন মালা রায় ও স্থানীয় বিধায়ক রত্না চট্টোপাধ্যায়। সেখানে গিয়ে বিধায়ক বলেছেন, ঘটনা ঘটে যাওয়ার পর আমরা নড়েচড়ে বসি। এই জায়গায় বেশ কয়েকটি স্কুল থাকার জন্য যখন ছুটি হয় বা যখন স্কুল শুরু হয় তখন অনেক বাচ্চা এক জায়গায় হয়েয় যায়। আমার মনে হয় সেই সময়টা ট্র্যাফিকের পুলিশের সংখ্যা অবশ্যই বাড়ানো উচিত। এই ঘটনায় মুখ্যমন্ত্রী পরিবারের লোকেদের সঙ্গে কথা বলেছেন বলেও জানিয়েছেন তিনি।

### আদালতে কান্নায় ভেঙে পড়লেন পরিজনরা

## চরমে উঠল নবান্ন-রাজভবন বিবাদ

# এবার বন্দিমুক্তির তালিকা ফেরত পাঠাল রাজভবন

**দুরন্ত বার্তা, কলকাতা, ৫ আগস্টঃ** শিক্ষা, রাজনীতির পর এবার রাজ্য-রাজভবনের নয়া তরজার আবহ। ১৫ আগস্ট বন্দিমুক্তির যে তালিকা, তা নবান্নকে ফেরত পাঠাল রাজভবন। ১৫ আগস্টের জন্য পাঠানো তালিকা ত্রুটিমুক্ত নয়

বলে মনে করছেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। তাই এই তালিকা নিয়ে ব্যাখ্যা চেয়ে পাঠিয়েছেন তিনি। কীসের নিরিখে এই তালিকা তৈরি করা হয়েছে তা জানতে চেয়েছেন রাজ্যপাল বোস। স্বাধীনতা দিবস ও সাধারণতন্ত্র দিবসে বন্দিমুক্তির একটি তালিকা তৈরি করা হয়। রাজ্যের বিভিন্ন সংশোধনাগার থেকে ওই নামের তালিকা তৈরি হয়। সাধারণত ১৫ আগস্ট এবং ২৬ জানুয়ারি জেলে থাকা দীর্ঘদিনের সাজাপ্রাপ্ত বন্দিদের আচার আচরণ দেখে এই তালিকা তৈরি হয়। কারা দফতর, স্বরাষ্ট্রদফতর, আইন, বিচার ব্যবস্থা দফতরও থাকে। মোট চারটি দফতর মিলে সব খতিয়ে দেখে এই তালিকা তৈরি করে। এরপর তা রাজ্যপালের অনুমোদনের জন্য পাঠায়। এবারও সেই তালিকা পাঠানো হয়েছিল। রাজভবন সূত্রে খবর, কীসের ভিত্তিতে তালিকা তৈরি হয়েছে তা জানতে চেয়ে ফাইল ফেরত পাঠিয়েছেন। রাজ্যের আইনশৃঙ্খলা থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ, সবক্ষেত্রেই রাজ্যপালের সিদ্ধান্ত নিয়ে এক্তিয়ারের প্রশ্ন তুলেছে রাজ্য। একইসঙ্গে রাজ্যপাল সিভি আনন্দ বোসের নিরপেক্ষতাকেও প্রশ্নচিহ্নের মুখে দাঁড় করিয়েছে তারা। ভোটের সময় রাজভবনে পিস রুম খুলেছিলেন রাজ্যপাল। সম্প্রতি রাজভবনে অ্যান্টি কোরাপশন সেল খুলেছেন তিনি। দুর্নীতি দমনে কোনওরকম আপস নয় বলে বারবার যখন সরব হচ্ছেন রাজ্যপাল, রাজ্যের শাসকদল তখন তাঁর এই সিদ্ধান্তগুলির পিছনে রাজনৈতিক অভিসন্ধি খুঁজে পাচ্ছে। আর এসবের মধ্যেই এবার বন্দিমুক্তি নিয়ে নতুন তরজার আবহ। সম্প্রতি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় রাজভবনে এসে দেখা করেন রাজ্যপাল সিভি আনন্দ বোসের সঙ্গে। সেখানে দুটি ফাইল নিয়ে আলোচনা হয়েছিল। সেটা বাদল অধিবেশন শুরুর আগে। তারপর এই ফাইলটি পাঠানো হয় কয়েকদিন আগে। সেখানেই বন্দি মুক্তির কথা উল্লেখ করে ফাইল পাঠিয়েছিল কারা দফতর। কিন্তু দু'দিন আগে রাজ্যপালের ভূমিকা নিয়ে সরাসরি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নবান্ন থেকে সরব হয়েছিলেন। তারপরই এবার ফাইলে সই করা নিয়ে বেঁকে বসলেন রাজভবনের বাসিন্দা। এই কথা জানতে পেরে নবান্নের শীর্ষমহল ক্ষোভে ফেটে পড়েছে। রাজ্যে এখনও মুক্ত সংশোধনাগার রয়েছে রায়গঞ্জ, লালগোলা, দুর্গাপুর এবং মেদিনীপুরে। সেখানে সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা কয়েক হাজার। তাদের মধ্যে থেকেই কিছু বন্দিকে প্রত্যেক বছর শনাক্ত করেন কারা দফতরের কর্তারা। সব দিক বিবেচনা করে কারা দফতরের বন্দি মুক্তি কমিটি এবং যে আদালত বন্দিকে সাজা দিয়েছে সেখান থেকে অনুমতি মিললে নামের তালিকা চূড়ান্ত করা হয়। তারপর তালিকা-সহ ফাইল পাঠানো হয় রাজভবনে। আর রাজ্যপাল ওই ফাইলে সই করলেই তারা মুক্তি পায়। যা এবার হবে কিনা বোঝা যাচ্ছে না।

## ফের কুকি-মেতেই জনগোষ্ঠীর সংঘর্ষে উত্তপ্ত মণিপুর, মৃত কমপক্ষে ৩, পুড়ল কয়েকটি বাড়িও

**ইম্ফল, ৫ আগস্টঃ** ফের উত্তপ্ত মণিপুর। নতুন করে সংঘর্ষ শুরু হল উত্তর-পূর্বের রাজ্যে। শুক্রবার রাতে মণিপুরের বিষ্ণুপুরে সংঘর্ষ শুরু হয়। ওই সংঘর্ষে কমপক্ষে ৩ জনের মৃত্যু হয়েছে বলে জানা গিয়েছে। একাধিক বাড়িতে আগুন লাগিয়ে দেওয়া হয়েছে বলেও জানা গিয়েছে। জানা গিয়েছে, শুক্রবার মণিপুরের বিষ্ণুপুর জেলায় ফের কুকি ও মেতেই জনগোষ্ঠীর মধ্যে সংঘর্ষ শুরু হয়। দুই পক্ষের লড়াইয়ে কমপক্ষে তিনজনের মৃত্যুর খবর মিলেছে। নিহতরা মেতেই জনগোষ্ঠীর বলে জানা গিয়েছে। কাওয়াকতা এলাকার বাসিন্দা ছিলেন তারা। ওই ঘটনার পরই কুকি জনগোষ্ঠীর একাধিক বাড়িতে আগুন লাগিয়ে দেওয়ার অভিযোগ ওঠে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, দুই জনগোষ্ঠীর মধ্যে সংঘর্ষ রুখতে যে বাফার জোন তৈরি করা হয়েছে, শুক্রবার রাতে সেই সীমানা টপকিয়েই কয়েকজন ঢুকে পড়ে এবং গুলি চালায়। এরপরই দুই পক্ষের মধ্যে ব্যাপক সংঘর্ষ শুরু হয়। ভাঙচুর, একাধিক বাড়িতে আগুন লাগিয়ে দেওয়ার মতো ঘটনাও ঘটে। উল্লেখ্য, কাওয়াকতা এলাকা থেকে দুই কিলোমিটার আগে বাফার জোন তৈরি করা হয়েছে। নিরাপত্তার দায়িত্বে রয়েছে কেন্দ্রীয় বাহিনী। সংঘর্ষের খবর পেয়েই তারা পরিস্থিতি সামাল দিতে নামে। অন্যদিকে, পুলিশ বাহিনীও পাঠানো হয়েছে। দুই দিন আগেও সশস্ত্র বাহিনীর সঙ্গে মেতেই গোষ্ঠীর বিক্ষোভকারীদের সংঘর্ষে বিষ্ণুপুরে উত্তেজনা ছড়িয়েছিল। অভিযোগ, থানা ও নিরাপত্তা বাহিনীর কাছ থেকে অস্ত্র লুঠ করার চেষ্টা করেছিল বিক্ষোভকারীরা। ওইদিনের সংঘর্ষে কমপক্ষে ১৭ জন আহত হয়। এরপরই পূর্ব ও পশ্চিম ইম্ফলে ফের একবার কড়া কার্ফু জারি করা হয়।

## বুদ্ধদেবের ছুটি নিয়ে সিদ্ধান্ত করবে জানালেন হাসপাতাল কর্তৃপক্ষ

**দুরন্ত বার্তা, কলকাতা, ৫ আগস্টঃ** বিপদ কেটে গিয়েছে। এখন ভাল রয়েছেন পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য। শনিবার বিকালে বুদ্ধদেবের স্বাস্থ্যের বিষয়ে জানানো হল উডল্যান্ডস হাসপাতালের তরফে। হাসপাতাল সিইও রূপালি বসু সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, বুদ্ধদেব বাবুর স্বাস্থ্যের অবস্থা এখন যেমন রয়েছে, তেমনই আরও ৪৮ ঘণ্টা থাকলে তাঁর ছুটির বিষয়ে আলোচনা করবে মেডিক্যাল বোর্ড। সব কিছু প্রত্যাশা মতো চললে সোমবারই প্রাক্তন মুখ্যমন্ত্রীর ছুটির ব্যাপারে আলোচনা হতে পারে। বর্তমানে বুদ্ধবাবুকে নন ইনভেসিভ ভেন্টিলেটর সাপোর্টে রাখা হয়েছে। শনিবার বুদ্ধদেবের সঙ্গে দেখা করতে এসেছিলেন তাঁর দীর্ঘদিনের সহযোদ্ধা সূর্যকান্ত মিশ্র। উডল্যান্ডস হাসপাতালের তরফে জানানো হয়েছে বুদ্ধদেবের শারীরিক অবস্থা আপাতত স্থিতিশীল। তিনি চিকিৎসকদের সঙ্গে কথা বলছেন। তবে খিদে ভাব কম রয়েছে বুদ্ধবাবুর। তিনি নিজের মুখে খেতে চাইছেন না বলে জানিয়েছেন চিকিৎসকরা। বামনেতার শরীরে দুর্বলতা রয়েছে হাসপাতালের তরফে জানানো হয়েছে। হাসপাতালে দীর্ঘদিন থাকার দরুণ নতুন করে সংক্রমিত হওয়ার সম্ভাবনার বিষয়টি মাথায় রাখছেন বলে জানিয়েছেন চিকিৎসকেরা। কারণ বুদ্ধবাবুকে অ্যান্টিবায়োটিক দেওয়া বন্ধ হয়েছে। তাই সাক্ষাৎপ্রার্থীদের আসার বিষয়ে বিধিনিষেধ জারির বিষয়টিও হাসপাতাল কর্তৃপক্ষের মাথায় রয়েছে। সাক্ষাৎপ্রার্থীরা কাচের একটি ঘর থেকেই দেখছেন বলে জানিয়েছেন কর্তৃপক্ষ। শনিবার বুদ্ধবাবুকে দেখার পর সূর্যকান্ত মিশ্র বলেছেন, ''হাসপাতালে কোনও অসুবিধা হচ্ছে না কি তা বুদ্ধবাবুর কাছে জানতে চেয়েছিলাম। কোনও অসুবিধা হচ্ছে না বলে জানিয়েছেন তিনি। বিভিন্ন ওষুধ চলার জন্য মুখে স্বাদ পাচ্ছেন না তিনি।''

## রাহুলের সুপ্রিম-স্বস্তির পরদিনই ঘোষণা 'ইন্ডিয়া' জোটের তৃতীয় বৈঠকের দিন

**নয়াদিল্লি, ৫ আগস্টঃ** মোদি পদবি মামলার সাজা থেকে আপাতত সুপ্রিম-স্বস্তি পেয়েছেন রাহুল গান্ধি। সুরাট আদালতের রায়ের উপর স্থগিতাদেশ দিয়েছে শীর্ষ আদালত। সুপ্রিম-রায়ের পর এবার নতুন উদ্যমে ময়দানে নামতে চলেছে ইন্ডিয়া জোট। রাহুল গান্ধি সুপ্রিম-স্বস্তি পাওয়ার পরদিনই, শনিবার 'ইন্ডিয়া' জোটের তৃতীয় বৈঠকের দিনক্ষণ ঘোষণা করা হল। কংগ্রেস ও উদ্ধব ঠাকরের দল, শিবসেনার তরফে জানানো হয়, আগামী ৩১ আগস্ট ও ১ সেপ্টেম্বর ইন্ডিয়া জোটের বৈঠক হবে। আগামী লোকসভা নির্বাচনের রূপরেখা নির্ধারণ করতেই মুম্বইয়ে এই বৈঠক বসবে বলে বিরোধী জোট সূত্রে খবর। এদিন মুম্বইয়ে সাংবাদিক বৈঠক করে ইন্ডিয়া-র তৃতীয় বৈঠকের দিন ঘোষণা করেন শিবসেনা সাংসদ সঞ্জয় রাউত। তিনি বলেন, ''মুম্বইয়ের গ্র্যান্ড হায়াতে বিরোধী জোটের বৈঠকে অন্তত ৫ জন মুখ্যমন্ত্রী যোগ দেবেন। রাহুল গান্ধিও উপস্থিত থাকবেন। বৈঠক শুরু হবে আগামী ৩১ আগস্ট এবং ওই দিন সন্ধ্যায় নৈশভোজের আয়োজন করেছেন উদ্ধব ঠাকরে।'' সুপ্রিম কোর্টের রায় রাহুল গান্ধির পক্ষে যাওয়ায় এই বৈঠক অন্য মাত্রা নেবে বলে জানান মহারাষ্ট্র কংগ্রেসের প্রধান নানা পাটোলে। তাঁর কথায়, ''রাহুল গান্ধির মানহানি মামলায়

সুপ্রিম কোর্ট এক নির্দেশ দিয়েছে। সত্যের জয় হয়েছে। তার ফলে এই বৈঠক বিশেষ গুরুত্বপূর্ণ হয়ে উঠবে।'' গত ১৭ ও ১৮ জুন, দু-দিন ধরে চলা বেঙ্গালুরু বৈঠকের পর কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়্গে জানিয়েছিলেন, এই জোটের জন্য ১১ সদস্যের একটি কো-অর্ডিনেশন কমিটি গঠিত হবে এবং পরবর্তী বৈঠকে কনভেনারের নাম স্থির হবে। স্বাভাবিকভাবেই মুম্বইয়ে ইন্ডিয়া জোটের তৃতীয় বৈঠক গুরুত্বপূর্ণ হতে চলেছে। এদিকে, শনিবার, সুপ্রিম কোর্টের রায় ঘোষণার পরই আরজেডি প্রধান লালু প্রসাদ যাদবের সঙ্গে দেখা করেন রাহুল গান্ধি। লালু প্রসাদ যাদব স্বয়ং রান্না করে রাহুলকে খাইয়েছেন। তারপর আরজেডি প্রধান ও বিহারের উপ-মুখ্যমন্ত্রী তেজস্বী যাদবের সঙ্গে একপ্রস্থ বৈঠকও করেন রাহুল গান্ধি। মূলত, ইন্ডিয়া জোটের পরবর্তী পদক্ষেপ নিয়েই আলোচনা হয় সেই বৈঠকে।

## দ্রুত রাহুল গান্ধির সাংসদ পদ ফেরানো হোক

# স্পিকারকে তোপ দেগে দাবি অধীরের

**নয়াদিল্লি, ৫ আগস্টঃ** মোদি পদবি ফৌজদারি মামলায় সুরাট আদালত রাহুল গান্ধিকে দোষী সাব্যস্ত করে সাজা ঘোষণার পরই তাঁর সাংসদ পদ খারিজ করা হয়েছিল। এবার সেই তৎপরতার সঙ্গেই রাহুল গান্ধির সাংসদ পদ ফিরিয়ে দেওয়া হোক। সুপ্রিম কোর্টের রায়ের ভিত্তিতে শনিবার সাংবাদিক বৈঠক করে এমনই আবেদন জানালেন লোকসভায় কংগ্রেস দলনেতা অধীর রঞ্জন চৌধুরী। এপ্রসঙ্গে রাহুল গান্ধির সাংসদ পদ যেভাবে তড়ি গতিতে খারিজ করা হয়েছিল, এখন রাহুল গান্ধির সাংসদ পদ ফিরিয়ে দেওয়ার ব্যাপারে সেই তড়ি গতিতে কাজ কেন হচ্ছে না, তা নিয়েও প্রশ্ন তোলেন তিনি। শুক্রবারই রাহুল গান্ধির বিরুদ্ধে সুরাট আদালতের রায়ে স্থগিতাদেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। স্বাভাবিকভাবেই তাঁর সাংসদ পদ ফিরে পেতে আপাতত কোনও বাধা নেই। কিন্তু, আদালতের রায়ের পর ২৪ ঘণ্টা পেরিয়ে গিয়েছে। অথচ, রাহুল গান্ধির সাংসদ পদ ফিরিয়ে দেওয়ার ব্যাপারে লোকসভার স্পিকার বা সেক্রেটারি জেনারেল কেন কোনও পদক্ষেপ করছেন না, তা নিয়ে এদিন প্রশ্ন তোলেন অধীর চৌধুরী। যদিও এদিন ছুটির দিন বলে জানিয়েছেন সেক্রেটারি জেনারেল ও স্পিকার। এপ্রসঙ্গে ছুটির দিন রাহুল গান্ধিকে সাংসদ কোটায় প্রাপ্ত বাড়ি থেকে বের করার উদাহরণও তুলে ধরেন অধীর চৌধুরী। রাহুল গান্ধির সাংসদ পদ ফেরানোর ব্যাপারে স্পিকার ও সেক্রেটারি জেনারেল গাফিলতি করছেন বলেও অভিযোগ তুলেছেন বহরমপুরের কংগ্রেস সাংসদ অধীর চৌধুরী। তিনি জানান, সুপ্রিম কোর্টের রায়ের পর সংসদে ফেরানোর জন্য রাতেই স্পিকারকে ফোন করেছিলেন রাহুল গান্ধিকে। কোর্টের কাগজ, চিঠি দিতে তাঁর বাড়ি যেতে চেয়েছিলেন অধীর চৌধুরী। কিন্তু, স্পিকার

রাতে দেখা করতে সম্মত হননি, শনিবার সকালে দেখা করবেন বলে জানান। এরপর এদিন সকালে স্পিকার ওম বিড়লাকে ফোন করলে তিনি সেক্রেটারি জেনারেলের সঙ্গে কথা বলে তাঁর দফতরে কাগজ-পত্র জমা দিতে বলেন। অধীর চৌধুরী আরও বলেন, ''সেক্রেটারি জেনারেলকে ফোন করলে তিনি জানান, আজ দফতর বন্ধ। স্পিকারের কাছে কাগজপত্র জমা দিন। তাঁর দিক থেকে আমার অফিসে কাগজপত্র আসবে। এরপর কাগজপত্র অন্তত সংসদে রিসিভ করানোর কথা বলতে সেক্রেটারি জেনারেল জানান, আজ ছুটির দিন।'' কিন্তু, জরুরি ক্ষেত্রে ছুটির দিনেও চিঠি রিসিভ করার জন্য সংসদে ব্যবস্থা থাকে বলে জানান অধীর চৌধুরী। সেই ব্যবস্থা মোতাবেক লোকসভার সেক্রেটারি জেনারেলের পরামর্শ মেনে রাহুল গান্ধিকে সংসদে ফেরানোর কাগজপত্র ডাক ব্যবস্থার মারফৎ পাঠান অধীর চৌধুরী। কিন্তু, সংসদে সেই নথি গ্রহণ করে চিঠিতে স্বাক্ষর করলেও স্ট্যাম্প দেয়নি বলে অভিযোগ। স্বাভাবিকভাবেই নথি জমা দেওয়ার কাজ অসম্পূর্ণ রয়ে গিয়েছে। এদিকে, সোমবার থেকে ফের অধিবেশন শুরু হবে। সেদিনই রাহুল গান্ধিকে ফিরিয়ে আনা হোক বলে স্পিকার ও তাঁর দফতরের কাছে আবেদন জানিয়েছেন অধীর চৌধুরী। এপ্রসঙ্গে সেক্রেটারি জেনারেলের ছুটির দিন মন্তব্য প্রসঙ্গে অধীরের তোপ, ''সাংসদ কোটায় প্রাপ্ত ওই বাড়ি থেকে যেদিন রাহুল গান্ধিকে বের করা হয়েছিল, সেদিনও ছুটির দিন ছিল। কিন্তু, সরকারের তরফে তৎপরতার কোনও খামতি ছিল না। এমনকি সুরাট আদালতের রায় গুজরাটি ভাষায় থাকলেও তড়িঘড়ি সেটি ইংরেজিতে অনুবাদ করানোর ব্যবস্থা করে রাহুল গান্ধির সাংসদ পদ খারিজের পদক্ষেপ করা হয়।'' অথচ আজ যখন শীর্ষ আদালতের রায় রাহুল গান্ধির পক্ষে গিয়েছে, তখন তাঁকে সাংসদে ফেরানোর ব্যাপারে কোনও পদক্ষেপ করা হচ্ছে না বলেও ক্ষোভ প্রকাশ করেছেন অধীর চৌধুরী।

## 'ইডি আমায় ডাকবে না', যশকে পাশে নিয়ে বললেন নুসরত

**দুরন্ত বার্তা, কলকাতা, ৫ আগস্টঃ** একদিন আগেই সেভেন সেন্সস ইনফ্রাস্ট্রাকচার প্রাইভেট লিমিটেডের অন্যতম ডিরেক্টর রাকেশ সিং দাবি করেছেন, কোনও ঋণই দেওয়া হয়নি নুসরত জাহানকে। কিন্তু, নুসরতের দাবি ছিল, সংস্থা থেকেই ১ কোটি ১৬ লক্ষ ৩০ হাজার ২৮৫ টাকা ঋণ নিয়েছিলেন তিনি। কিন্তু, রাকেশ বলছেন এই দাবি ভিত্তিহীন। এদিকে নুসরতের বিরুদ্ধে তদন্তের দাবি জানিয়ে ইতিমধ্যেই ইডিতে অভিযোগ জানিয়েছেন বিজেপি নেতা শঙ্কুদেব পণ্ডা। নুসরতও যে এক সময় সংস্থার ডিরেক্টর ছিলেন সেই প্রমাণ দেওয়া হয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার কাছে। যে অ্যাকাউন্টে ওই অভিযোগকারীদের দেওয়া টাকা জমা পড়েছিল, সেই টাকা থেকেই নুসরত নিজে পাম অ্যাভিনিউতে কোটি টাকার ফ্ল্যাট কিনেছেন বলেও দাবি করেছেন অভিযোগকারীরা। তাহলে কি এবার নুসরতকে ডাকতে চলেছে ইডি? শঙ্কুদেবের অভিযোগের পর থেকে তা

নিয়ে নানা জল্পনা শোনা যাচ্ছে। এরইমধ্যে সঙ্গী যশ দাশগুপ্তকে পাশে নিয়ে হাসতে হাসতে তৃণমূল সাংসদ বললেন, ইডি তাঁকে ডাকবে না। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে যশ দাশগুপ্ত বলেন, ''আপনাদের বুঝতে হবে বিষয়টা কোর্টে রয়েছে। এবার যা বলার কোর্ট বলবে। আর মিডিয়াতে অভিযোগের পর অভিযোগ আসতে থাকে যার কোনও ভিত্তি থাকে না। এ নিয়ে শুধু কথা বাড়ে। এর থেকে বেশি কিছু হয় না। তাই আমার মনে হয় এ বিষয়ে কোর্টের নির্দেশেরই অপেক্ষা করা উচিত। এর আগেও সময় প্রমাণ দিয়েছে, এখনও দেবে। ইডি ওকে ডাকবে না।'' অন্যদিকে এ বিষয়ে যশকে পাশে পেয়ে যেন আরও বেশি আত্মবিশ্বাসী দেখাল নুসরতকে। সাফ বললেন, ''আগের সাংবাদিক বৈঠকে আমি ইতিমধ্যেই যা বলার বলেছি। বাকি টা তো কোর্টে রয়েছে।'' এরপরই হাসতে হাসতে বলেন, ''ইডি আমায় ডাকবে না।''

## সিসোদিয়ার জামিন আর্জির শুনানি সেপ্টেম্বর অবধি স্থগিত



নয়াদিল্লি, ৫ আগস্ট ঃ দিল্লির প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টির নেতা মনীশ সিসোদিয়ার জামিন আর্জির শুনানি চলতি বছরের সেপ্টেম্বর মাস পর্যন্ত স্থগিত রাখল সুপ্রিম কোর্ট। দিল্লি আবগারি নীতিতে অনিয়ম সংক্রান্ত ইডি-র মামলায় সেপ্টেম্বর মাস পর্যন্ত শুনানি স্থগিত রেখেছে সুপ্রিম কোর্ট, এনফোর্সমেন্ট ডিরেক্টরেট-এর আবেদনের প্রেক্ষিতে এই পর্যবেক্ষণ সর্বোচ্চ আদালতের।সিসোদিয়ার জামিনের আবেদনের বিরোধিতা করেছে ইডি, শুক্রবার ইডি-র অতিরিক্ত সময় দিয়েছে শীর্ষ আদালত। সিসোদিয়ার জামিনের আবেদনের বিষয়ে ইডি-র কাছ থেকে জবাব চেয়েছে সর্বোচ্চ আদালত।

## সংক্রমণ বেড়ে ৭৭ ভারতে বৃদ্ধি পেলে সক্রিয় রোগীর সংখ্যা

নয়াদিল্লি, ৫ আগস্ট ঃভারতে করোনার দৈনিক সংক্রমণ ফের কিছুটা বাড়ল, বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ৭৭ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা বেড়ে ১,৫৫৩-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০০ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। মৃত্যুর সংখ্যা এই মুহূর্তে ৫,৩১,৯১৮।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শনিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬২,৪৬২ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ৪ আগস্ট সারা দিনে ভারতে ৩৫,৬৯৩ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। বিগত ২৪ ঘন্টায় টিকা পেয়েছেন ৫২৬ জন, মোট টিকা প্রাপকের সংখ্যা ২২০,৬৭, ৫৫,১০৩।

## হাইলাকান্দিতে পশু খাদ্যের ঘাসের চারা বন্টন

হাইলাকান্দি (অসম) ৫ আগস্ট ঃ দক্ষিণ হাইলাকান্দি ও কাটলীছড়া ব্লকে পশু খাদ্যের জন্য উন্নত জাতের অধিক ফলনশীল ঘাসের চারা বন্টন করা হয়েছে। কাটলীছড়া ভেটেনারি ডিসপেন্সারিতে ওই ব্লকের ৪১ জন চাষীর হাতে এবং দক্ষিণ হাইলাকান্দি ব্লকের ২৭ জন চাষীর হাতে এই চারা তুলে দেওয়া হয়। ভেটেনারি বিভাগের উদ্যোগে ন্যাশনাল লাইভ স্টক মিশন কর্মসূচির অধীনে এতে একেকজন চাষীর হাতে ১৪০টি করে ঘাসের চারা ১২ কেজি করে সার এবং এক প্যাকেট করে কীটপতঙ্গ প্রতিরোধী ঔষধ তুলে দেওয়া হয়। সামগ্রীগুলি সুবিধা প্রাপকদের হাতে তুলে দেন বিভাগীয় কর্মকর্তাগণ

## এশিয়া কাপ ক্রিকেটঃ এশিয়া কাপে দ্বিতীয় সফল দল শ্রীলংকা, চ্যাম্পিয়ন হয়েছে ৬-বার

কলকাতা, ৫ আগস্ট ঃ এশিয়া কাপ ক্রিকেটের কাউন্ট ডাউন শুরু হয়ে গেছে। ৩১আগস্ট থেকে পাকিস্তান ও শ্রীলঙ্কায় শুরু হচ্ছে এই টুর্নামেন্ট। এশিয়া মহাদেশের সেরা দলগুলোকে নিয়ে হয় এই টুর্নামেন্ট। এশিয়া কাপের সবচেয়ে রোমাঞ্চকর ব্যাপার হল ভারত-পাকিস্তানের ম্যাচ। এছাড়া আফগানিস্তান ও পাকিস্তান এবং শ্রীলঙ্কা ও বাংলাদেশ ম্যাচের মধ্যেও আছে তীব্র প্রতিদ্বন্দ্বিতা। বলা যেতে পারে এক মাস ধরে এশিয়া কাপে চলে তীব্র প্রতিদ্বন্দ্বিতা। ভারতের পরে এশিয়া কাপে সব থেকে বেশি সাফল্য পেয়েছে শ্রীলঙ্কা। তারা মোট ৫ বার এশিয়া কাপ চ্যাম্পিয়ন হয়েছে। দ্বীপরাষ্ট্র খেতাব জিতেছে ১৯৮৬, ১৯৯৭, ২০০৪, ২০০৮ ও ২০১৪ সালে। এছাড়া ১৯৮৪, ১৯৮৮, ১৯৯০-৯১, ১৯৯৫, ২০০০ ও ২০১০ সালে মোট ৬ বার তারা রানার্স হয়েছে। সুতরাং, সব থেকে বেশি ১১ বার এশিয়া কাপের ফাইনালে উঠেছে শ্রীলঙ্কা।

# বারাণসীর জ্ঞানবাপী মসজিদে এএসআই-এর সমীক্ষার দ্বিতীয় দিন, মুসলিম পক্ষ এবার সন্তুষ্টির কথা জানাল

বারাণসী, ৫ আগস্ট ঃবারাণসীর জ্ঞানবাপী মসজিদে ভারতীয় পুরাতত্ত্ব সর্বেক্ষণ (এএসআই)-এর দ্বিতীয় দিনের বৈজ্ঞানিক সমীক্ষার কাজ শুরু হল শনিবার সকাল থেকে। শনিবার সকাল ৯টা থেকে শুরু হয় সমীক্ষার কাজ, যা চলবে বিকেল পাঁচটা পর্যন্ত। এর আগে শুক্রবারও জ্ঞানবাপী মসজিদে সমীক্ষার কাজ চালিয়েছে এএসআই।হিন্দুপক্ষের আইনজীবী সুধীর ত্রিপাঠি বলেছেন, সকাল ৯টায় সমীক্ষা শুরু হয...সমীক্ষার আজ দ্বিতীয় দিন...আমরা চাই জনগণ সমীক্ষায় সহযোগিতা করুক এবং যত তাড়াতাড়ি সম্ভব তা সম্পন্ন হোক...আমরা সম্পূর্ণ সহযোগিতা করছি । আমরা চাই বিষয়টা শীঘ্রই সমাধান করা হোক...সমীক্ষায় সবকিছু পরিস্কার হয়ে যাবে। মুসলিম পক্ষও এবার সন্তুষ্টির কথা জানাল। মুসলিম পক্ষের আইনজীবী মমতাজ আহমেদ বলেছেন, আমরা এএসআই সমীক্ষায় সন্তুষ্ট... গতশুক্রবার পর্যন্ত, আমরা অংশগ্রহণ করিনি কিন্তু আজ আমরা সহায়তা করছি।

## অপরিশোধিত তেল ৮৭ ডলারের কাছাকাছি, পেট্রোল ও ডিজেলের দাম বাড়েনি

নয়াদিল্লি, ৫ আগস্ট ঃ আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম বাড়লো। গত ২৪ ঘন্টায়, ব্রেন্ট ক্রুডের দাম ব্যারেল প্রতি ৮৭ ডলার বেড়েছে। অন্যদিকে, ডব্লিউটিআই ক্রুডের দাম ব্যারেল প্রতি ৮৩ ডলারের কাছাকাছি পৌঁছেছে। যদিও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি।ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট সূত্রে জানা গিয়েছে, শনিবার দিল্লিতে পেট্রোল প্রতি লিটার ৯৬.৭২ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৮৯.৬২ টাকায় বিক্রি হচ্ছে। মুম্বইতে এক লিটার পেট্রোল পাওয়া যাচ্ছে ১০৬.৩১ টাকায় এবং ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকায়। চেন্নাইতে এক লিটার পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের ৯৪.২৪ টাকা। কলকাতায় এক লিটার পেট্রোলের দাম ১০৬.০৩ টাকা আর ডিজেলের দাম ৯২.৭৬ টাকা। ভ্যাট এবং মালবাহী চার্জের উপর নির্ভর করে দেশে পেট্রোল এবং ডিজেলের দাম রাজ্যে আলাদা। কেঃদ্রীয় সরকারও মোটর জ্বালানির উপর আবগারি শুল্ক নিয়ে থাকে।

# তোষাখানা মামলায় ৩ বছরের সাজা ইমরানের

ইসলামাবাদ, ৫ আগস্ট ঃ তোষাখানা মামলায় বড় ধাক্কা খেলেন পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খান । শনিবার পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রীকে ৩ বছরের সাজা শোনাল জেলা ও দায়রা আদালত। এরই পাশাপাশি ১ লক্ষ টাকার জরিমানাও করা হয়েছে তাঁকে। অনাদায়ে আরও ৬ মাস জেলে থাকতে হবে।শুক্রবারই পাকিস্তানের এক হাই কোর্ট নিম্ন আদালতের রায়কে সরিয়ে রেখে মামলাটি নতুন করে শোনার কথা জানিয়েছিল। অবশেষে শনিবারই সাজা পেলেন ইমরান। তিনি যে বিপাকে পড়তে চলেছে তার ইঙ্গিত আগেই মিলেছিল। ফৌজদারি মামলায় অব্যহতি চেয়ে সুপ্রিম কোর্টের দারস্থ হয়েছিলেন তিনি। বুধবার তাঁর সেই আবেদন খারিজ করে দিল পাকিস্তানের শীর্ষ আদালত। পাক সুপ্রিম কোর্টের দুই সদস্যের বেঞ্চের বিচারপতি ইয়াইয়া আফ্রিদি জানিয়ে দেন, নিম্ন আদালতে তোষাখানার যে মামলাটি চলছে তাতে শীর্ষ আদালত হস্তক্ষেপ করবে না।প্রসঙ্গত, পিটিআই প্রধান ইমরানের বিরুদ্ধে একাধিক মামলা চলছে। যার মধ্যে তোষাখানা মামলা অন্যতম। ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত প্রধানমন্ত্রী থাকাকালীন তিনি পদের অপব্যবহার করেছিলেন বলে অভিযোগ। প্রধানমন্ত্রী হিসেবে পাওয়া উপহার সামগ্রী সরকারি ভাণ্ডার বা তোষাখানায় জমা না করে বিপুল অর্থের বিনিময়ে বিক্রি করে দিয়েছেন তিনি বলে অভিযোগ। পাকিস্তানের আইন অনুযায়ী, বিভিন্ন রাষ্ট্রপ্রধানরা যে সমস্ত উপহার দেন, সেগুলি পাক তোষাখানায় জমা হয়।

## রানি দ্বিতীয় এলিজাবেথের প্রথম মৃত্যুবার্ষিকীতে কোনও আয়োজন নয়

লন্ডন, ৫ আগস্ট ঃআগামী ৮ সেপ্টেম্বর রানি দ্বিতীয় এলিজাবেথের প্রথম মৃত্যুবার্ষিকী। দিনটি উপলক্ষে কোনও আয়োজন না করার সিদ্ধান্ত নিয়েছেন তার ছেলে ব্রিটিশ রাজা তৃতীয় চার্লস।জানা গেছে মায়ের মৃত্যুর দিবসটি অত্যন্ত নিভৃতে কাটাবেন রাজা তৃতীয় চার্লস।শুক্রবার ব্রিটিশ রাজপরিবার ও বাকিংহাম প্যালেসের মুখপাত্ররা বলেছেন, রানি দ্বিতীয় এলিজাবেথের প্রথম মৃত্যুবার্ষিকীতে রাষ্ট্রীয় কোনও আয়োজন রাখছেন না রাজা। ঘরোয়াভাবেও কোনও আয়োজন করবেন না তিনি। ২০২২ সালের ৮ সেপ্টেম্বর মৃত্যু হয় সবচেয়ে বেশি সময় ব্রিটিশ মসনদে থাকা ৯৬ বছর বয়সী রানি দ্বিতীয় এলিজাবেথের। তারপর ব্রিটেনের রাজা হন ৭৪ বছর বয়সী চার্লস। রানির মৃত্যুতে ১০ দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করা হয়েছিল। তা ছাড়া রানির অন্ত্যেষ্টিক্রিয়ার দিন হাজার হাজার মানুষ রাস্তার দুই পাশে দাঁড়িয়ে তাকে শেষ শ্রদ্ধা জানান।

## মেঘালয়ের সোনাপুরে আবারও ধস, আবদ্ধ অসংখ্য পণ্য ও যাত্রীবাহী যানবাহন

সোনাপুর (মেঘালয়), ৫ আগস্ট ঃ আবারও মেঘালয়ের পূর্ব জয়ন্তিযা়পাহাড় জেলার সোনাপুরের বুক চিরে ধাবিত গুয়াহাটি-বরাক উপত্যকা ৬ নম্বর জাতীয় সড়কে লাগোয়া পাহাড় থেকে ধসের স্রোত বইছে। ফলে ধস বিধ্বস্ত সড়কের দু-পাশে আটকে রয়েছে বরাক উপত্যকার তিন জেলা কাছাড়, করিমগঞ্জ ও হাইলাকান্দি এবং ত্রিপুরা, মিজোরাম ও মণিপুরগামী অসংখ্য পণ্য ও যাত্রীবাহী গাড়ি।মেঘালয়ে অবিরাম বৃষ্টিপাতের দরুন গত শুক্রবার রাতে সোনাপুর টানেলের সম্মুখবর্তী জাতীয় সড়কের ওপর পাহাড় থেকে আবারও জল-মিশ্রিত কাদামাটি ও বড় বড় পাথরের ধস পড়ায় হাজার হাজার ভারী পণ্যবাহী লরি এবং যাত্রীবাহী ছোট ও বড় গাড়ি রাস্তার দু পাশে আটকে পড়েছে। বেশ কয়েকটি পণ্যবাহী লরি কাদার স্রোতে বিপদসংকুল অবস্থায় দাঁড়িয়ে রয়েছে।তবে নতুন করে সংঘটিত বিপর্যয়ে

## মদসহ এক ব্যক্তিকে গ্রেফতার করল আরপিএফ

রাঁচি, ৫ আগস্ট, ঃরাঁচি রেলস্টেশন থেকে রেলওয়ে প্রোটেকশন ফোর্স (আরপিএফ)মদসহ এক ব্যক্তিকে গ্রেফতার করেছে। উদ্ধার হওয়া মদের মধ্যে রয়্যাল স্ট্যাগ কোম্পানির পাঁচটি ৭৫০ মিলি, ম্যাক ডাবলস ৩৭৫ মিলি ১৪টা, ইম্পেরিয়াল ব্লু ৩৭৫ মিলি একটি, রয়্যাল চ্যালেঞ্জার ৭৫০ মিলি একটি, স্ট্রং কিক বিয়ার ১২ পিস উদ্ধার করা হয়েছে।ধৃতের নাম ধুরি মাহতো। তার বাড়ি বিহারের নালন্দায়। ধৃত ধুরি মাহাতো ১৮৬২৪ নম্বর ট্রেনে আসছিল। এসআই শচীন কুমার শনিবার জানান, মদ বাজেয়াপ্ত করা হয়েছে এবং একজনকে গ্রেফতারও করা হয়েছে। পরবর্তী আইনী ব্যবস্থা নেওয়ার জন্য রাঁচির আবগারি বিভাগকে ধৃত ব্যক্তিকে হস্তান্তর করা হয়েছে।

# ঐতিহাসিক মুহূর্তের সাক্ষী হতে চলেছে দেশ

নয়াদিল্লি, ৫ আগস্ট ঃআগস্টের ৬ তারিখ এক ঐতিহাসিক মুহূর্তের সাক্ষী হতে চলেছে ভারত। দেশের বিভিন্ন প্রান্তে ৫০৮টি রেল স্টেশনের পুনর্বিকাশের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী । ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে অমৃত ভারত স্টেশন প্রকল্পে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই অনুষ্ঠানে যোগ দেবেন । এই প্রকল্পে ২৪ হাজার ৪৭০ কোটি টাকার বেশি খরচ হবে । এই প্রকল্পে রয়েছে ২৭টি রাজ্য ও কেঃদ্রশাসিত অঞ্চলগুলি । উত্তরপ্রদেশ ও রাজস্থানের ৫৫টি করে স্টেশন, বিহারে ৪৯, মহারাষ্ট্রে ৪৪, পশ্চিমবঙ্গে ৩৭, মধ্যপ্রদেশে ৩৪, অসমে ৩২ ও ওড়িশায় ২৫, পঞ্জাবে ২২, গুজরাট ও তেলেঙ্গানায় ২১, ঝাড়খন্ডে ২০, অন্ধ্রপ্রদেশ ও তামিলনাড়ুতে ১৮টি করে রেল স্টেশন রয়েছে । এছাড়াও হরিয়ানায় ১৫ ও কর্ণাটকে ১৩টি রেল স্টেশন রয়েছে । ওই স্টেশনগুলিতে স্থানীয় সংস্কৃতি ও ধারাবাহিকতা বজায় রেখেই পুনর্বিকাশ করা হবে । যাত্রীদের মিলবে অত্যাধুনিক সুবিধা ।

## ভিলওয়াড়ায় নাবালিকাকে পুড়য়ে মারার ঘটনায় সরব বিজেপি, গেহলট বললেন রাজস্থান শান্তিপ্রিয় রাজ্য

জয়পুর, ৫ আগস্ট ঃ রাজস্থানের ভিলওয়াড়ায় এক নাবালিকাকে গণধর্ষণ ও পুড়িয়ে মারার ঘটনায় সরব বিজেপি। ঘটনা সরেজমিনে খতিয়ে দেখতে বিজেপির ৪ মহিলা সাংসদদের প্রতিনিধি দল যাচ্ছে রাজস্থানে। এই প্রতিনিধি দলে থাকছেন সরোজ পান্ডে, রেখা বর্মা, কান্তা কার্ডম ও লকেট চট্টোপাধ্যায়।এদিকে, এই ঘটনা প্রসঙ্গে শনিবার রাজস্থানের মুখ্যমন্ত্রী অশোক গেহলট বলেছেন, গত শুক্রবার ভিলওয়াড়ার ঘটনায় রাতেই ৪-৫ জন অভিযুক্তকে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ আর কি করবে?... অ্যাকশন চালানোর ক্ষেত্রে আমরা সব রাজ্যের মধ্যে এক নম্বরে আছি...মণিপুরের ঘটনাকে কমিয়ে দিতে, যেখানে প্রধানমন্ত্রী মোদী একটি বড় ভুল করেছেন...আপনারা এমন একটি রাজ্যের (মণিপুর) সঙ্গে রাজস্থান এবং ছত্তিশগড়ের তুলনা করছেন। এটা রাজনীতি এবং আমরা এটা অনুমোদন করি না।গেহলট আরও বলেছেন, রাজস্থান একটি শান্তিপ্রিয় রাজ্য। রাজস্থানকে মণিপুরের সঙ্গে তুলনা করে বদনাম করার চেষ্টা চলছে। প্রতিটি রাজ্যে ঘটনা ঘটছে। মধ্যপ্রদেশে যে ঘটনা ঘটে তা কি তারা দেখে না? একজন বিজেপি বিধায়কের ছেলে এতে জড়িত।

## ছত্তিশগড়ের কোরবায় বেআইনী মদ তৈরি করতে গিয়ে মৃত্যু

কোরবা, ৫ আগস্ট ঃ ছত্তিশগড়ের কোরবায় বেআইনী মদ তৈরি করতে গিয়ে মৃত্যু হল এক ব্যক্তির। কোরবা শহরের সীতামারহি এলাকায় নির্মাণাধীন একটি সেপটিক ট্যাঙ্কে মহুয়া.মদ তৈরির বেআইনি কাজের অভিযোগ উঠেছে বাড়ির মালিকের বিরুদ্ধে।সূত্রের তরফে জানা গিয়েছে, নির্মানকার্য চলছিল এমন একটি সেপ্টিক ট্যাঙ্ককে নিরাপদ ভেবে সেখানে মহুয়া মদ তৈরির কাজ চলছিল বলে অভিযোগ। মহুয়া মদটি তুলতে একজন ১০ ফুট গভীর ট্যাঙ্কে নামেন, তারপরেই ট্যাঙ্কের ভেতরে অজ্ঞান হয়ে তার মৃত্যু হয়। মৃতের নাম নরেন্দ্র কুমার সাহিস(৩০)।পুলিশ সূত্রে জানা গিয়েছে, ১০ ফুট গভীর ট্যাঙ্কে নেমে নরেন্দ্র অজ্ঞান হয়ে পড়ে। এরপর গুড্ডু ও বিহারী যাদব নামক আরও দুজনও ট্যাঙ্কে নেমে অজ্ঞান হয়ে যায়। এরপর এলাকায় তা নিয়ে চাঞ্চল্যের সৃষ্টি হয়। স্থানীয় লোকজন কোনোমতে তিনজনকে ট্যাঙ্ক থেকে বের করে চিকিৎসার জন্য নিয়ে যায়। সেখানে চিকিৎসক নরেন্দ্র সাহিসকে মৃত বলে ঘোষণা করে। গুড্ডু ও বিহারী যাদব-এর চিকিৎসা চলছে। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি খতিয়ে দেখে ঘটনার তদন্ত শুরু করেছে।

## পাটনা বিমাবন্দরে জরুরি অবতরণ দিল্লিগামী ইন্ডিগো বিমানের, সমস্ত যাত্রী সুরক্ষিত

পাটনা, ৫ আগস্ট ঃ বিহারের পাটনা বিমানবঃদরে জরুরি অবতরণ করল দিল্লিগামী ইন্ডিগোর একটি বিমান। গত শুক্রবার সকালে পাটনা বিমানবন্দরে জরুরি অবতরণ করে ইন্ডিগোর ৬ই ২৪৩৩ দিল্লিগামী বিমান। ইন্ডিগোর পক্ষ থেকে জানানো হয়েছে, পাটনা বিমাবন্দর থেকে উ।।নের ৩ মিনিটের মধ্যেই পাইলট বুঝতে পারেন একটি ইঞ্জিন ঠিক মতো কাজ করছে না। কোনও রকম ঝুঁকি না নিয়ে বিমানটি পাটনা বিমানবন্দরেই অবতরণ করানোর সিদ্ধান্ত নেন তিনি।ইন্ডিগো কর্তৃপক্ষ জানিয়েছে, গত শুক্রবার সকাল ৯.১১ মিনিট নাগাদ পাটনা বিমানবন্দরে জরুরি অবতরণ করে ইন্ডিগোর ৬ই ২৪৩৩ দিল্লিগামী বিমানটি। পাটনা বিমানবন্দরের ডিরেক্টর জানিয়েছে, বিমাবন্দরে অন্যান্য বিমান স্বাভাবিকভাবেই ওঠানামা করছে। দিল্লিগামী বিমানে ১৮০ জন যাত্রী ছিলেন বলে জানা গিয়েছে এবং সকলেই সুরক্ষিত রয়েছেন।

## ভারী বৃষ্টিতে আবারও স্বস্তি পেল রাজধানী, জলও জমল দিল্লির নানা অংশে

নয়াদিল্লি, ৫ আগস্ট ঃভারী বৃষ্টিতে আবারও স্বস্তি পেল রাজধানী দিল্লি। শনিবার ভোররাত থেকে প্রবল বৃষ্টি শুরু হয় রাজধানীতে। বৃষ্টি চলতে থাকে সকাল পর্যন্ত। শহরের বেশ কিছু অংশে ভারী বৃষ্টির শব্দে এদিন ঘুম ভেঙেছে দিল্লিবাসীর। একনাগাড়ে বৃষ্টির জেরে দিল্লির নানা অংশে জলও জমে গিয়েছে। বৃষ্টির কারণে দিল্লির বদরপুর মেট্রো স্টেশনের কাছে রাস্তায় জল জমে যায়।শনিবার সকালেও বৃষ্টি চলতে থাকে দিল্লির বসন্ত বিহার, আর কে পুরম প্রভৃতি এলাকায়। বৃষ্টির সৌজন্যে শুষ্ক ও ঘর্মাক্ত গরম থেকে রেহাই পেয়েছেন দিল্লিবাসী। দিল্লির আবহাওয়া আবারও হয়ে উঠেছে মনোরম। কোথাও কোথাও জল জমে যাওয়ায় রাস্তায় ধীর গতিতে চলাচল করে যানবাহন।

## কুলগামে জঙ্গিদের সঙ্গে সংঘর্ষে ৩ সেনা জওয়ানের মৃত্যু, এডিজিপি বললেন অভিযান জোরদার করা হয়েছে

শ্রীনগর, ৫ আগস্ট ঃ জম্মু ও কাশ্মীরের কুলগাম জেলায় সন্ত্রাসবাদীদের সঙ্গে সংঘর্ষে প্রাণ হারিয়েছেন ভারতীয় সেনাবাহিনীর ৩ জন জওয়ান। শুক্রবার সন্ধ্যায় দক্ষিণ কাশ্মীরের কুলগাম জেলার হালান বনাঞ্চল এলাকায় এই এনকাউন্টার শুরু হয়। জঙ্গিদের গুলিতে গুরুতর জখম হয়েছিলেন এই ৩ সেনা জওয়ান, পরে তাঁরা মৃত্যুর কোলে ঢলে পড়েন।এই এনকাউন্টার প্রসঙ্গত কাশ্মীরের এডিজিপি বিজয় কুমার বলেছেন, সন্ত্রাসবাদীদের খুঁজে বের করতে অভিযান আরও জোরদার করা হয়েছে। একইসঙ্গে তিনি বলেছেন, এনকাউন্টারস্থল ঘন বনাঞ্চল, অন্ধকার ও দুর্গম হওয়ার কারণে অভিযানে বিঘ্ন হচ্ছে। শনিবার সকালের আলো ফুটতেই ফের শুরু হয় তল্লাশি অভিযান। জঙ্গিরা সম্ভবত ওই এলাকাতেই লুকিয়ে রয়েছে।

# অনুমানের উপর ভিত্তি করে তদন্ত করা যায় না, দাবি বিচারপতির

কলকাতা, ৫ আগস্ট ঃ ইডির তদন্তের গতি দেখে সন্তুষ্ট নয় আদালত। নিয়োগ দুর্নীতিতে তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের রক্ষাকবচের মামলায় শুক্রবার কলকাতা হাই কোর্টের বিচারপতি তীর্থঙ্কর ঘোষের পর্যবেক্ষণ, অনুমানের উপর ভিত্তি করে তদন্ত করা যায় না।বিচারপতির বক্তব্য, সাড়ে ৩০০ কোটি টাকার দুর্নীতি হয়েছে বলে দাবি করেছে ইডি। কিন্তু তারা নিয়োগ দুর্নীতিতে ধৃত প্রাথমিক শিক্ষা পর্ষদের অপসারিত সভাপতি মানিক ভট্টাচার্যের কাছ থেকে মাত্র ২.৯ অর্থা প্রায় ৩ কোটি টাকা উদ্ধার করতে পেরেছে।বিচারপতির পর্যবেক্ষণ, ‘ কিছুই কল্পনার উপর দাঁড়িয়ে আছে।’’ তাঁকে চাপ দিয়ে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেকের নাম বলানোর চেষ্টা করছে ইডি ও সিবিআই, এমন অভিযোগ করে জেল থেকে চিঠি দিয়েছিলেন তৃণমূলের বহিষ্কৃত যুব নেতা কুন্তল ঘোষ।সেই চিঠি সংক্রান্ত মামলায় অভিষেকের বিরুদ্ধে করা ইডির মামলায় (ইসিআইআর) রক্ষাকবচ চেয়ে এবং ওই মামলা খারিজের আবেদন জানিয়ে অভিষেক পাল্টা যে মামলা করেছিলেন, তার শুনানি বৃহস্পতিবার অসম্পূর্ণ ছিল।শুক্রবার সেই মামলায় ইডির আইনজীবী এম ভি রাজুর দাবি, ‘ কৃষ্ণ ভদ্র (ইতিমধ্যেই গ্রেফতার)-র ফোন থেকে একাধিক প্রভাবশালী ব্যাক্তির কথোপকথনের প্রমাণ পাওয়া গিয়েছে। কুন্তল, সুজয়ের কাছ থেকে পাওয়া একাধিক নথি থেকে প্রভাবশালীদের যোগসূত্র পাওয়া যাচ্ছে।ইডির আইনজীবীর বক্তব্য, ইডি বলছে না অভিষেক বন্দ্যোপাধ্যায়ের যোগ রয়েছে। কিন্তু যোগ তো থাকতেই পারে! তদন্ত হোক। দেখা যাক। ইডিকে তদন্ত করতে দিতে বাধা কোথায়?’’ মামলাকারী সৌমেন নন্দীর আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য বলেন, অভিষেক শুধুমাত্র ইডির ইসিআইআর খারিজের জন্য এই মামলা করেননি, তাঁকে যাতে কোনও প্রকার তদন্তে নিযুক্ত করা না হয়, তার জন্যেই তিনি এই মামলা করেছেন।ইডির আইনজীবী আরও জানান, মানিকবাবুর সঙ্গে সুজয়ের ফোনালাপ-এর যে রেকর্ড ইডি পেয়েছে তার ভিত্তিতে অভিষেককে জিজ্ঞাসাবাদ করতে চাইছে ইডি। সুজয় অভিষেকের আর্থিক দিক দেখভাল করতেন। ইডি চিঠি পাঠিয়ে অভিষেককে জানিয়েছে, অন্য কোনও বিষয়ে নয়, তারা শুধুমাত্র নিযো়গ দুর্নীতি সম্পর্কেই তাঁকে জিজ্ঞাসাবাদ করতে চায়।উল্লেখ্য, বৃহস্পতিবার অভিষেকের আইনজীবী অভিষেক মনু সিঙ্ঘভি আদালতে জানান, তাঁর মক্কেল নিয়োগ মামলায় অভিযুক্ত নন। তা সত্ত্বেও তদন্তকারী সংস্থার সঙ্গে তিনি পূর্ণ সহযোগিতা করেছেন। তাই এখন মামলাটি থেকে তাঁকে নিষ্কৃতি দেওয়া হোক। মামলার চূড়ান্ত রায় আগামী ১৭ অগস্ট হবে বলে আদালত জানিয়েছে।

## চিনকে স্পর্শকাতর সামরিক তথ্য দেওয়ার অভিযোগে গ্রেফতার দুই মার্কিন নাবিক

ওয়াশিংটন, ৫ জুলাই ঃ চিনকে স্পর্শকাতর সামরিক তথ্য দেওয়ার অভিযোগে মার্কিন নৌবাহিনীর দুই নাবিককে গ্রেফতার করা হযেছে। ধৃতদের বিরুদ্ধে বেইজিংয়ের কাছে যুদ্ধ জাহাজ ও অস্ত্র ব্যবস্থা সম্পর্কিত গোপন তথ্য বিক্রি করার অভিযোগের পাশাপাশি রাডার সিস্টেম ও সামরিক মহ।ার পরিকল্পনার খুঁটিনাটিও চিনকে জানানোর অভিযোগ উঠেছে।মার্কিন নৌবাহিনীর বাহিনীটির কর্মকর্তারা বলেছেন, মার্কিন সামরিক বাহিনীর সংবেদনশীল তথ্যের ছবি ও ভিডিওর বিনিময়ে প্রায় ১৫ হাজার ডলার নিয়েছেন ২৬ বছর বযসী ওয়েনহেং ঝাও। তার বিরুদ্ধে ষড়যন্ত্র ও ঘুষ নেওযা়র অভিযোগ আনা হযেছে।এছা।। মার্কিন নৌবাহিনীর নাবিক জিনচাও ওয়েই’র বিরুদ্ধে হাজার হাজার ডলারের বিনিময়ে চিনের কাছে জাতীয় প্রতিরক্ষা তথ্য পাঠানোর ষড়যন্ত্রের অভিযোগ আনা হয়েছে।এ বিষয়ে সান দিয়েগোতে সহকারী অ্যাটর্নি জেনারেল ম্যাট ওলসেন সাংবাদিকদের বলেছেন, তাদের এমন কর্মকাণ্ডের কারণে ‘ সামরিক বাহিনীর অনেক সংবেদনশীল তথ্য চিনের হাতে চলে গেছে’।বাহিনীটি জানায়, বেইজিংয়ের কাছে যুদ্ধ জাহাজ ও অস্ত্র ব্যবস্থা সম্পর্কিত গোপন তথ্য বিক্রি করার অভিযোগে মার্কিন নৌবাহিনীর দুই সদস্যকে গ্রেফতার করা হয়েছে। এছাড়া একটি রাডার সিস্টেম ও সামরিক মহড়ার পরিকল্পনার খুঁটিনাটিও তারা চিনকে জানিয়েছেন।মার্কিন কর্মকর্তারা জানান, গ্রেফতারকৃত ঝাও বেইজিংয়ের কাছে ইন্দো-প্যাসিফিক অঞ্চলে মার্কিন সামরিক মহড়ার পরিকল্পনার কথা ফাঁস করে দেন। এছাড়া তিনি জাপানের ওকিনাওয়ার মার্কিন সামরিক ঘাঁটিতে থাকা একটি রাডার সিস্টেমের বিস্তারিত তথ্য বেইজিংকে দিয়েছেন।

## আগরতলা পুর নিগমে ৩৯৭ কোটি টাকার ব্যয় বরাদ্দের প্রস্তাব পেশ করলেন মেয়র

আগরতলা, ৫ আগস্টঃগত শুক্রবার ২০২৩-২৪ অর্থবছরের পূর্ণাঙ্গ ব্যয় বরাদ্দের প্রস্তাব আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার পেশ করলেন। ব্যয় বরাদ্দের পরিমাণ ৩৯৭ কোটি টাকা। এর মধ্যে ঘাটতি ব্যয় ৫৫ লক্ষ ২২ হাজার টাকা। বাজেট পেশের পর মেয়র দীপক মজুমদার জানান আগরতলা শহরের সার্বিক উন্নয়নের স্বার্থে এবং সব ধরনের মৌলিক চাহিদা সামনে রেখে পূর্ণাঙ্গ বাজেট পেশ করা হয়েছে। সার্বিক উন্নয়নের জন্য ৩৯৭ কোটি টাকা ধরা হয়েছে। এরমধ্যে ৫৫ লক্ষ্য ২২ হাজার টাকা ঘাটতি রয়েছে। এই ঘাটতি মেটাতে বিভিন্নভাবে কর বাড়িয়ে মেটানোর চেষ্টা করা হবে বলে জানিয়েছেন মেয়র।২০২১-২২ সালে বাজেটে আয় ধরা হয়েছিল ২৪৪ কোটি ৭৭ লক্ষ ৬৮ হাজার টাকা। ২০২২-২৩ অর্থবছরে আয় ধরা হয়েছিল ৩৬৬ কোটি ৪০ লক্ষ ৮৯ হাজার টাকা। ২০২৩-২৪ অর্থবছরে আয় ধরা হয়েছে ৩৯৬ কোটি ৪৪ লক্ষ ৭৮ হাজার টাকা। সুতরাং আয় এবং ব্যয়ের মধ্যে এ বছর ৫৫ লক্ষ টাকা ঘাটতি রয়েছে। তবে বিগত অর্থবছর থেকে আয় এ বছর বেড়েছে। আগামী ১০ আগস্ট এ বাজেট কর্পোরেটরদের উপস্থিতিতে গ্রহণ করা হবে। যারা স্বাধীনতা আন্দোলনে অংশ নিযে়ছিলেন বা দেশের জন্য আত্মবলিদান করেছেন এর মধ্যে যাদের পরিবার আগরতলা শহরে বসবাস করে তাদের জন্য ১০ শতাংশ কর ছাড় দেওযা.হয়েছে।মেয়র দীপক মজুমদার আরও জানিয়েছেন, এই বাজেটে আগরতলা পুর নিগম দ্বারা মেরি মিট্টি মেরে দেশ প্রকল্পের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই অনুষ্ঠান হবে আগামী ১৬ আগস্ট থেকে ২০ আগস্ট পর্যন্ত। ১৪ আগস্ট আগরতলা এলবার্ট এক্কা পার্কে এর আনুষ্ঠানিক উদ্বোধন হবে। সেখানে বাংলাদেশের মুক্তিযুদ্ধের কাহিনী তুলে ধরা হবে। সমস্ত পুর ওয়ার্ডে এই সংকল্প নেওয়া হবে। সমস্ত ওয়ার্ডে পতাকা উত্তোলন করা হবে এবং জলাশয় বা তসন্নিহিত স্থান ওয়ার্ড অফিসের থেকে মাটি সংগ্রহ করতে হবে। এলবার্ট এক্কা পার্কে এই আগরতলা পুর নিগমের মূল অনুষ্ঠানের আয়োজন হবে। মুক্তিযোদ্ধা, প্রতিরক্ষা কর্মী, রাজ্য পুলিশের কর্মরত বা যারা শহীদ হয়েছেন তাদের পরিবার বর্গদের সম্মান প্রদান করা হবে বলে জানিয়েছেন পুর নিগমের মেয়র।

## পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,৬আগষ্টঃরবিবার, ২০শ্রাবণ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ৬আগষ্ট ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ ২০ শ্রাবণ মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ২০ শ্রাবণ মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ২০ শ্রাবণমাস ১৯৪৪, মৈতৈঃ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্নাপূজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

## আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩.১ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৬.০১এডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯০শতকরা এবং ৫৭শতকরা। বৃষ্টি হয়েছে বুধবার । জোয়ার-সকাল ১১টা ২০ মিনিট এবং রাত৭টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৯টা ২০মিনিট। রাত-৭টা ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৪ টা ৫৯মনিটে এবং সূর্য অস্ত যাবেঃ ৬ টা ২০ মিনিটে।

## রাশিফল

**মেষরাশিঃ**জটিল পরিস্থিতিতে ঘাব।ে যাবেন না। খাবারের স্বাদের জন্য যেমন নুন দায়ী তেমনি একটু অশান্তি না থাকলে সুখের গুরুত্ব বোঝা যায় না। শুভদিন।
**বৃষভ রাশিঃ**আপনি আপনার জীবনে দীর্ঘ সময় ধরে সম্মুখীন হওয়া উত্তেজনা এবং চাপ থেকে পরিত্রাণ পেতে পারেন। শুভদিন
**মিথুন রাশিঃ**নিজেকে আরো আশাবাদী হতে প্রেরণা জোগান। এটি প্রত্যয় এবং নমনীয়তা বাড়িয়ে তোলে, কিন্তু একই সময়ে এটিকে ভয়, ঘৃণা, হিংসা এবং প্রতিশোধের মত নেতিবাচক হবে
**কর্কট রাশিঃ**কোন শারীরিক যন্ত্রণায় ভোগা আজ প্রবলভাবে সম্ভাব্য। কোন শারীরিক বলপ্রয়োগ করা থেকে বিরত থাকুন যা আপনার শরীরের উপর আরো চাপ দেবে। সংসারে শান্তি
**সিংহ রাশিঃ**আপনি অন্যদের সমালোচনার অভ্যাসের জন্য সমালোচিত হবেন। আপনি আপনার অনুভূতি নিয়ন্ত্রণে রাখুন এবং আত্মভরিতা কমান ও আপনি সাঙ্কেতিক মন্তব্য বন্ধ করে একটি ভাল অবস্থানে থাকুন।।
**কন্যা রাশিঃ**প্রত্যেক মানুষের কথায় কান দিন, আপনি হয়তো আপনার সমস্যার সমাধান খুঁজে পেতে পারেন। টাকাপয়সা লাভ আপনার প্রত্যাশামাফিক হবে না।
**তুলা রাশিঃ**আশাবাদী হোন এবং উজ্জ্বল দিকটি দেখুন। সংসারে শান্তি। বিবাহের যোগ হবেই।
**বৃশ্চিক রাশিঃ**বাড়িতে অতিথি আসতে পারে আজকে। শুভদিন
**ধনু রাশিঃ**স্বাস্থ্য সুন্দর থাকবে। আপনার আজ অ্যালকোহল বা এ জাতীয় কোনও খাবার গ্রহণ
**মকর রাশিঃ**উচ্চ ক্যালোরির খাবার এড়িয়ে চলুন এবং আপনি শরীরচর্চায় লেগে থাকুন।
**কুম্ভ রাশিঃ**অত্যন্ত প্রভাবশালী ব্যক্তিদের সমর্থন আপনার সাহসকে এক বড় উৎসাদানহবে
**মীন রাশিঃ**নিজে নিজে ওষুধ খাবেন না কারণ এতে ওষুধ নির্ভরতা বাড়ে। আপনার অস্থাবর সম্পত্তি যে কোনও আজই চুরি করতে পারে। অতএব, আপনি

# ২০২৪ সালের মার্চ মাসের মধ্যে ডিম উপাদনে স্বনির্ভর হবে রাজ্য

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ আগস্ট ঃ ২০২৪ সালের মার্চ মাসের মধ্যে ডিম উপাদনে স্বনির্ভর হয়ে উঠবে রাজ্য। পশ্চিমবঙ্গ সরকারের এক প্রেস বিবৃতিতে শনিবার একথা জানানো হয়েছে। বিবৃতিতে বলা হয়েছে, ২০২৪-২৫ সাল থেকেই আমাদের রাজ্য দেশের অন্যান্য প্রান্তে ডিম রপ্তানি করবে। কেন্দ্রীয় সরকারের দেওয়া তথ্য অনুযায়ী বর্তমানে পশ্চিমবঙ্গ দেশের মধ্যে চতুর্থ সর্বাধিক ডিম উপাদনকারী রাজ্য। দেশে সর্বাধিক পরিমাণে ছাগলের মাংস এই রাজ্যে উপাদিত হয়। সামগ্রিকভাবে মাংস উপাদনের নিরিখে দেশে পশ্চিমবঙ্গের স্থান তৃতীয়। পোলট্রির মুরগির ডিম সবচেয়ে সস্তা প্রাণিজ প্রোটিনের উৎস। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ২০২১ সালের অক্টোবরে নির্দেশ দেন, এখন থেকে রাজ্য সরকার ডিম উপাদনে অধিক গুরুত্ব দেবে। নির্দিষ্ট সময়ের মধ্যে যাতে পশ্চিমবঙ্গ ডিম উপাদনে স্বনির্ভর হয়ে ওঠে, সেজন্য বিশেষ উদ্যোগ নেওয়া হবে। বেশ কয়েক বছর ধরে রাজ্যে ডিমের চাহিদা বাড়ছে। মিড ডে মিল ও আইসিডিএস কেন্দ্রগুলিতে বর্তমানে বিপুল পরিমাণে ডিম লাগে। প্রতি বছর পশ্চিমবঙ্গে ১৪৪০ কোটি ডিম প্রয়োজন হয়। ২০২০-২১ সালে রাজ্যে প্রতি বছর ৪০০ কোটি ডিম আমদানি করতে হত। বর্তমানে ডিমের উপাদন বৃদ্ধি পাওয়ায় বছরে মাত্র ৬৫ কোটি ডিম আমদানি করতে হচ্ছে। ব্যক্তিগত উদ্যোগে যাঁরা পোলট্রির ব্যবসা করেন এবং মহিলাদের যে স্বনির্ভর গোষ্ঠীগুলি পোলট্রির ব্যবসা করে, তাদের জন্য বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। তিন গুণ। ২০১৮-১৯ সালে পোলট্রির জন্য ৩৩ কোটি টাকা বাজেট বরাদ্দ হয়েছিল। ২০২৩-২৪ সালের বাজেটে সেই অর্থের পরিমাণ হয়েছে ১১১ কোটি। গত দু'বছরে পোলট্রিতে ১৪ লক্ষ লোকের কর্মসংস্থান হয়েছে। পোলট্রিতে বেসরকারি বিনিয়োগও বাড়ছে। ওয়েস্ট বেঙ্গল ইনসেনটিভ স্কিম অনুযায়ী এখনও পর্যন্ত তৈরি হয়েছে ১৫৬ টি বেসরকারি পোলট্রি। তার মধ্যে ১০৭ টি পোলট্রিতে ইতিমধ্যেই উপাদন শুরু হয়েছে। তারা প্রতি বছর ১৪১ কোটি ডিম উপাদন করে। বাকি পোলট্রিগুলি চলতি আর্থিক বছরেই উপাদন শুরু করবে বলে আশা করা হচ্ছে। তারা প্রতি বছর ৮৬ কোটি ডিম উপাদন করবে।

# হাওড়ার চাঁদমারি ঘাটে স্নান করতে নেমে তলিয়ে গেল দুই যুবক

দুরন্ত বার্তা, হাওড়া, ৫ আগস্ট ঃ আসানসোলের দুই যুবক হাওড়ার চাঁদমারি ঘাটে স্নান করতে নেমে তলিয়ে গেলেন জোয়ারের স্রোতে। গঙ্গায় স্নান করতে নেমে জলে জোয়ারের স্রোতে তলিয়ে গেল দুই যুবক। শনিবার সকালে ঘটনাটি ঘটেছে হাওড়ার গোলাবাড়ির চাঁদমারি ঘাটে। জানা গেছে, আসানসোলের বাসিন্দা ৩ যুবক এদিন গঙ্গার ঘাটে এসেছিল স্নান করার জন্য। সেই সময় এদের তিনজনের মধ্যে দু'জন জলে নেমে তলিয়ে যায়। খবর পেয়ে গোলাবাড়ি থানার পুলিশ ঘটনাস্থলে আসে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। গোলাবাড়ি থানা সূত্রে জানা গেছে, আসানসোলের ধ।কার বাসিন্দা অরিজি সরকার (১৮), আসানসোলের মহিশিলার বাসিন্দা ইন্দ্রজি মাহাতো (২১) এবং আসানসোলের চিলিডাঙার বাসিন্দা সৌমেন দার (২০) নামের তিন যুবক শনিবার সকালে আসানসোল থেকে কলকাতায় বেড়াতে এসেছিলেন। ইন্দ্রজি মাহাতো ও সৌমেন দার হাওড়া চাঁদমারি ঘাটে স্নান করতে নেমে গঙ্গায .জলের স্রোতে তারা ভেসে যান। তাদের বিকেল পর্যন্ত খুঁজে পাওয়া যায়নি। আরেক যুবক অরিজি সরকারকে ট্রাফিক গার্ড অফিসে নিয়ে এসে জিজ্ঞাসাবাদ করা হয়। এই ঘটনার পর রিভার ট্রাফিক পুলিশ, নর্থ পোর্ট থানাকে খবর দেওয়া হয়। ডিজাস্টার ম্যানেজমেন্ট টিমকেও ডাকা হয়। শনিবার বিকেল পর্যন্ত নিখোঁজ দুই যুবকের খোঁজ মেলেনি।

# এলাকা দখল ঘিরে শাসক দলের গোষ্ঠীদ্বন্দ্ব, ব্যাপক উত্তেজনা বেলুড়ে

দুরন্ত বার্তা, হাওড়া, ৫ আগস্ট ঃ এলাকা দখল ঘিরে শাসক দলের গোষ্ঠীদ্বন্দ্ব। ব্যাপক উত্তেজনা হাও।ার বেলুড়ে। ঘটনায় প্রকাশ, বেলু।রে অম্বিকা জুটমিলের কাছে লালাবাবু সায়র রোডে ওই ঘটনা ঘটে। এলাকা দখলকে কেন্দ্র করে তৃণমূলের দুই পক্ষের সংঘর্ষ হয় বলে অভিযোগ। হামলার অভিযোগ তৃণমূলের ওয়ার্ড সভাপতির বাড়িতেও। দু'পক্ষই একে অপরের বিরুদ্ধে তোলাবাজির অভিযোগ তুলেছে। লাঠিসোঁটা ইট নিয়ে পরস্পরের বিরুদ্ধে হামলার অভিযোগ উঠেছে এই ঘটনায়। ঘটনাস্থলে বিশাল পুলিশ বাহিনী ও র‍্যাফ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। বিকেল পর্যন্ত এই ঘটনায় কেউ গ্রেপ্তার হয়নি।

# ডানকুনিতে গোডাউন ভাড়া করে চলত প্রতারণার কারবার

বনস্পতি দে, ডানকুনি, ৫ আগস্ট ঃ ডানকুনিতে গোডাউন ভাড়া করে চলত প্রতারণার কারবার। গোপন সূত্র মারফত খবর পেয়ে শুক্রবার ডানকুনিতে কয়েকশো কোটি টাকার প্রতারণা চক্রের পর্দাফাঁস করলেন চঃদননগর পুলিশের গোয়েঃদারা। ঘটনাটি ঘটেছে ডানকুনি থানা এলাকার চাকুঃদিতে। সেখানে এক ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্সের গোডাউনে হানা দেয় পুলিশ। অতর্কিত এই হানায় আটজনকে গ্রেফতার করেছে চঃদননগর পুলিশ। জানা যায়, বিদেশে বিভিন্ন গ্রাহকদের অনলাইন প্রতারণার ফাঁদে ফেলে কোটি কোটি টাকা হাতিয়ে নেওয়া হয়েছে। এদেশে যখন রাত, পাশ্চাত্য দেশগুলিতে তখন দিন। তাই রাতের বেলায় গোডাউনের ভিতরে বসে চলত এই অসাধু চক্র। ডানকুনি থানার আইসি তাপস সিনহার কাছে গোপন সূত্র মারফত আগে থেকেই খবর ছিল যে ওই ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্সে একটি গোডাউন ভাড়া করেছিল কয়েকজন যুবক। রাতের বেলা গাড়ি নিয়ে গোডাউনে ঢুকত। তারপর সারারাত ধরে লোক ঠকানোর কারবার চালিয়ে দিনের আলো ফোটার আগেই গোডাউন থেকে বেরিয়ে যেত তারা। রাত ৮টা থেকে ভোর ৪টে পর্যন্ত কাজ চলত সেখানে। পুলিশ সূত্রে খবর, কম্পিউটার মেরামতের কাজের কথা বলে ওই গোডাউনটি ভাড়া নেওয়া হয়েছিল। ওই গোডাউনের ভিতরের কাজকর্ম কেন শুধু রাতের বেলাতেই হয়, তা নিয়ে সংঃদহ জাগে পুলিশের মনে। গোপনে ওই গোডাউনের খোঁজখবর নিতে থাকেন আইসি। সেখানে কর্মরত যুবকদের গতিবিধির উপরও নজর রাখা হয়। পুলিশ সূত্রে খবর, বিভিন্ন অনলাইন বিপণী সংস্থার ভুয়ো মেল থেকে লোভনীয় সব অফার পাঠানো হত বিদেশি নাগরিকদের কাছে। আর সেই টোপে পা দিলেই সর্বনাশ। লিঙ্কে ক্লিক করলেই ব্যাঙ্ক অ্যাকাউঃট হ্যাক করে মোটা অঙ্কের টাকা হাতিয়ে নিত বলে অভিযোগ। জানা যাচ্ছে, এই প্রতারণার কাজে একটি বড় চক্র জড়িয়ে রয়েছে। ডানকুনি থেকে দিল্লি পর্যন্ত বিভিন্ন জায়গায় এই লোক ঠকানোর কারবারের এজেঃট ছড়িয়ে রয়েছে বলে পুলিশ সূত্রে খবর। এমন অনেক ব্যাঙ্ক অ্যাকাউঃটেরও সন্ধান মিলেছে বলে পুলিশ সূত্র মারফত জানা যাচ্ছে। সূত্র মারফত আরও জানা যাচ্ছে, কয়েক ঘণ্টার জেরাতেই উঠে এসেছে, এই প্রতারণার কারবারের সঙ্গে কয়েকশো কোটি টাকা জড়িয়ে রয়েছে।

# হুগলির সিঙ্গুরে সেপটিক ট্যাঙ্কে কাজ করতে নেমে প্রাণ হারালেন দু'জন

দুরন্ত বার্তা, হুগলি, ৫ আগস্ট ঃ সেপটিক ট্যাঙ্কে কাজ করতে নেমে মৃত্যু দুই শ্রমিকের। শনিবার সকালে ঘটনাটি ঘটেছে হুগলির সিঙ্গুরে। সেখানে রতনপুর গ্রামে একটি নির্মীণমান সেপটিক ট্যাঙ্কে কাজ করতে নেমে প্রাণ হারালেন দু'জন। মৃতদের নাম গণেশ মান্না ও সুব্রত দাস। উভয়েরই বয়স ৪০ বছর। গণেশের বাড়ি সিঙ্গুরে এবং সুব্রতর বাড়ি ধনেখালি এলাকায়। ঘটনার খবর পেয়ে সিঙ্গুর থানার পুলিশ ইতিমধ্যেই ঘটনাস্থলে পৌঁছে যায়। আসে দমকল বাহিনীও। দমকলের কর্মীরা সেপটিক ট্যাঙ্ক থেকে ওই দুই শ্রমিককে অচেতন অবস্থায় উদ্ধার করেন। তারপর পুলিশ দ্রুত তাঁদের নিয়ে যায় সিঙ্গুর গ্রামীণ হাসপাতালে। কিন্তু চিকিৎসক তাঁদের মৃত বলে ঘোষণা করেন। কী কারণে মৃত্যু, তা বুঝতে পুলিশ দেহগুলি ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। জানা যাচ্ছে, রতনপুর গ্রামের একটি বাড়িতে সেপটিক ট্যাঙ্কে কাজ করতে এসেছিলেন ওই দুই শ্রমিক। সেপটিক ট্যাঙ্কটি দুই-তিন মাস আগেই তৈরি হয়েছে। শনিবার সকালে সেপটিক ট্যাঙ্কের ভিতর থেকে তক্তা খুলতে এসেছিলেন তাঁরা। আর এরই মধ্যে এই অঘটন। কীভাবে এই দুর্ঘটনা

ঘটল, তা বুঝে উঠতে পারছেন না গৃহকর্ত্রীও। চন্দনা মাইতি নামে ওই গৃহকর্ত্রী জানাচ্ছেন, প্রথমে সেপটিক ট্যাঙ্কের ঢাকনা খুলে একজন শ্রমিক নীচে নেমেছিলেন। অন্যজন তখন বাইরেই ছিলেন। অপর শ্রমিক বাইরে থেকে বেশ কিছুক্ষণ ডাকাডাকি করেও উত্তর না পাওয়ায়, তিনিও সেপটিক ট্যাঙ্কের ভিতরে ঢোকেন। তারপর দু'জনের কেউই আর উপরে উঠে আসেননি। এরপর খবর দেওয়া হয় দমকল কর্মীদের ও সিঙ্গুর থানায়। দমকলের কর্মীরা এসে সেপটিক ট্যাঙ্ক থেকে ওই দুই শ্রমিককে উদ্ধার করেন। এক দমকলকর্মী জানাচ্ছেন, সম্ভবত সেপটিক ট্যাঙ্কের ভিতরে মিথেন গ্যাস তৈরি হয়েছিল। সেই গ্যাসের কারণেই অচেতন হয়ে পড়েছিলেন দুই শ্রমিক। এরপর পুলিশ তাদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। পরে সিঙ্গুর গ্রামীণ হাসপাতালের চিকিৎসক ওই দুই শ্রমিককে মৃত বলে ঘোষণা করেন।

# কলকাতা-সহ দক্ষিণবঙ্গে ফের গরম বৃদ্ধির সম্ভাবনা

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ আগস্ট ঃ আগামী কয়েকদিন উত্তরবঙ্গের জেলাগুলিতে ভারী বৃষ্টির পূর্বাভাস জারি করল আলিপুর আবহাওয়া দফতর। ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, আলিপুরদুয়ার ও কোচবিহারে। জলপাইগুড়ি, আলিপুরদুয়ার এবং কোচবিহারে আগামী তিন থেকে চার দিন রয়েছে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা।

অন্যদিকে, দক্ষিণবঙ্গে ভারী বৃষ্টিপাতের কোনও সম্ভাবনা আপাতত নেই। কলকাতায় আগামী ২৪ ঘণ্টায় বৃষ্টিপাতের তেমন কোনও সম্ভাবনা নেই। বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টি হলেও হতে পারে। তাপমাত্রাও আগামী কয়েকদিনে বাড়তে পারে। কলকাতা-সহ দক্ষিণবঙ্গে শনিবারই বৃদ্ধি পেয়েছে গরম। এদিন কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮.৫ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২ ডিগ্রি বেশি।

# মনিপুর ইস্যুতে শনিবার জয়নগরের গড়দেওয়ানি তৃণমূল কংগ্রেসের উদ্যোগে ধিক্কার মিছিল

দুরন্ত বার্তা, জয়নগর,৫ আগস্ট ঃ মনিপুর ইস্যুকে সামনে রেখে শনিবার জয়নগরে তৃনমূল কংগ্রেসের ধিক্কার ও প্রতিবাদ মিছিল হয়ে গেল। মনিপুরের নারী

নির্যাতনের বিরুদ্ধে উত্তাল সারা দেশ।এই ইস্যুকে সামনে রেখে ইতিমধ্যে উওাল হয়েছে লোকসভা রাজ্যসভার বিভিন্ন কক্ষ। আর শনিবার এই ইস্যুকে সামনে রেখে জয়নগর ২ নং ব্লকের গড়দেওয়ানি অঞ্চল তৃনমূল কংগ্রেসের উদ্যোগে নতুনহাট থেকে প্রিয়র মোড় পর্যন্ত গড়দেওয়ানি অঞ্চল তৃনমূল কংগ্রেসের সভাপতি শিক্ষক সাহাবুদ্দিন শেখের সভাপতিত্বে ঝাঁটা জুতো নিয়ে ধিক্কার ও প্রতিবাদ মিছিল হয়ে গেল। এদিন এই মিছিলে প্রচুর মহিলা তৃণমূল কংগ্রেসের কর্মীরা অংশ নেন।এ দিনের মিছিলে উপস্থিত ছিলেন শিক্ষক সাহাবুদ্দিন শেখ, সেলিম শেখ,হাসান লস্কর,হারুন রসিদ মোল্লা, মতিয়ার সেখ,হাসনাবানু শেখ,সালমা মোল্লা,সফুরা লস্কর, টিয়া ভুইঁয়া, দিলরুবা সরদার, রুম্পা গাজী, আনোয়ারা সেখ, রোজিনা সেখ,চন্দনা বর সহ আরো অনেকে।এদিন এই মিছিলে প্রধানমন্ত্রীর কুশপুওলিকা পোড়ানো হয়।প্রধানমন্ত্রীর বিরুদ্ধে স্লোগান তোলা হয়।আর এ ব্যাপারে এদিন শিক্ষক সাহাবুদ্দিন শেখ বললেন, মনিপুরের বিজেপি শাসিত রাজ্যে মেয়েদের নিরাপত্তা ব্যবস্থা নেই। নারীদের নিরাপত্তা দিতে ব্যর্থ সরকার। আর এ অমানবিক নির্যাতনের বিরুদ্ধে আমরা প্রতিবাদ করলাম।এদিন বহু মহিলা মহিলা দের এই চরম নির্যাতনের বিরুদ্ধে পথে নেমে প্রতিবাদ দেখালো। ২০২৪ সালে বিজেপিকে ঝাঁটা মেরে সাধারণ মানুষ বার করে দেবে। মার ঝাড়ু মার ঝাড়ু ঝেটিয়ে বিজেপি বিদায় কর এই স্লোগানকে সামনে রেখে এদিন বহু মানুষ ধিক্কার ও প্রতিবাদ জানায়। আর এদিন বকুলতলা থানার পুলিশ নিরাপত্তার মধ্যে দিয়ে মিছিলটি প্রিয়র মোড়ে গিয়ে শেষ হয়।

# দ্বিতীয় হুগলি সেতুতে যুবতীর প্রাণ কাড়ল বেপরোয়া লরি

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ আগস্ট ঃ কলকাতায় ফের দুর্ঘটনা, এবারও ঘাতক সেই লরি! শুক্রবার রাতে দ্বিতীয় হুগলি সেতুতে যুবতীর প্রাণ কাড়ল বেপরোয়া একটি লরি। ফ্লাইওভারে ওঠার মুখে ঘটে যায় দুর্ঘটনা। ওই যুবতী শহরের এক পাঁচতারা হোটেলের কর্মী। মৃত যুবতীর নাম সুনন্দা দাস। তিনি হাওড়ার নেতাজি সুভাষরোডের বাসিন্দা। শুক্রবার রাতে স্কুটিতে চড়ে বাড়ি ফিরছিলেন তিনি। ধর্মতলা অঞ্চলের এক পাঁচতারা হোটেলের পারচেজ ম্যানেজার পদে কর্মরত ছিলেন সুনন্দা। এক সহকর্মীকে আলিপুরে নামিয়ে দিয়ে হাওড়ায় নিজের বাড়িতে ফিরছিলেন সুনন্দা। তখনই ঘটে যায় সেই মর্মান্তিক ঘটনা। রাত তখন ১১টা। খিদিরপুরের দিক থেকে স্কুটারে দ্বিতীয় হুগলি সেতুর দিকে যাচ্ছিলেন ওই যুবতী। পুলিশ সূত্রে খবর, সেই সময় পিছন দিক থেকে একটি লরি যুবতীর স্কুটারে ধাক্কা মারে। পুলিশ সূত্রে খবর, এতে তাঁর শরীরের একাংশ পিষে যায়। সঙ্গে সঙ্গে ছুটে আসেন কর্তব্যরত পুলিশকর্মীরা। আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে এসএসকেএম হাসপাতালে নিয়ে যাওয়া হয় তাঁকে। সেখানে ওই হোটেল কর্মীকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসকরা। হেস্টিংস থানা ঘাতক লরিটিকে আটক করলেও পলাতক চালক।

# রাজ্যের বাছাই করা স্টেশনে উন্নয়নের কাজ শুরু হয়ে যাবে আজ থেকে

সমীর দাস, কলকাতা, ৫ আগস্ট ঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি অমৃত ভারত' স্টেশন স্কিমের অধীনে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের ৫৬টি স্টেশনের পুনঃ উন্নয়নের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ৬ অগাস্ট সমগ্র দেশজুড়ে অমৃত ভারত' স্টেশন স্কিমের অধীনে ৫০৮টি স্টেশনের পুনঃউন্নয়নের জন্য ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। ভারতীয় রেলওয়ের স্টেশনগুলির উন্নয়নের জন্য সম্প্রতি অমৃত ভারত স্টেশন স্কিম চালু করা হয়েছে। পুনঃউন্নয়নের জন্য এই স্কিমের অধীনে এখনও পর্যন্ত ভারতীয় রেলওয়ের ১৩০৯টি স্টেশন চিহ্নিত করা হয়েছে। অমৃত ভারত স্টেশন স্কিমের অধীনে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের মোট ৯১টি স্টেশনকে চিহ্নিত করা হয়েছিল। ৬ অগাস্ট ৫৬টি স্টেশনের পুনঃউন্নয়নের জন্য ভিত্তিপ্রস্তর স্থাপন হবে। ৫৬টি স্টেশনের মধ্যে অসমে ৩২টি, ত্রিপুরায় ৩টি, পশ্চিমবঙ্গে ১৬টি, বিহারে ৩টি এবং নাগাল্যান্ড ও মেঘালয়ে একটি করে স্টেশন অন্তর্ভুক্ত রয়েছে এই প্রকল্পের অধীনে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের অধীনে ৯১টি স্টেশনের পুনঃউন্নয়নের জন্য ৫১০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। তার মধ্যে ১৯৬০ কোটি টাকা এই ৫৬টি স্টেশনের পুনঃউন্নয়নের জন্য ব্যবহার করা হবে। এই স্কিমটি একটি দীর্ঘমেয়াদী পদ্ধতির সঙ্গে অবিচ্ছিন্ন ভিত্তিতে স্টেশনগুলির বিকাশকে পরিকল্পনা করে। তার মধ্যে প্রতিটি স্টেশনের প্রয়োজনীয়তার প্রতি লক্ষ রেখে স্টেশন অ্যাক্সেসের, সার্কুলেটিং এরিয়া, ওয়েটিং হল, টয়লেট, প্রয়োজন অনুসারে লিফটএসকেলেটর, পরিষ্কার-পরিচ্ছন্নতা, বিনামূল্যের ওয়াই-ফাই,স্থানীয় পণ্যগুলির জন্য কিয়স্ক যেমন ওয়ান স্টেশন ওয়ান প্রোডাক্ট' আরও উন্নত যাত্রী তথ্য ব্যবস্থা, এক্সিকিউটিভ লাউঞ্জ, ব্যবসায়িক সভা-সমিতির জন্য মনোনীত স্থান, ল্যান্ডস্কেপিং ইত্যাদি সুবিধার উন্নতির জন্য মাস্টার প্ল্যানের প্রস্তুতি এবং পর্যায়ক্রমে সেগুলির বাস্তবায়ন রয়েছে। স্কিমটির মধ্যে ভবনের উন্নতি, স্টেশনকে শহরের উভয় পাশে একীভূত করা, মাল্টিমোডাল ইন্টিগ্রেশন, দিব্যাঙ্গজনদের জন্য সুযোগ-সুবিধা, স্থায়ী এবং পরিবেশ বান্ধব সমাধান, ব্যালাস্টলেস ট্র্যাকের ব্যবস্থা, প্রয়োজন অনুসারে রুফ প্লাজা', পর্যায়ক্রমে এবং সম্ভাব্যতা এবং দীর্ঘমেয়াদে স্টেশনে সিটি সেন্টার তৈরির পরিকল্পনা করা হয়েছে। গোটা রাজ্যের বাছাই করা স্টেশনে এই কাজ শুরু হয়ে যাবে আগামিকাল থেকেই।

# বাস টার্মিনাস সরানোর পরিকল্পনায় বৈঠক

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ আগস্ট ঃ কলকাতা হাইকোর্টের নির্দেশ মতো ধর্মতলা থেকে বাস টার্মিনাস সরানোর পরিকল্পনা চূড়ান্ত করতে রাজ্যের পরিবহন দফতর এক উচ্চ পর্যায়ের বৈঠকে বসতে চলেছে। সোমবার এই বৈঠকে হওয়ার কথা। প্রশাসনিক সূত্রে খবর, মূলত বেসরকারি বাস পরিবহনের সঙ্গে যারা যুক্ত, তাদেরকে এই বৈঠকে ডাকা হয়েছে। বাস সংগঠনগুলোর দাবি, হাইকোর্টের নির্দেশ মানতেই হবে। কিন্তু ধর্মতলা থেকে বাস টার্মিনাস সরলে যাত্রী পরিষেবা বিঘ্নত হতে পারে। সেই বিষয়টি যাতে পরিবহন দফতর গুরুত্ব দিয়ে বিচার করে তার আর্জি জানিয়েছে বাস মালিকদের একাংশ।

# পুলিশের তৎপরতায় ধৃত দুই ডাকাত

দুরন্ত বার্তা, জয়নগর, ৫ াাগস্ট ঃ ডাকাতির আগেই জয়নগর থানার বহু। হাইস্কুল মাঠ এলাকা থেকে ধৃত ১জনকে শনিবার জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়। শুক্রবার রাতে গোপন সূত্রে খবর পেয়ে জয়নগর থানার আই সি রাকেশ চ্যাটার্জীর নির্দেশে এস আই দিগন্ত মন্ডল ও তাঁর পুলিশ টিমের তৎপরতায় ভেস্তে গেল ডাকাতির ছক। ডাকাতির আগেই হাতে নাতে ধরা ও পড়ে গেল ১ জন। বহড়ু হাইস্কুল মাঠ এলাকা থেকে একজনকে গ্রেফতার করে জয়নগর থানায় নিয়ে আসে জয়নগর থানার পুলিশ শুক্রবার রাতে। ধৃত হলো ইসরাফিল মোল্লা, বাড়ি জয়নগর থানার হরিনারায়ণপুর পাঁচঘড়া এলাকায়। ধৃতকে শনিবার জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়। অন্যদিকে ডাকাতির আগেই জয়নগর থানার নলিকাটা মোড় এলাকা থেকে ধৃত ১জনকে শনিবার জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়। শুক্রবার রাতে গোপন সূএে খবর পেয়ে জয়নগর থানার আই সি রাকেশ চ্যাটার্জীর নির্দেশে এস আই সায়ন ভট্টাচার্য ও তাঁর পুলিশ টিমের তৎপরতায় ভেস্তে গেল ডাকাতির ছক। ডাকাতির আগেই হাতে নাতে ধরা ও পড়ে গেল ১ জন।নলিকাটার মোড় এলাকা থেকে একজনকে গ্রেফতার করে জয়নগর থানায় নিয়ে আসে জয়নগর থানার পুলিশ শুক্রবার রাতে।

# ময়দার বটতলায় পুকুর থেকে চারটি ব্যালট বাক্স ও কিছু ব্যালট পেপার উদ্ধার

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,জয়নগর, ৫ আগস্ট ঃ জয়নগর বিধানসভার ময়দা পঞ্চায়েতের বটতলার একটি পুকুর থেকে শনিবার উদ্ধার হলো চারটি ব্যালট বাক্স ও কিছু ব্যালট পেপার।আর এই ঘটনাকে ঘিরে চাঞ্চল্য ছ।ালো এলাকায়। জয়নগর বিধানসভার অন্তর্গত বকুলতলা থানার ময়দা বটতলা অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চায়েত নির্বাচন ভোট গ্রহন কেন্দ্র ছিল।৮ ই জুলাই ভোট পর্ব চলাকালীন বোমা বাজি ও স্কুলে ভাংচুর, ব্যালট বাক্স পুকুরে ফেলে দেওয়া ও পো।ানোর ঘটনা ঘটে ছিলো।১০ জুলাই পুনরায় ওই বুথে নির্বাচন হয।শাসকদল ও বিরোধী দল একে অপর এর দিকে গন্ডগোলের অভিযোগ জানায়। এই পঞ্চায়েতের বোর্ড গঠন হবে ৮ ই অগাস্ট। আর তার আগে স্কুলের সামনের পুকুর থেকে শনিবার মাছ ধরার জালে চারটি ব্যালট বাক্স ও বেশ কিছু ব্যালট পেপার উদ্ধার হয়। ও বিরোধীদল একে অপরের বিরুদ্ধে দোষ চাপায়। আর বোর্ড গঠনের আগে এই ঘটনায়

বকুলতলা থানার পুলিশ খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে ব্যালট বাক্স ও ব্যালট পেপারের বান্ডিল নিযে. থানায় যায়। আর এই ঘটনায় শাসক রীতিমতো চাঞ্চল্য ছড়ায় এলাকায়।তবে এ ব্যাপারে প্রশাসনের তরফে কোনো মন্তব্য পাওয়া যায় নি।

# রক্ষণাবেক্ষণের জন্য হাওড়া ডিভিশনে ট্রেনের নিয়ন্ত্রণ

কলকাতা, ৫ আগস্ট ঃ রেলওয়েতে ট্র্যাক, সিগন্যাল এবং ওভারহেড ইলেকট্রিফিকেশন রক্ষণাবেক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। নিয়মিত রক্ষণাবেক্ষণ বিঘ্ন এবং বিলম্ব প্রতিরোধে সাহায্য করে, ট্রেনগুলিকে সময়সূচীতে চালানো নিশ্চিত করে এবং জনসাধারণের জন্য একটি নির্ভরযোগ্য পরিবহন পরিষেবা প্রদান করে। রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয়তার কথা মাথায় রেখে হাওড়া-বর্ধমান চর্ড, হাওড়া-ব্যান্ডেল-নৈহাটি, বর্ধমান-হাওড়া, কাটোয়া-আজিমগঞ্জ এবং খনা-গুমানি বিভাগে ০৬.০৮.২০২৩ তারিখে সমন্বিত মেগা ট্র্যাফিক ও পাওয়ার ব্লকের পরিকল্পনা করা হয়েছে ( রবিবার)। ফলস্বরূপ, ট্রেনের নিয়মগুলি নিম্নরূপ হবে। ট্রেন বাতিল- হাওড়া থেকে ৩৬০৩৩, ৩৬৮২৫, ৩৬৮২৭, ৩৭৮২৭, ৩৭২৩১, ৩৭২৩৩, ৩৭২৩৫, ৩৭৬১১, ৩৭২৩৭, ৩৭২৩৯, ৩৭৯১৫। বর্ধমান থেকে ৩৬৮৪০, ৩৬৮৪২, ৩৭৮৩৬, ০৩৫১৯। চন্দনপুর থেকে ৩৬০৩৪। আসানসোল থেকে ০৩৫১৮। ব্যান্ডেল থেকে ৩৭৭৪৯, ৩৭৫৩৬, ৩৭৫৩৮, ৩৭২৪২, ৩৭২৪৪, ৩৭২৪৬, ৩৭২৪৮, ৩৭২৫২। কাটোয়া থেকে ৩৭৭৪৮, ৩৭৯২৪, ০৩০৯৫, ০৩০৯৭। আজিমগঞ্জ থেকে ০৩০৯৬, ০৩০৯৮। নৈহাটি থেকে ৩৭৫৩৫, ৩৭৫৩৭। পান্ডুআহ থেকে ৩৭৬১২। ট্রেনগুলির পুনঃনির্ধারণ (১) ১৩০৩১ হাওড়া থেকে ১২.০৫ টায় পুনরায় নির্ধারিত হবে। ১১.০৫ ঘন্টার পরিবর্তে এবং পথে যথাযথভাবে নিয়ন্ত্রণ করা হবে।(২) ১৩০৫৪ ডাউন রাধিকাপুর থেকে ০৭.৪৫ টায় পুনরায় নির্ধারিত হবে। ০৫.৪৫ ঘন্টার পরিবর্তে। (৩) ১২৩৪৭ আপ হাওড়া থেকে ১২.৩০ টায় পুনরায় নির্ধারিত হবে। ১১.৫৫ ঘন্টার পরিবর্তে।(৪) ১২৩৪৮ ডাউন রামপুরহাট থেকে ১৭.৪০ টায় পুনরায় নির্ধারিত হবে। ১৬.৪০ ঘন্টার পরিবর্তে।(৫) ৩৫০১৭ আপ ১৫.০০ টায় বর্ধমান থেকে পুনরায় নির্ধারিত হবে। ১৪.০০ ঘন্টার পরিবর্তে(৬) ০৩০৫৯ আপ কাটোয়া জং থেকে ১৪.৪৫ ঘন্টায় পুনরায় নির্ধারিত হবে। ১৪.০০ ঘন্টার পরিবর্তে(৭) ০৩০৬১ আপ কাটোয়া জং থেকে ১৫.০০ টায় পুনরায় নির্ধারিত হবে। ১৪.০০ ঘন্টার পরিবর্তে(৮) ৩১১৫১ আপ শিয়ালদহ থেকে ১১.১৫ টায় পুনরায় নির্ধারিত হবে। ১০.১৫ ঘন্টার পরিবর্তে। ট্রেন নিয়ন্ত্রণ(১) আসানসোল বিভাগে ১২৩০৪ ডাউন ১ ঘন্টা নিয়ন্ত্রণ করা হবে।(২) আসানসোল বিভাগে ০১ ঘন্টার জন্য ১৩০১৬ ডাউন নিয়ন্ত্রণ করা হবে।(৩) আসানসোল বিভাগে ৩০ মিনিটের জন্য ০৩১১২ ডাউন নিয়ন্ত্রণ করা হবে।(৪) ১৩০৫৩ আপ ০১ ঘন্টা চলার পথে নিয়ন্ত্রণ করা হবে।(৫) ১২৫০৯ আপ ১ ঘন্টার জন্য নিয়ন্ত্রণ করা হবে।(৬) ১৩০১৫ আপ ০২ ঘন্টা চলার পথে নিয়ন্ত্রণ করা হবে। যাত্রীদের অসুবিধার জন্য গভীরভাবে দু ঃখিত।

# আমতা বিধানসভা কেন্দ্রের কুলিয়া ব্রিজ ভেঙে যাওয়ায় বিপত্তি

মতিযার রহমান, উলুবেড়িযা., ৫ আগস্ট ঃ হাওড়া জেলার আমতা বিধানসভা কেন্দ্রের কুলিয়া ব্রিজ (বাসের সাঁকো) ভেঙে যাওয়ায় ভাটোরা- ঘোড়া বেরিয়া চিনান সহ একাধিক গ্রামের প্রায় ৫০ হাজারের অধিক মানুষের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায় গত বৃহস্পতিবার থেকে। ভুটভুটি নৌকা এখন একমাত্র তাদের পারাপারের ভরসা । উল্লেখ্য গত বৃহস্পতিবার অতি বৃষ্টিতে জলের তোড়ে ভেসে আসা কচুরিপানার ধাক্কায .হাওড়া দীপাঞ্চল ভাটোরা সহ হুগলি ও মেদিনীপুরের যোগাযোগ বিচ্ছিন্নকারী সাতটি পয়েঃটের পাঁচটি বাঁশের সেতু জলে তোড়ে সম্পূর্ণ ভেসে যায়।

যারফলে হাওড়া জেলার মূল ভূখণ্ডের সঙ্গে হুগলি ও পূর্ব মেদিনীপুরের যোগাযোগ বিচ্ছিন্ন হযে.পড়ে । পাঁচ টি বাঁশের পাটাতন দেওযা. বাঁশের মাচাদিযে .যাতাযাত যোগাযোগ বন্ধ হযে .যাওযার ফলে ভাটোরা ও ঘোড়াবেড়িযা. চিনান গ্রাম পঞ্চাযেতের প্রায .পঞ্চাশ থেকে ষাট হাজার বাসিঃদারা বিপদে পড়েযায। টাকিপাড়া,কুলিযা,গাযেনপাড়া, উত্তর ভাটোরা ও দক্ষিণ ভাটোরা এই পাঁচটি বাঁশের মাচা সেতু ভেষে যায। আজ শনিবার কুলিযা. ব্রিজ এর বর্তমান অবস্থা সরেজমিনে পরিদর্শন করতে পৌঁছান কুলিযা. ব্রিজের লড়াইযের জনক তথা আতা কেঃদ্রর প্রাক্তন বিধাযক তথা প্রদেশ কংগ্রেসের সহ সভাপতি অসিত মিত্র ও হাওড়া জেলা কংগ্রেস কমিটির সহ-সভাপতি শেখ হাফিজুর রহমান । অসিত মিত্র সহ কংগ্রেসের প্রতিনিধিগন কুলিযা. ব্রিজ দেখার পর বর্তমানে কুলিযা. ব্রিজ নির্মাণকারী সংস্থা ম্যাকিনটস বার্ন লিমিটেড এর অফিসে দাযিত্বপ্রাপ্ত অফিসারদের সঙ্গে আলোচনা করেন । আলোচনার মধ্যে দিযে .বেরিযে. আসে ব্রিজের কাজে অর্থের যোগানের কথা । আমতার প্রাক্তন বিধাযক অসিত মিত্র বলেন অতীতে তার দীর্ঘ সংগ্রামের কথা এই কুলিযা. ব্রিজ নিযে .বিধানসভা

এবং তার বাইরে । কংগ্রেস নেতা আরো বলেন তকালীন সমযে.অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত একবার দীর্ঘদিন আগে কুলিযা. ব্রিজের শুধুমাত্র ভিত্তি প্রস্তর স্থাপন করেছিলেন । ২০১৩ সালে কুলগাছিযা. এর প্রশাসনিক সভা থেকে মুখ্যমন্ত্রী মমতা বঃদ্যোপাধ্যায . কুলিযা. ব্রিজের শিলান্যাস করেন ও হাওড়া জেলা পরিষদকে দাযিত্ব দেন এবং ন কোটি টাকা অনুমোদন করেন । তারপর দীর্ঘদিন একটি টাকার কাজ না হওযাতে ২০২১ সালে ঠিক বিধানসভা নির্বাচনের আগে কাশমালি ফুটবল গ্রাউন্ডে মন্ত্রী চঃদ্রিমা ভট্টাচার্য ও জেলা পরিষদের সহ-সভাপতি অজয. ভট্টাচার্যের উপস্থিতিতে আজকের আমতা কেঃদ্রের বিধাযক সুকান্ত পাল অর্থ দপ্তরের লিখিত অনুমোদন দেখান ২৩ কোটি ৫২ লক্ষ টাকা কুলিযা. ব্রিজের জন্য । তারপর আবার কিছু না হওযায .ঠিক ২০২৩ সালে পঞ্চাযেত নির্বাচনের আগে আমতা কেঃদ্রের বিধাযক সুকান্ত পাল রাজ্যের পূর্তমন্ত্রী শ্রী পুলক রায মহাশয. কে দিযে .আবার শিলান্যাস করেন । বর্তমানে ব্রিজের কাজ অত্যন্ত ঢিলে গতিতে চলছে । আজকে আবার নির্মাণ সংস্থার অফিসাররা অর্থের যোগানের কথা বলেন । কংগ্রেস নেতা অসিত মিত্র বলেন অবিলম্বে কুলিযা. বীজের প্রকল্পে অর্থের যোগান দিতে হবে এবং দ্রুত বীজের কাজ শেষ করে, দীপাঞ্চলের মানুষের দীর্ঘদিনের কষ্ট কে লাঘব করতে হবে এবং দ্বীপ অঞ্চলকে উন্নযনের মানচিত্রে এগিযে .দিতে হবে ।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
# দুরন্ত বার্তা
২৮ বর্ষ, দৈনিক ২৪৭ সংখ্যা, রবিবার, ২০ শ্রাবণ ১৪৩০

## সংসদে কী ফিরবেন রাহুল গান্ধি?

**সম্পাদকীয় ১**

সংসদের কী ফিরবেন রাহুল গান্ধি তা নিয়ে প্রশ্ন দেখা দিতে শুরু করে দিয়েছে রাজনৈতিক মহলে। তবে ইণ্ডিয়া গোষ্ঠী সুপ্রিম কোর্টের সিদ্ধান্তে খুশি। মোদি পদবি নিয়ে সুরাতের ম্যাজিস্ট্রেট আদালত রাহুল গান্ধিকে দোষী সাব্যস্ত করেছিল। তার ফলে রাহুলের সাংসদ পদ বাতিল হয়ে যায়। রাহুল গান্ধি তারপরে দেশের শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিলেন। সেখানে সুরাতের ম্যাজিস্ট্রেট আদালতের সিদ্ধান্তের ওপরে স্থগিতাদেশ দিয়েছে। সুরাতের ম্যাজিস্ট্রেট আদালত দুই বছরের কারাদণ্ড দিয়েছিল রাহুলকে। সেই সাজার ২৪ ঘণ্টার মধ্যে রাহুলে সাংসদ পদ খারিজ হয়ে যায়। সুরাতের আদালতের সেই সিদ্ধান্তের ওপরে দেশের শীর্ষ আদালত স্থগিতাদেশ জারি করেছে। কংগ্রেস দাবি করতে শুরু করে দিয়েছে যেভাবে দ্রুত গতিতে রাহুলের লোকসভার সদস্য পদ খারিজ করা হয়েছে সেইভাবে দ্রুততার সঙ্গে তাঁকে আবার লোকসভায় ফিরিয়ে নিয়ে আসা হোক। আগামি দিনে লোকসভায় অনাস্থা প্রস্তাবের ওপরে তিন দিনের আলোচনা শুরু হবে। সেখান যাতে রাহুল গান্ধি তাঁর মতামত ব্যক্ত করতে পারে তার জন্য লোকসবার অধ্যক্ষের উচিত হচ্ছে রাহুলকে লোকসভার সদস্য পদটাকে ফিরিয়ে দেওয়া। এদিকে রাহুল গান্ধি মণিপুর নিয়ে মোদি সরকারের বিরুদ্ধে মুখ খুলেছেন। হরিয়ানার হিংসার ঘটনা নিয়েও তিনি কথা বলেছেন। ফলে তাঁকে অনাস্থা প্রস্তাব কালে লোকসভার সদস্য পদ ফিরিয়ে দেওয়া হবে কিনা সেটা নির্ভর করছে লোকসভার অধ্যক্ষের ওপরে। অধ্যক্ষ ওম প্রকাশ এ ব্যাপারে কোনও মত প্রকাশ করেননি। ২০১৯ সালে লোকসভার ভোটের প্রচার করতে গিয়ে রাহুল গান্ধি বলেছিলেন যে সব চোরদের পদবী মোদি হয় কীভাবে? রাহুলের এই মন্তব্যের বিরুদ্ধে মানহানির ফৌজদারি মামলা করেছিলেন বিজেপি দলের বিধায়ক পূর্ণেশ মোদি। দেশের শীর্ষ আদালত বলেছে যে মামলায় দুই বছর কারদণ্ডই সর্বোচ্চ শাস্তি। কেন জামিনযোগ্য, ক্ষমাযোগ্য একটি অপরাধকে সর্বোচ্চ শাস্তি দেওয়া হল তার কোনও ব্যাখ্যা দেওয়া হয়নি। সুরাতের দায়রা আদালত এবং গুজরাতের সর্বোচ্চ আদালতের রায় বহাল রাখলেও তা নিয়ে প্রশ্ন করেনি। দুই বছর কারাদণ্ড সাজার ফলে সাংসদ পদ খারিজ হয়ে যায়। একদিন কম হলে তা কিন্তু হতো না। সুপ্রিম কোর্টের রায় বের হওয়ার পর রাহুল বলেছেন যে জানতাম এক দিন না একদিন সত্য আসবে। দায়িত্ব আমারই থাকলো। এটা হল ভারতের ভাবনাকে রক্ষা করা। এদিকে লোকসভার কংগ্রেস দলের সংসদীয় নেতা অধীর চৌধুরী রাহুল লোকসভার অধ্যক্ষের সঙ্গে সাক্ষাৎ করে রাহুলকে লোকসভায় ফিরিয়ে নিয়ে আসার কথা বলেছেন। এদিকে অনাস্থা প্রস্তাব নিয়ে আলোচনা করার দিন ধার্য করা হয়েছে ৮ আগস্ট থেকে ১০ আগস্ট। কংগ্রেস দল থেকে বলা হয়েছে অনাস্থা প্রস্তাব নিয়ে আলোচনা শুরু হওয়ার আগেই রাহুলেক লোকসভায় ফেরানো উচিত। এদিকে রাহুলের লোকসভার ফেরাটা পুরোপুরি নির্ভর করছে লোকসভার অধ্যাক্ষ ওম প্রকাশ বিড়লার ওপরে। তিনি যা সিদ্ধান্ত গ্রহণ করার করবেন। কিন্তু মনে হচ্ছে অনাস্থা প্রস্তাবের পরই রাহুল লোকসভায় ফিরতে পারেন। তার আগে নয়। মোদির দিকে তাকিয়ে আগে রাহুল গান্ধি বলেছিলেন যে প্রধানমন্ত্রী মোদি তাঁর ওপরে রাগ করতে পারেন। কিন্তু মোদির ওপরে তাঁর কোনও রাগ নেই বা বিদ্বেষ নেই।

## চিনকে পাশে রেখে ভারত লড়বে

**সম্পাদকীয় ২**

ভারত সরকার ফ্রান্স থেকে রাফাল নিয়ে এসে উপস্থিত হল। এই রাফাল কিন্তু চিনের বিরুদ্ধে ব্যবহার করা হবে না। চিন রাফালের চেয়ে আরও উন্নত মানের যুদ্ধ বিমান তৈরি করে ফেলেছে সেটা ভারতের প্রতিরক্ষামন্ত্রক জানে। চিন যে প্রতিরক্ষার ক্ষেত্রে ভারতের চেয়ে বেশ কয়েকগুণ এগিয়ে গিয়েছে সেটা ভারত সরকার জানে বলেই এখন সরাসরি ভারত কোনও রকমভাবে চিন বিরোধী প্রত্যক্ষ ভূমিকা অবতীর্ণ হবে না। চিনকে যতটা সম্ভব হাতে রেখে পাকিস্তানের বিরুদ্ধে লড়াই করাটাই হচ্ছে ভারতের আসল কৌশল। সেটা করতে গোপনে এখন পাকিস্তানের বিরুদ্ধে আগামি দিনে কীভাবে রণসজ্জা প্রস্তুত করা যেতে পারে তা নিয়ে চলছে ব্যাপক আলোচনা। কাশ্মীরটা পুরোপুরি ভারতের অধিকারে থাকবে যা কাশ্মীরের রাজা হরি সিং ইচ্ছা প্রকাশ করে গিয়েছিলেন। কাশ্মীরে ভারতের অধিকারকে খর্ব করে দেওয়ার জন্য স্বাধীনতা পাওয়ার সময়ে হঠাৎ করে পাকিস্তানের সেনারা কাশ্মীর আক্রমণ করে বসে কাশ্মীরের গুরুত্বপূর্ণ অংশগুলো অধিকার করে নেয়। এতকাল ধরে কাশ্মীর নীতি নিয়ে সুর নরম করে চলছিল কেঃন্দ্রীয় সরকার। এবারে আর সেটা হবে না। কাশ্মীর নিয়ে সুর চড়া করতে শুরু করে দিয়েছেন নরেন্দ্র মোদি। তিনি প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংকে বারবার কাশ্মীরে পাঠাচ্ছেন এবং লাদাখে পাঠাচ্ছেন তার একটি মাত্র কারণ হচ্ছে সেখানকার পরিস্থিতি স্বাভাবিক করতে। এমনকী জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভালও কাশ্মীরে বেশ কয়েক মাস ধরে অতিবাহিত করেন। সেখানকার নাগরিকদের সঙ্গে ভারত আগামি দিনে কাশ্মীর নিয়ে কী কৌশল অবলম্বন করতে চায় তার একটি আংশিক ব্যাখ্যা দিয়েছেন। কাশ্মীর এবং লাদাখের মানুষদের স্বাধীন সত্ত্বা দিয়েছে কেন্দ্রীয় সরকার। সেখানকার বিচ্ছিন্নতাবাদীরা এখন আর কোনও রকমভাবে ভারত বিরোধী ব্যাপক আন্দোলন করতে পারছে না। কাশ্মীরের ভূখণ্ডে পাকিস্তানের পতাকা উড়তে দেখা যায় না। আগে প্রায় রাস্তায় পাকিস্তানের পতাকা উড়তে দেখা যেত এবং ভারত ভক্ত কাশ্মীরীরা প্রায় সময়ে জঙ্গিদের দ্বারা আক্রান্ত হতো। সেই সব দিন এখন প্রায় অতীত হয়ে গিয়েছে।

## তন্ত্র সাধক বামাক্ষ্যাপা

তন্ত্র সাধক বামাক্ষ্যাপা বলতেন, জীবনটা যদি শুদ্ধ না হল তাহলে পুজোপাঠ করে কী লাভ। মায়ের শক্তিকে ধারন করতে হবে। জাগরিত করতে হবে মন শক্তিকে। মনের শক্তিকে। মনকে শুদ্ধি করতে হবে। পাপ থেকে মনটাকে দূর করতে হবে। জাগাতে হবে মনের মধ্যে থাকা সৎ শক্তিকে। জাগরিত করতে হবে মানবশক্তি। শুধু নিজেকেই শক্তিধারক বা বাহক করলে চলবে না। সবাইকে শক্তিশালী করার দায়িত্ব গ্রহণ করতে হবে। সবাইকে সুদ্ধাচারে থাকতে হবে। না হলে দেশটা একেবারে পঙ্কিল হয়ে যাবে। শুভ্রতার প্রতীক হতে হবে। জ্ঞান অর্জন করতে হবে। শিক্ষা গ্রহণ করতে হবে। সৎ শিক্ষা গ্রহণ করলে তার একটি মূল্য আছে। জীবন কোনও সময়ে কঠিন হয়ে উঠবে না যদি সেবা ধর্ম পালন করা যায়।

# তিব্বতি পণ্ডিত শরৎ চন্দ্র দাশ কি সত্যি ব্রিটিশ গুপ্তচর ছিলেন?

**রবীন্দ্র কুমার শীল**

দশম শতাব্দীর বাঙালি বৌদ্ধ পণ্ডিত অতীশ দীপঙ্কর আজ থেকে প্রায় এক হাজার বছর আগে তিব্বতে গিয়েছিলেন সেখানকাব সংস্কৃতি-সাহিত্য ও বৌদ্ধ ধর্মের সন্ধানে। তিনি সেখানকার মানুষদের কাছে গুরুর মর্যাদা লাভ করেছিলেন এবং তিনি আবার সেখানেই পরলোকগমন করেন। তারপরে তিব্বতী সম্পর্কে অনুসন্ধিৎসু বাঙালি পণ্ডিত শরৎ চন্দ্র দাশ তিব্বতে যান সেখানকার বৌদ্ধ সংস্কৃতি এবং ধর্মীয় ধ্যান ধারনার জ্ঞানার্জন করতে। তিব্বত বরারই নিজেকে সবার কাছ থেকে আড়াল করে রাখে দিয়েছে। এখনও পর্যন্ত তিব্বতের বহু তথ্য বিশ্বের মানুষের কাছে অজ্ঞাত। চিনকে তিব্বতীরা বাইরের দেশ বলে মনে করে। চিনের অধীনস্থ তারা তা স্বীকার করে নিতে চায় না। তিব্বতীরা মনে করে তারা যে গোপনে জ্ঞান চর্চা চলেছে তা বাইরের যেন প্রকাশিত না হয়। বাইরের সংস্পর্শ হলেই বৌদ্ধ নিষ্ঠা চর্চা ব্যাহত হবে। ফলে বাইরের মানুষের সংস্পর্ক এড়িয়ে চলো তিব্বতীরা। পণ্ডিত শরৎ চন্দ্র দাশকে তিব্বত সম্পর্কে আগ্রহী করে তুলেছিলেন তাঁর সহকর্মী শিক্ষক যুগেন গিয়াতসো। শিক্ষক যুগেন গিয়াতসো সময় পেলে শরৎ চন্দ্রের সঙ্গে তিব্বতী সংস্কৃতি এবং জীবন নিয়ে বহু আলোচনা করতেন। উঁনার কাছ থেকে তিব্বত সম্পর্কে শুনতে শুনতে সেখানে যাওয়ার ইচ্ছা প্রকাশ করেন। কিন্তু তখন তিব্বত যাওয়া মানেই ছিল জীবন হাতে করে নিয়ে যাওয়া। কোনও ব্যক্তির ওপরে যদি তিব্বতীদের সন্দেহ তৈরি হতো তাহলে তাকে সেখানে জীবন্ত মেরে ফেলা হতো। জীবন ফিরে পাওয়ার আশঙ্কা ক্ষীণ হয়ে যেত। কিন্তু জীবন মৃত্যুকে পায়ের ভৃত্য করে তিব্বত যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করলেন শরৎ চন্দ্র দাশ। বিস্মৃত বাঙালি শরৎ চন্দ্র দাশ সর্বগুণান্বিত বহুভাষাবিদ পণ্ডিত ছিলেন। সারা জীবন ধরে তিনি ভাষা সাহিত্য ধর্মতত্ত্ব ও জাতীয় সংস্কৃতি সমন্বয় সাধনের জন্য কঠোর পরিশ্রম করে গিয়েছেন। ১৮৪৯ সালে ১৮ জুলাই পূর্ববঙ্গের (বর্তমানে বাংলাদেশ) চট্টগ্রাম শহরে জন্ম গ্রহণ করেন। চট্টগ্রাম থেকে স্কুল স্তরে পাশ করে কলকাতায় এসে প্রেসিডেন্সি কলেজে ভর্তি হন। এখানে পড়ার সময়ে তিনি বাংলার শিক্ষা দফতরের অধিকর্তা আলফ্রেড ক্রফটের সংস্পর্শে আসেন। ১৮৭৪ সালে বাংলার গর্ভনর সিকিমের শিক্ষার্থীদের জন্য দার্জিলিং ভুটিয়া স্কুল স্থাপন করলে আলফ্রেডের সুপারিশ ক্রমে তনি সেখানকার প্রধান শিক্ষক হিসাবে নিযুক্ত হন। এখানে শিক্ষকতা করার সময়ে তিনি তিব্বতী ভাষা এবং সাহিত্যের প্রতি আগ্রহ সৃষ্টি হয়। তিনি তিব্বতী ভাষা শিখতে শুরু করেন তাঁর সহ কর্মী শিক্ষক যুগেন গিয়াতসোর কাছে। তিব্বতী ভাষা রপ্ত করেই তিনি তিব্বত যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন। সুযোগ এসে যায়। ভাগ্যক্রমে গিয়াতসো ১৮৭৮ সালে তিব্বত যাওয়ার অনুমতি লাভ করলে তাঁর সঙ্গী হয়ে

তিব্বত যাওয়া সুযোগ পান শরৎ চন্দ্র দাশ। পণ্ডিত শরৎ চন্দ্র দাশ তিব্বত যাওয়াকে কেন্দ্র করে বহু প্রশ্ন এখন উঠতে শুরু করেছে। তিনি ব্রিটিশ সরকারের গুপ্তচর হিসাবেকাজ করেছিলেন বলে একটি কথা প্রচারিত রয়েছে। তিব্বতের সব খবর ব্রিটিশদের দেওয়ার কাজ করতেন তিব্বতী পণ্ডিত শরৎ চন্দ্র দাশ। ব্রিটিশ সরকারের আগ্রহ ছিল তিব্বত সম্পর্কে। তিব্বত সম্পর্কে খবর সংগ্রহ করার ব্যাপারে একটি গোপন ইচ্ছা ব্রিটিশ প্রশাসনের ছিল। শরৎ চন্দ্র দাশকে তিব্বত ঘুরে যে অভিজ্ঞতা সঞ্চয় করেছিলেন তা হয়তো বিবৃত করতে পারেন ব্রিটিশদের কাছে। কিন্তু তা বলে শরৎ চন্দ্র দাশকে একেবারে ব্রিটিশ গুপ্তচর হয়ে কাজ করেছেন এটা বলা একেবারে বাঞ্ছনীয় নয়। এটাকে কোনওভাবে সমর্থন করা যায় না। মনে রাখতে হবে শরৎ চন্দ্র দাশ ছিলেন একজন শিক্ষক। তিনি কিন্তু ব্রিটিশ সরকারের কোনও প্রশাসনিক অধিকর্তা ছিলেন না। তিনি ছিলেন তিব্বতী পণ্ডিত। শিক্ষক যুগেন গিয়াতসো সঙ্গে তিব্বত যাওয়ার ঠিক এক বছর পরে তিনি আবার তিব্বত যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করলেন। এবারে তিনি পদব্রজে তিব্বত যাত্রায় সঙ্গে করে নিয়ে গিয়েছিলেন ক্যামেরা, দিগদর্শন যন্ত্র, দূরবীক্ষণ, তাপমাপক ও পরিমাপক যন্ত্র। এ যাত্রায় তিনি সেখানে ছিলেন ছয় মাস। সেই সময়ে তিনি তিব্বতের বহু ছবি তুলেছিলেন ক্যামেরায়। তিব্বতীদের যেসব স্থান অতি গুরুত্বপূর্ণ তার একটি তালিকাও তৈরি করেছিলেন শরৎ চন্দ্র। তিব্বতীরা বাইরের কোনও ব্যক্তিকে সহজেই বিশ্বাস করতো না। তার ওপরে ক্যামেরা, দূরবীক্ষণ যন্ত্র নিয়ে যাওয়ার ফলে শরৎ চন্দ্র দাশের ওপরে তিব্বতীদের সন্দেহ বাড়তে থাকে। তখন শরৎ চন্দ্র দাস বেশি দিন সেখানে না থেকে দ্রুত ভারতে ফিরে আসেন। সেই সময়কার বহু ছবি ব্রিটিশ সরকারের হাতে তুলে দিয়ে থাকতে পারেন। তবে সেটা কিন্তু ভুল সিদ্ধান্ত ছিল না। ব্রিটিশ পণ্ডিতেরাও তিব্বতী ভাষা এবং সংস্কৃতি সম্পর্কে জানতে আগ্রহী ছিল। কিন্তু ইউরোপীয়দের বিশ্বাস খুব বেশি বিশ্বাস করতে পারতো না তিব্বতীরা। সেই কারণে শরৎ চন্দ্র দাশের ওপরে বেশি ভরসা করেছিল ব্রিটিশ সরকার। এটা কিন্তু রাজনৈতিক কারণ নয়। এটা হচ্ছে একটি আকাদেমিক কারণ। আকাদেমিক কারণকে বেশি করে ব্রিটিশ সরকার প্রাধান্য দিয়েছিল। তিব্বতী থেকে ফিরে এসে শরৎ চন্দ্র দাশ রচনা করলেন Narrative of a journey to Tshilumpo in Tibet in 1879। সুতরাং শিক্ষক শরৎ চন্দ্র দাশকে ব্রিটিশ গুপ্তচর বলাটা ঠিক নয়। এটা তাঁকে অসম্মানিত করা হয়। তিনি চেয়েছিলেন ব্রিটিশ রাজশক্তির হাত ধরে তিব্বতী সংস্কৃতির চর্চার আরও শ্রীবৃদ্ধি ঘটুক যা তিব্বতীরা মোটেই পছন্দ করতো না। তিব্বতিরা তাদের বৌদ্ধিক চর্চা ও সংস্কৃতিটাকে একটি স্থানে আবদ্ধ রেখে দিতে চায়। কিন্তু শরৎ চন্দ্র দাশ সেই তিব্বতী সংস্কৃতিকে আরও উজ্জ্বল করে বিশ্বের দরবারে উপস্থিত করতে ইচ্ছুক ছিলেন। ব্রিটিশ সরকারের সক্রিয় সহযোগিতা ছাড়া তিব্বতী ভাষা বা সাহিত্যের প্রসারিত করা একেবারে অসম্ভব সেটা উপলব্ধি করতে পেরেছিলেন বলেই তিনি ব্রিটিশকে অনুরোধকে উপেক্ষা করতে পারেন নি পণ্ডিত শরৎ চন্দ্র। ব্রিটিশরা তখন তাদের ভাষা ও সাহিত্যে বিশ্ব সেরা হিসাবে পরিগণিত হয়ে গিয়েছে। ব্রিটিশ রাজশক্তি প্রসার লাভ ঘটেছে সারা বিশ্বে। তার সঙ্গে তাদের ভাষা ও সাহিত্যের প্রসার লাভ ঘটে। ঠিক তেমনি তিব্বতী ভাষা ও সাহিত্যের বিশ্বব্যাপী প্রসার লাভ করুক এটা চেয়েছিলেন পণ্ডিত শরৎ চন্দ্র দাশ। সেই কারণে তিনি ব্রিটিশ রাজশক্তিকে সহযোগিতার আশ্বাস দিয়েছিলেন। ব্রিটিশ গুপ্তচর বলে তাকে আখ্যা দিয়ে ছোট করাটা উপযুক্ত কাজ হবে বলে মনে হয় না। ব্রিটিশ সরকার তিব্বতের ওপরে বেশি করে নজর দিতে শুরু করে দিয়েছিল তার একটি মাত্র কারণ হচ্ছে চিন পর্যন্ত ব্রিটিশ শক্তিকে প্রসারিত করা। কিন্তু তিব্বত শ্বেত চামড়াদের তিব্বতে প্রবেশ করার ওপরে বিশেষ কড়া নজর দিতে শুরু করে। এমনকী শ্বেত চামড়াদের তিব্বতে প্রবেশ করা খুব জীবন ঝুঁকি হয়ে দেখা দিয়েছিল। তিব্বত থেকে চিনের ওপরে নজর রাখাটা অতি সহজ হবে বলে ধারনা করেছিল ব্রিটিশ সরকার। সেই কারণে তিব্বত জয় করাটা ব্রিটিশ সরকারের কাছে জরুরী হয়ে পড়ে। বেশ কিছু প্রাচীন তিব্বতি পুঁথি। পরবর্তীকালে সেই সব পুঁথি কোথায় গিয়েছে তা জানা যায় না। তবে কেউ কেউ বলেছে যে ব্রিটিশ লাইব্রেরীতে গিয়েছে সেই সব পুঁথি। ব্রিটিশ সরকার পুঁতি গুলো নিয়ে গিয়েছিল তাদের গ্রন্থাগারে রাখার জন্য। ব্রিটিশ লাইব্রেরীতে বেশ কিছু তিব্বতী প্রত্নতত্ত্ব রয়েছে। সেইগুলো কার তিব্বত থেকে নিয়ে আসা তা নিয়ে কোনও কথা সেখানে লেখা নেই।

## বাঙালি পণ্ডিতদের তিব্বত শিক্ষা সফর

বহু বাঙালি বৌদ্ধ পণ্ডিত তিব্বত সফর করেছেন। তাদের একটি মাত্র ধ্যান ছিল বৌদ্ধ শিক্ষা গ্রহণ করা। তিব্বতের বৌদ্ধ সংস্কৃতির সঙ্গে ভারতীয় সংস্কৃতির মিল ছিল। সেই কারণে তিব্বতিরা ভারতবাসীদের ওপরে প্রসন্ন ছিল। তার ফলে ভারতীয় বৌদ্ধ পণ্ডিত থেকে শুরু করে সংস্কৃত পণ্ডিতেরা তিব্বতে শিক্ষা সফর করতে শুরু করে দিয়েছিলেন। পণ্ডিত রাহুল সংস্কৃতায়ন থেকে শুরু করে বহু সংস্কৃত পণ্ডিত এবং পালি পণ্ডিতেদেরা তিব্বতে গিয়ে সেখানকার সংস্কৃতির সঙ্গে পরিচিতি লাভ করে। ভারতের সঙ্গে তিব্বতের একটি যোগ সূত্র ছিল। সেই যোগ সূত্র ধরেই আজকে তিব্বতের ধর্মগুরু দালাই লামা ভারতের আশ্রয় গ্রহণ করেছেন যা চিন এখন একেবারে পছন্দ করছে না। ভারতীয়দের ব্যাপারে তিব্বতিদের একটি ভালো ধারনা ছিল। তার জন্য তাদের প্রয়োজন হয়ে পড়ে একজন ভারতীয়কে যিনি ভূবিদ্যা সম্পর্কে পারদর্শি। হাতে কাছে এসে পড়লেন শরৎ চন্দ্র দাশ। তাঁর তিব্বত সম্পর্কে আগ্রহ ছিল। তিনি ছিলেন সিভিল ইঞ্জিনিয়ার। ফলে তাঁর পক্ষে তিব্বত জয় করাটা কোনও ব্যাপার ছিল না। তিব্বতে শরৎ চন্দ্র দাশ দুইবার গিয়েছিলেন। প্রথমবার গিয়েছিলেন ১৮৭৯ সালে। দ্বিতীয়বার গেলেন ১৮৮২ সালে। সেখানেছিলেন ১৪ মাস। এবারে তিনি ফিরে এসে লিখলেন A journey to Lasha and Central Tibet। বইটি ১৮৯৯ সালে প্রকাশিত হয়। শরৎ চন্দ্র তিব্বত ভ্রমণকালে আরও কিছু গুরুত্বপূর্ণ কাজ করেছিলেন। সেজন্য সমগ্র ভারতীয় সংস্কৃতি সমাজ তাঁর কাছে চিরঋণী। তিনি ওই দেশ থেকে সংস্কৃতিক তাৎপর্যপূর্ণ কিছু সামগ্রী এবং অসংখ্য প্রাচীন সংস্কৃত পুঁথি ও তার তিব্বতি অনুবাদ সংগ্রহ নিয়ে আসেন। তিনি ওই কাজ না করলে চিরতরে বিলুপ্ত হয়ে যাওয়ার আশঙ্কা ছিল। কাশ্মীরি মহাকবি ক্ষেমেন্দ্রের কাব্যগ্রন্থ 'বোধিসত্ত্বাবদান কল্পলতা' সম্পাদনার কাজটি একটি উল্লেখযোগ্য কীর্তি। এই কাব্যগ্রন্থের পাণ্ডুলিপি তিনি লাসা থেকে নিয়ে আসেন। এর মূল বিষয়বস্তু বুদ্ধের পূর্ববর্তী জীবনের কাহিনী। প্রাক বুদ্ধযুগের এক ঐতিহাসিক বর্ণ না এই কাব্যে রয়েছে। রবীন্দ্রনাথের বিখ্যাত কবিতা 'অভিসার' এই কাব্যের মূল কাহিনীর উৎস থেকে গৃহীত। শরৎ চন্দ্রের আর একটি মূল্যবান কাজ হল Tibetan English Dictionary ১৯০২ প্রকাশিত হয়। বিশাল আকারের এই তিব্বতী অভিধানটি আজকের যুগে তিব্বতি নিয়ে যারা চর্চা করছেন তাদের কাছে বিশেষ প্রয়োজন গ্রন্থ। যারা তিব্বতী শিখতে বা চর্চা করতে চান তাদের তাদের নিকট এটি অমূল্য গ্রন্থ। প্রায় ১৫৪০ পাতার বই। বিপ্লবোত্তর চিন, বিশেষ করে তিব্বতের অধিগ্রহণের পরবর্তী সময়কার চিন, তিব্বতের মনোজগৎ বোঝার এই অভিধানটি অপরিহার্য। তিনি ইংরেজি ভাষাতে একটি তিব্বতি ব্যাকরণ রচনা করেন। এই বইটির নাম An Introduction to the Grammer of Tibetan Language ১৯৫১ সালে রচনা করেন।

# চিন-পাকিস্তান কৌশলকে চ্যালেঞ্জ ভারতের

**বিশেষ প্রতিনিধি**

রাজনীতি থেকে খেলার মাঠে চিন, পাকিস্তানের সঙ্গে চ্যালেঞ্জ গ্রহণ করতে হচ্ছে ভারতকে। রাজনীতিতে চিন বরাবারই ভারতের প্রতিপক্ষ হয়ে দাঁড়িয়েছে। বাদ যায়নি পাকিস্তানও। কী রাজনীতি, কী খেলার মাঠে প্রতিটি স্থানেই চিন ও পাকিস্তানের সঙ্গে ভারতকে লড়াই করতে হচ্ছে। ক্রিকেট মাঠে ভারতের প্রতিপক্ষ পাকিস্তান। আবার হকি খেলার মাঠেও ভারতের প্রতিপক্ষের অবস্থান গ্রহণ করে থাকে পাকিস্তান। ১৯৬২ সালে চিনের সঙ্গে যুদ্ধ। ভারতের সঙ্গে বেশ কয়েকবার পাকিস্তানের সঙ্গে যুদ্ধ করতে হয়েছে। অস্ত্র ছাড়া কোনও কথা বলতে চাইছে না চিন এবং পাকিস্তান। তার ফলে চিন এবং পাকিস্তান সেনাদের সঙ্গে ভারতীয় সেনাদের সীমান্তে এত উত্তেজনা সৃষ্টি হচ্ছে। ভারত স্বাধীন হওয়ার সময় থেকেই পাকিস্তান বরাবারই ভারত বিরোধী কাজ করে এসেছে। কাশ্মীর হচ্ছে যার উজ্জ্বল দৃষ্টান্ত। মোদি সরকার বলেছে যে আজকের কাশ্মীর আর আজ থেকে প্রায় কুড়ি বছর আগেকার কাশ্মীরের বিস্তর ফারাক ঘটে গিয়েছে। যে কাশ্মীরে ভারতীয় পতাকা তুলে গিয়ে ভয় পেয়েছিলেন শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়। সেই কাশ্মীরে এবারে ভারতীয় পতাকা তুলে দিলেন মোদি সরকার। অত্যন্ত দৃঢ়তার সঙ্গে কাজ করেছেন প্রধানমন্ত্রী মোদি। এতখানি সাহস আগের কোনও সরকার দেখাতে পারেনি। পণ্ডিত জওহরলাল নেহরুর কাশ্মীরের কোনও ব্যাপারে হাত দিতে দ্বিধাবোধ করতেন। ফলে কাশ্মীরের বিচ্ছিন্নতাবাদ বা সেখানকার আব্দুল্লা পরিবার যা সিদ্ধান্ত গ্রহণ করতো তাই পণ্ডিত জওহরলাল নেহরু মেনে নিতেন। প্রাক্তন প্রাধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর কালেও এতখানি সাহস দেখাতে পারে বিজেপি দল যা মোদি সরকার করে দেখালো। কাশ্মীর ভারতের অবিচ্ছেদ্য অংশ তার প্রমান দিতে কাশ্মীরকে কেন্দ্র শাসিত অঞ্চলে পরিণত করে দিল। লাদাখকে জম্মু কাশ্মীর থেকে আলাদা করে দিল মোদি সরকার। ফলে লাদাখ এখন আর একটি সম্পূর্ণ আলাদা কেন্দ্র শাসিত অঞ্চল। কাশ্মীরটাকে দুই ভাগে ভাগ না করে দিলে কাশ্মীর শাসন করাটা বেশ মুশকিল হতো কেন্দ্রীয় সরকারের। লাদাখকে কাশ্মীর থেকে বাদ দিয়ে একটি কেন্দ্র শাসিত অঞ্চলে পরিণত করাটা কিন্তু পাকিস্তান বা চিন ভালো নজরে দেখেনি। তারা লাদাখ এবং কাশ্মীরের বেশ কিছু অংশ দখল করে রয়েছে। চিন তো কাশ্মীরের আর্থিক করিডর তৈরি করেছে। সেটা বেআইনী তা নিয়ে ভারত প্রতিবাদ করেছিল। চিন ভারতের কথায় কান দেয়নি। ফলে কাশ্মীরে চিনের উপস্থিতি উদ্বেগ বৃদ্ধি করেছে। রাজনৈতিক দক্ষ খেলোয়াড় হিসাবে প্রধানমন্ত্রী মোদির নাম রয়েছে। তার ফলে তাঁর কূটনীতির সঙ্গে পাকিস্তান পেরে উঠছে না। সেই কারণে চিন ছাড়া পাকিস্তানের এখন বাঁচার কোনও উপায় নেই। চিনকে সঙ্গে নিয়ে কাশ্মীর সম্পর্কে লড়াই করে চলেছে পাকিস্তান। সম্প্রতি চিন পাকিস্তান আলোচনায় বারবার কাশ্মীর প্রসঙ্গ উঠে এসেছে। চিন ও পাকিস্তানের মধ্যে বিদেশ মন্ত্রী পর্যায়ের বৈঠকে কাশ্মীর নিয়ে আলোচনা হয়েছিল। চিন ও পাকিস্তান বৈঠকে কাশ্মীর নিয়ে ইসলাবাদের সঙ্গে সহমত প্রকাশ করেছিল বেজিং। বিদেশমন্ত্রীদের বৈঠকের পর একটি যৌথ বিবৃতিতে ভারতের নাম না করে বলা হয়েছিল কাশ্মীর নিয়ে কারোর একতরফাভাবে ভাবে পদক্ষেপ গ্রহণ না করা উচিত। কাশ্মীর সমস্যার সমাধান করতে হবে রাষ্ট্রপুঞ্জের গৃহীত প্রস্তাবকে মেনে নিয়ে। পাকিস্তান বরাবরই বলে আসছে যে কাশ্মীরে গণভোট করতে হবে। ভারত এর পক্ষ থেকে বলা হয়েছে কাশ্মীর ভারতের অবিচ্ছেদ্য অংশ। সেখানে গণভোট নেওয়ার কোনও প্রশ্ন থাকতে পারে না। কাশ্মীরকে কেন্দ্র শাসিত অঞ্চলে পরিণত করে মোদি সরকারের প্রতি গোঁষা হয়েছে চিন এবং পাকিস্তানের। চিন চেষ্টা করছে তাদের আর্থিক কড়িডরকে রক্ষা করতে। কিন্তু কাশ্মীরের চিনকে জায়গা দেওয়ার কোনও অধিকার তো দেওয়া হয়নি পাকিস্তানকে। কাশ্মীরের রাজা হরি সিং ভারতের পক্ষে থাকার জন্য সাক্ষর দিয়েছিলেন। সেটা পাকিস্তান এখনও পর্যন্ত মেনে চলছে না। তারা বারবার বলতে শুরু করে দিয়েছে কাশ্মীরে গণভোট করতে হবে। পাকিস্তানের বিদেশ মন্ত্রী চিনের বিদেশ মন্ত্রী এর সঙ্গে বৈঠকে বসেছিলেন। ওই বৈঠকে দ্বিপাক্ষিক সম্পর্ক ছাড়ারও গুরুত্ব পায় কাশ্মীর ইস্যু। বৈঠকের পরে পাক বিদেশ মন্ত্রী মনে করেন, শান্তিপূর্ণ, স্থিতিশীল ও সমৃদ্ধ দক্ষিণ এশিয়া গড়তে আলোচনা হয়েছে। কাশ্মীর নিয়ে আমাদের অবস্থানকে দৃঢ়ভাবে সমর্থন করেছে চিন। তাদের ভূমিকা প্রশংসনীয়। এই সমস্যার সমাধান করা উচিত রাষ্ট্রপুঞ্জের গৃহীত প্রস্তাব মেনে। নিরাপত্তা পরিষদের প্রস্তাব এবং দ্বিপাক্ষিক চুক্তির মাধ্যমে। চিনের সঙ্গে বৈঠকের পর পাক বিদেশমন্ত্রীর মুখ দিয়ে যা শুনতে পাওয়া গিয়েছে তা ইসলামাবাদের সুরই। বিবৃতি বলা হয়েছে কাশ্মীর বর্তমান পরিস্থিতি নিয়ে পাকিস্তান বেশ উদ্বেগ প্রকাশ করেছে। উৎকণ্ঠাও প্রকাশ করেছে। উদ্ভূত সমস্যা সমাধান করতে প্রয়োজন বৈঠক।

# হেরিটেজ কলকাতার স্থাপত্য

কলকাতার ব্রিটিশ স্থাপত্য বিস্তার লাভ করতে শুরু করেছিল ইংরেজদের আমল থেকে। তখন ব্রিটিশ শিল্পীরা কলকাতা ঘুরতে আসতো। কলকাতা ঘুরে বহু শিল্পীরা কলকাতাকে নিয়ে চিত্রাঙ্কন করে গিয়েছে। কলকাতায় যেসব গির্জা দেখতে পাওয়া যায় সেই সব গির্জা তৈরি করেছিল ব্রিটিশ স্থাপত্য শিল্পীরা। কলকাতাকে গৌরময় করেছে ভিক্টোরিয়া মেমোরিয়াল হল। এই হলটি তৈরি করতে উদ্যোগী হয়েছিলেন লর্ড কার্জন। তিনি উৎসাহী হয়ে রানি ভিক্টোরিয়ার মানে একটি মিউজিয়াম করার ইচ্ছা প্রকাশ করলে তখন ব্রিটিশ স্থাপতিদের নিয়ে নকসা তৈরি করা শুরু হয়। কলকাতায় আর একটি ব্রিটিশ গর্বকে স্মরণ করিয়ে দেয় সেটা হল অক্টারলনি মনুমেন্ট। এই অক্টারলনি মনুমেন্ট এখন শহিদ মিনার হিসাবে পরিচিত। ব্রিটিশ সেনারা নেপাল জয় করলে তার বিজয় স্তম্ভ রচনা করে কলকাতা ময়দানে। তখন এই অক্টারলনি মনুমেন্ট দিয়ে গোটা কলকাতা দেখতে পাওয়া যেত। এত বড় উচু মিনার দ্বিতীয় তখন কলকাতায় ছিল না। কলকাতায় রয়েছে রাজভবন। এটিও ব্রিটিশ স্থপতির নিদর্শন। রয়েছে রাইটার্স বিল্ডিং। রাইটার্স বিল্ডিংয়ের মাধ্যমে সারা ভারতবর্ষে



এক সময়ে প্রশাসন চালু ছিল। এই রাইটার্স বিল্ডিং নিয়ে বহু ইতিহাস লুকিয়ে রয়েছে। এখানেই ব্রিটিশ সাহেবদের মারা জন্য পরিকল্পনা করেছিলেন বিনয় বাদল দীনেশ। তাদের নামে রাস্তায় রয়েছে। আসলে ব্রিটিশ যেমন একটি দিকে শাসন করেছে পাশাপাশি তারা কলকাতাকে ভালোবেসে ফেলেছিল। কলকাতা ছিল ব্রিটিশদের প্রশ্বাস। এই কলকাতাকে নিয়ে ব্রিটিশদের গর্ব ছিল। তারা এই শহরটাকে দ্বিতীয় ইংল্যাণ্ড তৈরি করার পরিকল্পনা গ্রহণ করে। কিন্তু স্বদেশি আন্দোলনের জোয়ার শুরু হলে ব্রিটিশরা কলকাতা থেকে রাজধানি দিল্লিতে নিয়ে গেলে কলকাতাকে দ্বিতীয় ইংল্যাণ্ড গড়ে তোলার পরিকল্পনা থেকে ক্রমশ পিছিয়ে আসতে থাকে। রয়েছে এশিয়াটিক সোসাইটি, ভারতীয় মিউজিয়াম, চিড়িয়াখানা, টাউন হল, ইডেন গার্ডেন, স্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়া এর সদর দফতর, ক্যালকাটা ক্লাব, জিপিও, ট্রেজারি বিল্ডিং, মিন্ট হাউস, কাস্টমস হাউস, সেন্ট জনস্ চার্চ, হাওড়া স্টেশন, প্রেসিডেন্সি কলেজ, সংস্কৃত কলেজ, (বর্তমানে বিশ্ববিদ্যালয়) সহ আরও বহু কিছু। কলকাতার যেদিকে তাকানো যায় না কেন সেখানেই ব্রিটিশদের স্থাপত্য চোখে পড়ে।

সাউথ সিটি মলে শুরু হলো দুদিনের 'হোম ফ্রন্ট' আবাস মেলা। কলকাতার উত্তর থেকে দক্ষিণে পছন্দ সই ফ্ল্যাট বুকিং করার সুযোগ ও ব্যাঙ্ক লোনের সুবিধা মিলবে এই মেলায়। রাজ্যের আবাসন মন্ত্রী অরূপ বিশ্বাস এই মেলার উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন অভিনেত্রী স্বস্তিকা ও অনন্যা। ছবি - আশিস কুমার ঘোষ।

# সিপিএমের টিকিটে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন, পঞ্চায়েত ভোটে জিতে তৃণমূলে ফিরলেন প্রার্থী

দুরন্ত বার্তা, কোচবিহার, ৫ আগস্ট ঃ পঞ্চায়েত নির্বাচনে দলের থেকে টিকিট না পেয়ে সিপিআইএমে যোগদানের পর সিপিআইএমের টিকিটে পঞ্চায়েত নির্বাচনে জয়লাভ করে ফের তৃণমূল কংগ্রেসে যোগদান করলো সাহেবগঞ্জ গ্রাম পঞ্চায়েত এলাকার ৭ / ১০০ নম্বর বুথের পঞ্চায়েত সদস্য আবুল কালাম আজাদ। এদিন দিনহাটায় উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহর উপস্থিতিতে ফের তৃণমূল কংগ্রেসে যোগদান করেন আবুল কালাম আজাদ। পঞ্চায়েত নির্বাচনের আগে কোচবিহার জেলা তৃণমূল - কংগ্রেসের পক্ষ থেকে ঘোষণা করা হয় যারা দলের টিকিট না পেয়ে দলের বিরুদ্ধে গিয়ে নির্বাচনের প্রতিদ্বন্দ্বিতা করবে তাদের আর দলে ফেরত নেওয়া হবে না। সেই জায়গায় পঞ্চায়েত নির্বাচন শেষ হতেই আবুল কালাম আজাদ সিপিআইএম ছেড়ে পুনরায় তৃণমূল কংগ্রেসে যোগদান করায় শুরু হয়েছে জল্পনা। আজ তৃণমূল কংগ্রেসে যোগদান করার পর আবুল কালাম আজাদ বলেন, আমি এক সময় সিপিআইএম করতাম।পরবর্তীতে তৃণমূল কংগ্রেসে যোগদান করি। পঞ্চায়েত নির্বাচনের আগে সিপিআইএম এ যোগদান করেছিলাম। কিন্তু সিপিআইএম এর মধ্যে কাজ করার সুযোগ না থাকায় তিনি আবার তৃণমূল কংগ্রেসে যোগদান করেন। উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ বলেন, কোনো একটি কারণে আবুল কালাম আজাদ সিপিআইএমের প্রার্থী হয়ে দাঁড়িয়ে ছিলেন। যেহেতু গোটা ব্লকে বামফ্রন্টের পক্ষ থেকে শুধুমাত্র তিনি জয়ী হয়েছেন তিনি মনে করেছেন তিনি একা থেকে কি করবেন। তাই তিনি নিজেই যোগাযোগ করেছেন এবং পুনরায় তৃণমূল কংগ্রেসের যোগদান করার ইচ্ছা প্রকাশ করেছেন। এবং তিনি আজ তৃণমূল কংগ্রেসে যোগদান করেন। তিনি তৃণমূল কংগ্রেসে যোগদান করায় সেই এলাকায় দল আর শক্তিশালী হলো।

# বিজেপি জেলা সভাপতির বাড়ির সামনেই তৃণমূলের মঞ্চ বাঁধার কাজ শুরু

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৫ আগস্ট ঃ শনিবার জলপাইগুড়ি সদর ব্লকের অরবিন্দ গ্রাম পঞ্চায়েতের অধীন বিজেপির জেলা সভাপতি বাপি গোস্বামীর বাড়ির সামনেই তৃণমূলের মঞ্চ বাধার কাজ শুরু করা হলো। ১০০ দিনের কাজের টাকা এবং আবাস যোজনার টাকা আটকে রেখেছে বিজেপি সরকার এই অভিযোগ তুলে ব্লকে ব্লকে অঞ্চলে অঞ্চলে ঘেরাও কর্মসূচির ডাক দিয়েছে রাজ্য তৃণমূল নেতৃত্ব। সেই মোতাবেক জলপাইগুড়ির অরবিন্দ গ্রাম পঞ্চায়েতের অধীন মোহিতনগর এলাকায় বিজেপির জেলা সভাপতি বাপি গোস্বামীর বাড়ির সামনে বিশালআকার মঞ্চ বাধার কাজ শুরু হয়েছে। আগামীকাল বেলা বারোটা থেকে চারটা পর্যন্ত চলবে ধর্না মঞ্চ বলে তৃণমূল নেতৃত্ব জানান। যদিও এ প্রসঙ্গে বিজেপির জেলা সভাপতি বাপি গোস্বামীর সাথে টেলিফোনে যোগাযোগ করার চেষ্টা করা হলে তিনি ফোন রিসিভ করেননি।

# গোটা রাজ্যের সাথে কোচবিহারেও শুরু হয়েছে শিল্পে সমাধান ক্যাম্প

দুরন্ত বার্তা, কোচবিহার, ৫ আগস্ট ঃ দুয়ারে সরকারের শিল্পকে সাধারণ মানুষের মধ্যে ছড়িয়ে দেবার জন্য নতুন উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। তারই অঙ্গ হিসাবে গোটা রাজ্যের সাথে কোচবিহার জেলাতেও শুরু হয়েছে শিল্পে সমাধান ক্যাম্প। শনিবার জেলা ভিত্তিক স্তরে এই ক্যাম্প উৎসব অডিটোরিয়ামে করা হয়। এদিনের এই অনুষ্ঠানে উপস্থিত

ছিলেন কোচবিহারের জেলাশাসক পবন কাদিয়ান, অতিরিক্ত জেলাশাসক সিরাজ ধানেশ্বর, অতিরিক্ত জেলাশাসক রবি রঞ্জন, কোচবিহার পুরসভার পৌরপতি রবীন্দ্রনাথ ঘোষ, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার চেয়ারম্যান পার্থপ্রতিম রায়, বিধায়ক জগদীশ বর্মা বসুনিয়া সহ অন্যান্যরা। গোটা রাজ্যের সাথে কোচবিহার জেলার প্রতিটি ব্লকে ও জেলার সদর অফিসে এই ক্যাম্প অনুষ্ঠিত হলো। ১ থেকে ১৮ আগস্ট পর্যন্ত এই ক্যাম্প চলবে। ৯ টি ক্ষুদ্র মাঝারি ব্যবসার উপরে এদিনের এই ক্যাম্পে আলোচনা করা হয়।

# নবগ্রামে পুলিশ হেফাজতে ব্যক্তির মৃত্যুর ঘটনায় উত্তেজনা

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ৫ আগস্ট ঃ মুর্শিদাবাদের নবগ্রামে পুলিশ লকআপে এক ব্যক্তির মৃত্যু ঘিরে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। গোবিন্দ ঘোষ নামে ওই ব্যক্তি তিন দিন ধরে আটক ছিল বলে অভিযোগ। গতরাতে ওই ঘটনার পর কার্যত রণক্ষেত্রের আকার নেয় এলাকা। শনিবার সকালে মৃত ওই ব্যক্তির সিঙ্গার গ্রামের বাড়িতে যান এসডিপিও বিক্রম প্রসাদ স্বয়ং। পরিবারের লোকজনদের সঙ্গে কথা বলেন। তাঁদের সান্ত্বনা দিয়ে বোঝানোর চেষ্টা করেন। ঘটনায় যাঁরা যাঁরা যুক্ত, তাঁদের প্রত্যেকের কড়া শাস্তির আশ্বাস দেন এসডিপিও। এদিকে গতরাতের পর শনিবার সকাল থেকেই সিঙ্গার গ্রামে কড়া পুলিশি বন্দোবস্ত হয়েছে। পুলিশের তরফে গ্রামে টহলদারি চালানো হচ্ছে সকাল থেকে। এদিকে পুলিশি টহল চলাকালীনও গ্রামবাসীরা পুলিশকে ঘিরে একপ্রস্থ বিক্ষোভ দেখান। নবগ্রামে গোবিন্দ ঘোষের মৃত্যুর ঘটনায় পথে নামার হুঁশিয়ারি দিয়েছে যাদব সভা। কীভাবে পুলিশ লকআপে ওই ব্যক্তির মৃত্যু হল, তা নিয়ে পূর্ণাঙ্গ তদন্তের দাবি তুলেছে তারা। অভিযুক্ত পুলিশকর্মীদের শাস্তির দাবি তুলেছে যাদব সভা। তাদের দাবি, পূর্ণাঙ্গ তদন্ত না হলে আন্দোলন চলতে থাকবে। ঘটনায় সরব হয়েছে স্থানীয় কংগ্রেস নেতৃত্বও। পুলিশ লকআপে মৃত্যুর ঘটনায় বিভাগীয় তদন্তের দাবি তুলেছে কংগ্রেস শিবির। এদিকে আজ সকালে যখন এসডিপিও মৃত ব্যক্তির বাড়িতে ঢোকার চেষ্টা করেন, তখন এক বিক্ষোভরত মহিলা ঝাঁটা উঁচিয়েও তেড়ে যান পুলিশের দিকে। যদিও সেখানে উপস্থিত বাকিরা তড়িঘড়ি ওই মহিলার হাত থেকে ঝাঁটা কেড়ে নেন।

# প্রয়োজনে ডিএম, এসপি -দের দিল্লিতে ডেকে নিয়ে যাবো, হুঁশিয়ারি জাতীয় তপশিলি কমিশনের ভাইস চেয়ারম্যানের

গোপাল বিশ্বাস, নদীয়া, ৫ আগস্ট ঃ ভোট পরবর্তী হিংসা সহ বিভিন্ন সময়ে এই রাজ্যে এস সি দের ওপর অত্যাচারের বিরুদ্ধে একাধিক বার সরব হতে দেখা গেছে জাতীয় তপশিলি কমিশনকে। যেখানে সিংহ ভাগ অভিযোগের তীর ছিল শাসকদল সহ রাজ্যের প্রশাসনের বিরুদ্ধে। সদ্য সমাপ্ত হওয়া পঞ্চায়েত নির্বাচনকে ঘিরেও ঘটেছে একাধিক হিংসার ঘটনা, পাশাপাশি খুনের ঘটনাও সামনে এসেছে বিভিন্ন এলাকায়। নদীয়াও তার ব্যাতিক্রমী ছিল না, গত ৫ জুলাই ধুবুলিয়া থানার অন্তর্গত পন্ডিতপুর ১০১ নম্বর বুথের বিজেপি প্রার্থীর দেওর অষ্ট মণ্ডল নিখোঁজ হয়ে যায়। পরিবার সূত্রে জানা যায় ৫ জুলাই সন্ধ্যায় নির্বাচনী ব্যানার লাগিয়ে বাড়ি ফেরার পথে নিখোঁজ হয়ে যান তিনি। গত ৬ জুলাই পরিবারের লোকজন ধুবুলিয়া থানায় অভিযোগ দায়ের করেন। ৮ জুলাই রাজ্য জুড়ে ছিল ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন। এরপর ১০ জুলাই অষ্ট মন্ডলের বাড়ির সামনের পাট ক্ষেত থেকে তার মৃতদেহ উদ্ধার হয়। শনিবার নদীয়ায় আসেন জাতীয় তপশিলি কমিশনের ভাইস চেয়ারম্যান অরুণ হালদার। শনিবার এসে প্রথমে যান ধুবুলিয়ার পন্ডিতপুরে। পরবর্তীতে কৃষ্ণনগরে সার্কিট হাউসে এসে সাংবাদিক বৈঠক করেন তিনি। সাংবাদিক বৈঠক থেকে রাজ্য সরকার সহ স্থানীয় পুলিশ প্রশাসনকে তীর্যক ভাষায় আক্রমণ করেন ও হুঁশিয়ারি দেন। তিনি বলেন, জুডিশিয়াল কমিশনের সাথে সহযোগিতা করে না এই রাজ্যের ডিএম এসপি, অথচ সংবিধান নিয়ে চাকুরীতে অংশগ্রহণ করা প্রশাসনিক সর্বোচ্চ আধিকারিকরা তপশিলি জাতি উপজাতির মানুষ খুন হয়ে যাওয়ার পরেও গ্রেফতার করে না অভিযুক্তদের। এভাবে চলতে থাকলে, জুডিশিয়াল পাওয়ার কাজে লাগিয়ে তাদেরকে দিল্লিতে ডেকে পাঠানো হবে, প্রয়োজনে অন্য তদন্তকারী সংস্থা দিয়ে তদন্ত করিয়ে, নীরব থাকা এই সকল আধিকারিকদেরই বিরুদ্ধেই ব্যবস্থা নেওয়া হবে হাইকোর্টের দ্বারস্থ হয়ে। এ দিন তিনি আরও দাবী করেন, পশ্চিমবঙ্গের মধ্যে তপশিলি জাতি এবং আদিবাসীদের বসবাস অনুযায়ী জেলা ভিত্তিক নদীয়া দ্বিতীয়। সংবিধান অনুযায়ী বিশেষ ব্যবস্থা তো দূরে থাক এখানকার ডি এম, এস পি তপশিলি বিষয় বাড়তি আলোকপাত তো দূরে থাক ন্যূনতম, খোঁজখবরও নেন না। চেয়ারপার্সন অরুন বাবু জানান তিনি আজ, ভোট পূর্ববর্তী এবং পরবর্তী সময়কালে তপশিলি জাতির খুন হওয়া মোট নটি পরিবারের সাথে দেখা করবেন, ঘুরে দেখবেন খুন হওয়া স্থান, এরপর সেই রিপোর্ট তিনি জমা দেবেন হাইকোর্টে, উঠে আসবে প্রশাসনিক কর্মকর্তাদের নীরব থাকার প্রসঙ্গও।

# পরীক্ষা চলাকালীন ক্লাস রুমেই সাপের ছোবল ছাত্রীকে

দুরন্ত বার্তা, চালসা, ৫ আগস্ট ঃ পরীক্ষা চলাকালীন ক্লাসরুমেই সাপের ছোবলে আহত হল এক ছাত্রী। শনিবার জলপাইগুড়ি জেলার ধূপগুড়ি গার্লস হাইস্কুলে ঘটনাটি ঘটেছে। পড়ুয়াকে উদ্ধার

করে স্কুল কর্তৃপক্ষ ধূপগুড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। সেখানেই পর্যবেক্ষণে রয়েছে ওই ছাত্রী। জানা গিয়েছে, সোয়া আকতার নামের দশম শ্রেণির ওই ছাত্রীর এদিন ইউনিট টেস্ট ছিল। ছিল জীবনবিজ্ঞানের পরীক্ষা। পরীক্ষা শুরুর অল্প কিছুক্ষণের মধ্যেই তাকে সাপ ছোবল মারে। ঘটনাটিতে আতঙ্ক ছড়িয়ে পড়ে স্কুলে। সর্পদংশনের পর থেকেই অসুস্থ বোধ করে ওই ছাত্রী। ঘটনাটি জেনেই স্কুলের শিক্ষিকারা ব্যবস্থা নেন। ছাত্রীকে সাপের ছোবলের ঘটনাটি তাঁরা কর্তৃপক্ষকে জানান। ওই ছাত্রীর বোনও ওই স্কুলে পড়ে। তড়িঘড়ি তাকে ডেকে আনা হয়। তারপর সকলে মিলে ছাত্রীকে ধূপগুড়ি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। স্কুল কর্তৃপক্ষ সাপটির ছবি তুলে হাসপাতালের চিকিৎসককে দেখান। সাপটি বিষহীন না বিষধর, তা নিয়ে অবশ্য সন্দেহের অবকাশ রয়েছে। হাসপাতালে ছাত্রীর চিকিৎসা শুরু করা হয়েছে। দিনভর পর্যবেক্ষণে রাখা হবে বলেই জানিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ।

# একাধিক মোবাইল উদ্ধারের পর প্রকৃত মালিকদের হাতে তুলে দিল পুলিশ সুপার

দুরন্ত বার্তা, মালদা, ৫ আগস্ট ঃ চুরি এবং হারিয়ে যাওয়া নামিদামি কোম্পানির প্রায় ৭০ টি মোবাইল উদ্ধারের পর প্রকৃত মালিকদের হাতে তুলে দিল পুলিশ সুপার প্রদীপ কুমার যাদব। শনিবার সকাল ১১ টা

নাগাদ মালদা জেলা পুলিশ সুপারের অফিসে উদ্ধার হওয়া এইসব মোবাইল প্রকৃত মালিকদের হাতে ফিরিয়ে দেওয়ার ব্যবস্থা করা হয় জেলা পুলিশের পক্ষ থেকে। পুলিশ সুপার ছাড়া উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার অমিত কুমার সাউ সহ জেলা পুলিশের পদস্থ কর্তারা। চলতি বছর এখনো পর্যন্ত প্রায় এক হাজার নামিদামি কোম্পানির মোবাইল উদ্ধারের পর প্রকৃত মালিকদের হাতে ফিরিয়ে দেওয়ার ব্যবস্থা করেছে জেলা পুলিশ কর্তৃপক্ষ। পুলিশ সূত্রে জানা গেছে, ইংরেজবাজার, চাঁচল, বৈষ্ণবনগর, বামনগোলা, কালিয়াচক, গাজোল সহ বেশ কয়েকটি থানা এলাকায় জুলাই মাসে নামিদামি কোম্পানির মোবাইল চুরি এবং হারিয়ে যাওয়ার অভিযোগ দায়ের হয়েছিল। এইসব ঘটনা নিয়ে তদন্ত শুরু করে পুলিশ । এক মাসের মধ্যেই বিভিন্ন থানা এলাকা থেকেই অভিযোগের পরিপ্রেক্ষিতে সেইসব মোবাইলগুলি উদ্ধার করা হয়। এদিন চুড়ি এবং হারিয়ে যাওয়া মোবাইল হাতে পেয়ে পুলিশের ভূমিকায় খুশি প্রকাশ করেছেন প্রকৃত মালিকেরা। মালদার পুলিশ সুপার প্রদীপ কুমার যাদব জানিয়েছেন, কারও মোবাইল হারিয়ে গিয়েছিল, কারও মোবাইল আবার চুরি হয়েছিল । শনিবার সেই মোবাইল গুলি সংশ্লিষ্ট মালিকদের হাতে তুলে দেওয়ার ব্যবস্থা করা হয়। এখন পর্যন্ত এক হাজারেরও বেশি মোবাইল উদ্ধার হয়েছে। এদিন জেলার বিভিন্ন থানা থেকে প্রায় ৭০টি মোবাইল উদ্ধার হয়েছে। আশা করছি আগামীতে আরও মোবাইল উদ্ধার হবে।

# ডেঙ্গি বা ম্যালেরিয়া নয়, রায়গঞ্জে উদ্বেগ বাড়ছে স্ক্রাব টাইফাসের

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ৫ আগস্ট ঃ ডেঙ্গি বা ম্যালেরিয়া নয় বরং রায়গঞ্জে উদ্বেগ বাড়ছে স্ক্রাব টাইফাসের। রায়গঞ্জ মেডিকেলে উপসর্গ নিয়ে ভর্তি রয়েছেন বেশ কয়েকজন। সঙ্গে জ্বরে আক্রান্তের সংখ্যাও রয়েছে যথেষ্ট। মশারি টাঙিয়ে থাকতে দেখা যাচ্ছে অনেক রোগীদেরই। রায়গঞ্জ মেডিকেলের দাবী, বৃহস্পতিবার পর্যন্ত ২৬ জন চিকিৎসাধীন রোগীদের মধ্যে এই স্ক্রাব টাইফাসে আক্রান্তের হদিশ মিলেছে। বাকিদের রক্তের নমুনা পরীক্ষা চলছে। আক্রান্তের সংখ্যাটা আরো বাড়বে বলেই আশঙ্কা করছেন চিকিৎসকেরা। জ্বর, প্রবল শরীর ব্যাথা সহ একাধিক উপসর্গ থাকছে রোগীদের। প্রত্যেকেরই রক্তের নমুমা পরীক্ষা করার পাশাপাশি প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করা হচ্ছে বলে মেডিকেল কর্তৃপক্ষ জানিয়েছেন। তবে চিকিৎসাধীনদের অধিকাংশই গ্রামাঞ্চলের বাসিন্দা। পতঙ্গ বাহিত অন্যান্য রোগের মধ্যে স্ক্রাব টাইফাসের আতঙ্ক ক্রমেই বাড়ছে। রোগীর পরিজনেরা জানাচ্ছেন, তারা রীতিমতো আতঙ্কে, ভয়ে রয়েছেন। তারা যথেষ্টই উদ্বিগ্ন বলে জানান। যদিও এই রোগ পতঙ্গ বাহিত হলেও ছোঁয়াচে নয় বা এক মানুষের থেকে অন্য মানুষে ছড়ায় না ডেঙ্গির মতো। আর রায়গঞ্জ মেডিকেলে চিকিৎসার ব্যবস্থা আছে বলে ভরসা দিলেও ক্রমান্বয়ে এই স্ক্রাব টাইফাসে আক্রান্তের সংখ্যাবৃদ্ধি উদ্বেগ বাড়াচ্ছে চিকিৎসক মহলেও। যদিও এতে আতঙ্কিত না হয়ে উপসর্গ দেখা দিলে চিকিৎসকের পরামর্শ নেওয়া প্রয়োজন বলে রায়গঞ্জ মেডিকেল কর্তৃপক্ষ জানিয়েছেন।

# ডেঙ্গুর লাগাম টানতে মেয়রের প্রশাসনিক বৈঠক ও ৪ টি ভ্যান উদ্বোধন

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৫ আগস্ট ঃ ডেঙ্গুর লাগাম টানতে জেলা শাসককে নিয়ে মেয়রের প্রশাসনিক বৈঠক। গত বারের ভুলের খেশারত গুনতে হচ্ছে এখনও। গত বছর যে ভাবে ডেঙ্গু মহামারির আকার ধারন করেছিল তা নিয়ে পুরসভার গাফিলতি নিয়ে আঙ্গুল তুলেছিল জন সাধারন। তবে এবার সেই ভুল করতে নারাজ পুরসভা। সেই কারনে যুদ্ধকালীন তৎপরতায় ডেঙ্গু কে নির্মূল করতে উদ্যোগী হয়েছে মেয়র গৌতম দেব। শনিবার দার্জিলিং জেলাশাসক এস পুনমবল্লম সহ জেলার স্বাস্থ্য আধিকারিক ও স্বাস্থ্য কর্মীদের নিয়ে বৈঠক সারেন তিনি। পরিশেষে তিনি জানান, এবার কড়া হাতে ডেঙ্গু মোকাবিলা করা হবে। পরিত্যাক্ত ফাঁকা জায়গা দ্রুত পরিষ্কার করার নির্দেশ দেন জমির মালিককে। প্রয়োজনে আইনি ব্যবস্থা গ্রহনের হুঁশিয়ারি দেন। অন্যদিকে একজন ডেঙ্গু সংক্রমিত হলে তার আশেপাশের ১০০ টি বাড়িকে গুরুত্ব সহকারে দেখার কথা জানান তিনি। যেহেতু আগস্ট মাস থেকেই ডেঙ্গুর বার বারন্তি দেখা যায়, সেই কারনে সচেতনতা মূলক প্রচারের পাশাপাশি ১৭ আগস্ট পরিষ্কার- পরিচ্ছন্ন দিবস পালন করবে পুরসভা, বলে জানান তিনি। অন্যদিকে, ডেঙ্গি রুখতে শহরে আরও ৪ টি আবর্জনা পরিষ্কার করার ভ্যান চালু করলো শিলিগুড়ি পুরনিগম। সবুজ পতাকা দেখিয়ে শনিবার গাড়িগুলির উদ্বোধন করেন মেয়র গৌতম দেব। গতবারের মতো এবারেও ডেঙ্গি যাতে ভয়াবহ রুপ ধারণ না করতে পারে সেকারণে আগেভাগেই প্রস্তুতি নিয়েছে শিলিগুড়ি পুরনিগম। ফগিং, ব্লিচিং ছড়ানো ও দুয়ারে দুয়ারে সমীক্ষার কাজ শুরু হয়েছে। জঞ্জাল পরিষ্কারের জন্য পুর কর্মীও নিয়োগ করা হয়েছে। এবারে আবর্জনা পরিষ্কারের জন্য শহরে নামানো হলো আরও ৪ টি ভ্যান। শনিবার সবুজ পতাকা দেখিয়ে এই কাজের সূচনা করেন মেয়র গৌতম দেব। উপস্থিত ছিলেন জঞ্জাল অপসারণ বিভাগের মেয়র পারিষদ মানিক দে সহ অন্যান্য পুর আধিকারিকরা।

# নিয়োগ প্রক্রিয়া থেকে বঞ্চিত করা হচ্ছে করোনা যোদ্ধাদের, প্রতিবাদে বিক্ষোভ

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৫ আগস্ট ঃ স্বাস্থ্য দপ্তরে নতুন করে কর্মী নিয়োগ করা হলেও সেই নিয়োগ প্রক্রিয়া থেকে বঞ্চিত করা হচ্ছে করোনা যোদ্ধাদের। এর প্রতিবাদে জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের দপ্তরের সামনে বিক্ষোভ আন্দোলন শুরু করলেন দীর্ঘ আড়াই বছর ধরে স্বাস্থ্য পরিষেবা দিয়ে

আসা করোনা যোদ্ধারা কোভিড যোদ্ধাদের অভিযোগ, স্বাস্থ্য দপ্তরের একাংশ কর্মীর আত্মীয় স্বজনরা চাকরি পাচ্ছেন। অথচ জলপাইগুড়ির কোভিড হাসপাতালে কাজ করে আসা করোনা যোদ্ধারা নতুন নিয়োগ থেকে বঞ্চিত হচ্ছেন। এই নিয়ে বিক্ষোভ প্রদর্শন করে স্বচ্ছ নিয়োগের মাধ্যমে কোভিড যোদ্ধাদের চাকরির সুযোগ দেওয়ার দাবি জানান তারা। আন্দোলনরত করোনা যোদ্ধারা বলেন, কোভিড হাসপাতালগুলোতে কাজ করার সময় নিজেদের জীবন বাজি রেখে পরিষেবা দিয়ে এসেছেন তারা। তাই জলপাইগুড়ি মেডিক্যাল কলেজ ও হাসপাতালে যে কর্মী নিয়োগের প্রক্রিয়া চলছে সেখানে তাদেরও সুযোগ দেওয়া হোক। বিষয়টি নিয়ে জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ অসীম হালদার বলেন, নিয়োগ প্রক্রিয়ার বিষয়টি মেডিক্যাল কলেজ হাসপাতাল কর্তৃপক্ষ দেখছে। তা সত্ত্বেও ওনাদের দাবিগুলো উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হবে।

# রাতভর বৃষ্টির জেরে সড়ক থেকেই মিলছে দেদার মাছ, পড়েছে হুড়োহুড়ি

দুরন্ত বার্তা, মালবাজার, ৫ আগস্ট ঃ রাত থেকে অনবরত বৃষ্টি হচ্ছে পাহাড় এবং সমতলে। যার ফলে ডুয়ার্সের বিভিন্ন নদীর জল বাড়তে শুরু করেছে। এর মধ্যে মাল ব্লকের ঘীস নদী- সংলগ্ন রোমতী নদীর জল রাত থেকে জাতীয় সড়ক দিয়ে বইতে শুরু করেছে। জানা গিয়েছে, পাহাড়ে বেশি বৃষ্টি হলেই রোমতীর জল এই জাতীয় সড়ক দিয়ে প্রবাহিত হয়। তখন ধীর গতিতে চলাচল করে সমস্ত গাড়ি। এদিন অবশ্য একটু অন্য ছবি দেখা গেল ওই জাতীয় সড়কে। বহু মানুষ রাস্তার উপর এসে মাছ ধরতে ব্যস্ত হয়ে পড়েছেন এদিন। এক-একজন ২৫০ গ্রাম থেকে ৫০০ গ্রাম পর্যন্ত বিভিন্ন রকম নদীয়ালি মাছ ধরতে পারছেন জাতীয় সড়ক থেকেই! তা-ও আবার খালি হাতেই এইসব মাছ ধরতে দেখা গেল তাঁদের! জানা গিয়েছে, রোমতী নদীর জল যখন রাস্তার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে, তখন জলের স্রোতে বহু মাছও রাস্তার উপর চলে আসছে। আর এতেই মাছ ধরার জন্য হুড়োহুড়ি পরে গিয়েছে জাতীয় সড়ক জুড়ে। স্থানীয় বাসিন্দা কাইয়া ছেত্রী বলেন, ভোরবেলা থেকে আমি ও আমার ছেলে রাস্তার উপর থেকে পুঁটি, বোরলি, চেলা- সহ বিভিন্ন রকম মাছ ধরেছি। রোমতী নদীর জলের স্রোতে রাস্তার উপর ভেসে চলে আসছে এইসব মাছ। শুধু আমি নই, আমার মতো বহু মানুষই ভোর বেলা থেকে মাছ ধরছেন এখানে। তবে এই ভাবে জাতীয় সড়কে মাছ ধরার জন্য গাড়ি চলাচলে কিছুটা সমস্যা হয় বলেও তিনি স্বীকার করেছেন।

# বাম-কংগ্রেস জোটের শিবিরে হামলা চালানোর অভিযোগ উঠল এলাকার তৃণমূল নেতৃত্বের বিরুদ্ধে

দুরন্ত বার্তা, মালদা, ৫ আগস্ট ঃ গভীর রাতে হরিশ্চন্দ্রপুর থানা থেকে ঢিল ছোঁড়া দূরত্বে বাম-কংগ্রেস জোটের শিবিরে হামলা চালানোর অভিযোগ উঠল এলাকার তৃণমূল নেতৃত্বের বিরুদ্ধে। পাশাপাশি শিবিরের গ্রিলের দরজার তালা ভাঙার সঙ্গে সঙ্গে দুই রাউন্ড গুলি চালানোর অভিযোগে উঠেছে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। জানা গেছে, হরিশ্চন্দ্রপুর থানা পাড়া এলাকায় হরিশ্চন্দ্রপুর হেড পোস্ট অফিসের সামনে কংগ্রেসের পঞ্চায়েত সমিতির বিজয়ী প্রার্থী তহমিনা খাতুনের বাড়িতে হরিশ্চন্দ্রপুর-১ নং পঞ্চায়েত সমিতির বাম- কংগ্রেস জোটের ১১ জন বিজয়ী প্রার্থীকে নিয়ে শিবির করা হয়েছে। অভিযোগ, পঞ্চায়েত স্তরে তৃণমূল কংগ্রেস আশানুরূপ ফলাফল করতে পারেনি। তা সত্ত্বেও পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির বোর্ড গঠন করার জন্য মরিয়া হয়ে উঠেছে। আগামী ১২ আগস্ট পঞ্চায়েত ও ১৪ আগস্ট পঞ্চায়েত সমিতির বোর্ড গঠন রয়েছে। বৃহস্পতিবার রাত বারোটা নাগাদ দুইটি চার চাকা বোঝায় কিছু মুখ ঢাকা দুষ্কৃতী ওই শিবিরে হামলা চালায়। লাঠি সোটা এবং বন্দুক নিয়ে শিবিরের মূল ফটোকে আঘাত হানতে থাকে। বিজয়ী প্রার্থী তহমিনা খাতুন এর স্বামী শিক্ষক আবুল কালাম আজাদ

প্রতিবাদ করতে গেলে তাকে বেধরকভাবে মারধর করা হয় বলে অভিযোগ। তৃণমূল আশ্রিত ওই দুষ্কৃতীরা হামলা চালানোর সময় দুই রাউন্ড গুলি চালায় বলে অভিযোগ। শিবিরের মধ্যে পাথর ছুড়তে শুরু করেন তৃণমূলের দুষ্কৃতীরা। ভেঙে দেওয়া হয় সিসিটিভি ক্যামেরা। এরপরই শিবিরের প্রার্থীদের চেঁচামেচিতে এলাকার মানুষ জেগে যায়। তারপরেই ওই দুষ্কৃতীরা পালিয়ে যায় বলে জানা গেছে। এদিন সকালে হরিশ্চন্দ্রপুর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন বলে জানিয়েছেন বাম কংগ্রেস-নেতৃত্ব। এলাকার কংগ্রেস নেতৃত্বের বক্তব্য হরিশ্চন্দ্রপুর-১ নং পঞ্চায়েত সমিতি শাসকদলের হাতছাড়া হওয়ার পর থেকেই তারা ক্রমাগত আক্রমণ করে যাচ্ছে। গতকাল তারা জোটের প্রার্থীদের অপহরণ করার জন্য এসেছিল। হামলার ঘটনার ভিডিও ইতিমধ্যেই প্রকাশ্যে এসেছে। হরিশ্চন্দ্রপুর সদর এলাকার থানা থেকে কিছু দূরে এই ধরনের ঘটনা ঘটায় আতঙ্কিত এলাকাবাসী। পুলিশের ভূমিকা নিয়েও উঠছে প্রশ্ন। এই প্রসঙ্গে প্রদেশ কংগ্রেসের সাধারণ সম্পাদক তথা হরিশ্চন্দ্রপুরের কংগ্রেসের প্রাক্তন বিধায়ক মোস্তাক আলম সরাসরি অভিযোগ তুলেছেন এলাকা তৃণমূল নেতৃত্বের দিকে। তার দাবি তৃণমূল আশ্রিত গুন্ডা বাহিনী জোটের প্রার্থীদের অপহরণ করতে এই কান্ড ঘটিয়েছে। আমরা অবিলম্বে হাইকোর্টের দ্বারস্থ হব। এই ব্যাপারে তৃণমূলের কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি। অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করেছে হরিশ্চন্দ্রপুর থানার পুলিশ।

# লটারিতে ১ কোটি পেয়ে আনন্দিত কুশমন্ডির যুবক

দুরন্ত বার্তা, দক্ষিণ দিনাজপুর, ৫ আগস্ট ঃ ভাগ্য বদলের চাবি কি 'লটারি'। ফের মিলল তেমনই এক জ্বলন্ত প্রমাণ। তবে এই লটারির মাধ্যমে ভাগ্যের চাকা ঘুরে গেল দক্ষিণ দিনাজপুর জেলার কুশমন্ডি ব্লকের মোল্লাপাড়া গ্রামের বাসিন্দা মোর্তুজ আলির। জানা যায় আজ পশ্চিমবঙ্গের রাজ্য সরকারের অনুমোদিত নাগাল্যান্ডের ডিয়ার লটারি কেটে কোটিপতি হলেন মোর্তুজ আলি। তিনি আজ বাজারে গিয়ে শখ করে লটারি কাটেন। ভাগ্যের কি পরিহাস সে লটারিতেই ১ কোটির পুরস্কার। সেই লটারির দুপুর ১ টার পর খেলা হলে, তিনি জানতে পারেন তার কেনা লটারি প্রথম পুরস্কার অর্জন করেছে। খুশিতে পরিবার সহ স্থানীয়রা। এইদিন রাত্রি ৮ টায় সেই লটারির টিকিট মোর্তুজ আলী পুলিশের কাছে জমা দেন। পাশাপাশি পুলিশের কাছে নিরাপত্তার জন্যও তিনি অনুরোধ করেছেন। তার হাতে পুরস্কার তুলে দেওয়া হবে বলে জানা যায়। এই প্রসঙ্গে মোর্তুজ আলি জানান প্রতিদিন লটারি কেনার পর আজকেই এক কোটি টাকা পাওয়া গেলো। এই টাকা দিয়ে সে ব্যবসা করতে চায়।

# বৃক্ষরোপণ অনুষ্ঠান গান্ধর্বীর

দুরন্ত বার্তা, রামপুরহাট, ৫ আগস্ট ঃ মরুবিজয়ের কেতন উড়াও নৃত্য সঙ্গীত সহযোগে এক অভিনব মনোহর অনুষ্ঠিত হল গান্ধর্বীর বাগান বাড়িতে। এই অনিন্দ্যসুন্দর অনুষ্ঠানে সাথ দিয়ে প্রকৃত ছিল অকৃপণ। খোলা আকাশের নিচে কখনও ঝিরঝির আবার কখনও পশলা বৃষ্টির ধারার মধ্যে গাছ গাছালির মধ্যে একের পর এক নৃত্য ও সঙ্গীতের মধ্য দিয়ে বৃক্ষরোপণ অনুষ্ঠান পালিত হয়। বিভিন্ন বক্তার বক্তব্যে উঠে আসে বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা এবং রবীন্দ্রনাথের শাস্বত বাণী বৃক্ষ আদি প্রাণ। আলোচিত হয় শান্তিনিকেতনে রবীন্দ্র জীবদ্দশায় বৃক্ষরোপণ অনুষ্ঠান। শান্তিনিকেতন থেকে দূরে একটি ছোট্ট শান্তিনিকেতন উপহার দেয় গান্ধর্বী। অংশগ্রহণে ছিলেন গান্ধর্বীর কুশীলববৃন্দ- পৃথ্বীসা, ঈশিকা, অদৃতা, আদৃকা, আরাধ্যা, আনন্দিতা, অনুশ্রী, রাজেশ্বরী, সুকন্যা, রাজসী, আরাধ্যা, সৌমজিত, শাম্ভবী, বিকাশ বিনীতা, আলপ্তি , কল্লোলিকা, অয়ন্তিক, নিলাদ্রী, প্রেরণা, শ্রীময়ী, মৌতৃষা, পারমিতা, প্রিয়াঙ্কা , শুভ্রা, তুহিনা, তপতী , রজত, ও বুদ্ধদেব মুখোপাধ্যায়। সঙ্গতে- সুমন্ত মুখোপাধ্যায় ও তাপস ভট্টাচার্য্য। কথন- মলয় মজুমদার, দেবশ্রী মজুমদার, নিখিল চন্দ্র সিনহা, বুদ্ধদেব মুখোপাধ্যায়। বৃক্ষরোপণে সহযোগিতা করেন গান্ধর্বীর অন্যতম সদস্য দেবব্রত রায়, কৃষ্ণময় দাস। এডিটিংয়ে ছিলেন সুমন ঘোষ। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন গান্ধর্বীর কর্ণধার সঙ্গীত শিল্পী চৈতি মজুমদার ।

# বিক্ষোভ যুব কংগ্রেসের

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৫ আগস্ট ঃ মণিপুরের ঘটনার প্রতিবাদে শিলিগুড়ির হাশমি চকে বিক্ষোভ প্রদর্শন করল যুব কংগ্রেস। এই বিক্ষোভ থেকে মণিপুরের ঘটনায় প্রধানমন্ত্রী কেন চুপ রয়েছেন এই প্রশ্ন তোলা হয়। শনিবার দুপুরে শিলিগুড়ির হাসমি চকে বিক্ষোভ প্রদর্শন করে যুব কংগ্রেসের নেতৃত্ব এবং কর্মীরা। মণিপুরে দুই মহিলাকে বিবস্ত্র করে ঘোরানোর যে ভিডিও ভাইরাল হয়েছে তাতে এখনো পর্যন্ত প্রধানমন্ত্রীর কোন বক্তব্য নেই, মণিপুরে একের পর এক সন্ত্রাসের ঘটনা ঘটেই চলছে কিন্তু কোন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে না এমনই অভিযোগ তুলে এবং এর বিরোধিতা করে শিলিগুড়িতে বিক্ষোভ দেখালো যুব কংগ্রেস। এদিনের এই বিক্ষোভে উপস্থিত ছিলেন যুব কংগ্রেসের সভাপতি সায়ন ঘোষ সহ অন্যান্য নেতৃত্ব ও কর্মীরা।

**NIQ, Govt. of West Bengal**

Quotation is here by invited by the Executive Engineer, Bidhannagar IT Division, PWD, Room No 115, 1st Floor DF Block Purta Bhavan Sector-I, Saltlake, Kolkata-700091 from eligible contractor for the following work: Name of Work: 1. Temporary Video conferencing arrangement & operation for the other ends in the districts & blocks under North zone in connection with main program on 09.08.23 at Jhargram in presence of HCM, WB. 2. Temporary Video conferencing arrangement & operation for the other ends in the districts & blocks under West zone in connection with main program on 09.08.23 at Jhargram in presence of HCM, WB. 3. Temporary Video conferencing arrangement & operation for the other ends in the districts & blocks under South zone in connection with main program on 09.08.23 at Jhargram in presence of HCM, WB. SHORT NOTICE INVITING SPOT BID QUOTATION No: WBPWD/EE/ BIT/ NIQ-26, WBPWD/EE/ BIT/ NIQ-27 & WBPWD/EE/ BIT/ NIQ-28 of 2023-24. Last date of submission of Quotation: 08.08.2023 up to 12 PM. Corrigendum or Addendum if issued will be published only on the website. (https://www.pwdwb.in)

**Sd/- EE, Bidhannagar IT Division, PWD**

## রসনা

# ভেটকির ঝাল? ঝটপট রেসিপি জেনে নিন

বাড়িতে অতিথি আপ্যায়ণ করে পাত পেড়ে খাওয়াতেও তাঁর জুড়ি মেলা ছিল ভার! ফুলকো লুচি, বেগুন ভাজা, মাংসর বিষয় থাকবেই। মাছে-ভাতে খাঁটি বাঙালির জুরি মেলা ভার। প্রিয় একটি পদ ভেটকি ঝাল'-এর রেসিপি। প্রথমেই জেনে নিন কী কী লাগবে?

ভেটকি মাছ- বড় টুকরো করে কাটা

(৫০০ গ্রাম), পঁয়িজবাটা (২টো বড় মাপের), রসুনবাটা (২চাচামচ), আদাবাটা (২চাচামচ), দই (২ টেবিলচামচ), লঙ্কারগুঁড়ো (২ চাচামচ), কাঁচা লঙ্কা (৮টি), কালো জিরে (১ চাচামচ), জিরেগুঁড়ো (২ চাচামচ), সরষের তেল, নুন, চিনি, হলুদ (পরিমাণমতো)।

কীভাবে বানাবেন? মাছের পিসগুলো ভাল করে ধুয়ে নুন-হলুদ মাখিয়ে রাখুন। কড়ায় তেল গরম করে ভেজে তুলুন। ওই তেলেই এবার কালো জিরে ফোড়ন দিয়ে তাতে পঁয়িজবাটা, রসুনবাটা, আদাবাটার সঙ্গে কাঁচালঙ্কা, নুন, হলুদ, লঙ্কারগুঁড়ো, জিরেগুঁড়ো দিয়ে ভাল করে কষান। মশলার কাচা গন্ধ যেন না থেকে। তেল ছেড়ে এলে এবার এতে অল্প জল দিয়ে কষান আরেকবার। ঘন গ্রেভিতে টক দই দিয়ে ভাল করে নাড়িয়ে ফুটিয়ে তুলুন। এবার এতে ভেজে রাখা মাছের পিসগুলো দিয়ে ঢেকে দিয়ে মাঝারি আঁচে মিনিট চারেক রাখলেই তৈরি কিশোর কুমারের প্রিয় ভেটকি ঝাল'। এই রান্নায় অনেকে আলু, বড়ি এবং ধনেপাতা ব্যবহার করেন। আপনাদের পছ ঃদ হলেও করতে পারেন।

ইটালির খাবার স্পেগেটি। এমনিতে পাস্তা গোত্রের হলেও তা দেখতে নুডলের মতো। অন্যদিকে খানিক গলদা চিংড়ির মতো দেখতে লবস্টার। সামুদ্রিক এই প্রাণীর লেজ পেশিবহুল হয়। সাধারণত লাল ও বাদামি রঙের হয় দেখতে হয় লবস্টার। এই দুইয়ের মিশেলে তৈরি হয় লবস্টার স্পেগেটি' যা নাকি শাহরুখ খানের খুবই পছন্দের। চাইলে আপনিও বাড়িতে তৈরি করে ফেলতে পারেন এই পদ। এখন সুপারমার্কেটে উপাদান পেয়েই যাবেন।

কী কী লাগবে?এক কাপ স্পেগেটি,অলিভ অয়েল (১ টেবিল চামচ),একটি লবস্টার,কুচো করে কাটা তিনটি পেঁয়াজ,চিলি পেপার (২ টেবিল চামচ),তিন কোয়া রসুন,৮টি চেরি টমেটো,বেসিল পাতা,লেবুর স্লাইস

কীভাবে তৈরি করবেন?

একটি পাত্রে চার কাপ জল নিন। তাতে নুন দিন। ফুটতে শুরু করলে স্পেগেটিগুলো দিয়ে দিল। ২ থেকে ৩ মিনিট মতো রেখে দেখুন তা কতটা নরম হয়েছে। এমন নরম করবেন যাবে একটু দাঁতে আটকায়। ইটালিয়রা এই অবস্থাকে দাঁন্তে' বলেন। এবার স্পেগেটি ছেঁকে তুলে নিয়ে জলটা আলাদা ভাবে রেখে দিন। তারপর জলে সামান্য নুন ও গোলমরিচ ও কয়েক ফোঁ টা তেল দিয়ে লবস্টার সিদ্ধ করে নিন।

এবার প্যান নিয়ে তাতে অলিভ অয়েল দিন। রসুন, চিলি পেপার আর কুচো করে কাটা পঁয়িজ গিয়ে একটু ভাজুন। পঁয়িজ নরম হয়ে আসলে চেরি টমেটো দিন। সমস্ত কিছুতে নুন আর গোলমরিচ দিন। টমেটোগুলিকে খুন্তি দিয়ে চেপে রসটা বের করে দিন। সমস্তটা রান্না করে সসের মতো টেক্সচার করে ফেলুন। এবার স্পেগেটি আর লবস্টার দিয়ে দিন। ভাল করে নেড়ে নিয়ে গরম গরম পরিবেশন করুন। আর উপরে কয়েকটা বেসিল পাতা ছঁড়ে দিন। আর দু-তিন টুকরো লেবুর স্লাইস দিয়ে সাজিয়ে দিন।

# বর্ষায় কলাপাতায় ইলিশ ভাজা' খেয়েছেন কখনও?

বর্ষা মানেই ইলিশের মরসুম। আর হঁশেল থেকে আসা ইলিশের গন্ধে ম-ম করা বাড়ি। ভাজা থেকে ভাপা, পাতুরি, ঝোল ইলিশের হরেক পদ একেক দিন ঠাঁই পায় পাতে। এপার-ওপার তরজা ভুলে পদ্মার ইলিশে কবজি ডোবান খাদ্যরসিকরা। কিন্তু প্রতিবার একই রেসিপি খেয়ে একঘেয়েমি ধরে গেলে এবার রন্ধন-রসিকদের জন্য রইল নতুন পদের সন্ধান। যা কিনা খাঁটি বরিশালের রেসিপি- কলাপাতায় ইলিশ ভাজা'। কখনও চেখে না দেখলে এই বর্ষায় বাড়িতেই ঝটপট বানিয়ে নিতে পারেন ইলিশের এই খাঁটি বরিশালি রেসিপি। তাহলে দেখে নিন কী কী লাগবে এবং কীভাবে বানাবেন?

উপকরণ- ইলিশ মাছ, সাদা সরষে, সরষের তেল, কলাপাতা, রসুন, শুকনো লঙ্কা, নুন, হলুদ, লঙ্কার গুঁড়ো, ধনে গুঁড়ো, কাঁচা লঙ্কা।

প্রণালী- ১) সাদা সরষের সঙ্গে শুকনো লঙ্কা, ৪-৫ কোয়া রসুন বেটে নিন। ২) কলাপাতা কেটে ধুয়ে নিন। তারপর খানিক গরম তাওয়ায় সঁকে নরম করে নিন। ৩) এবার ইলিশের পিসগুলোতে বেটে রাখা মশলার সঙ্গে পরিমাণমতো নুন, হলুদ, লঙ্কার গুঁড়ো, ধনে গুঁড়ো, ২ টেবিল চামচ সরষের তেল মিশিয়ে ভাল করে মাখিয়ে নিন। ৪) এবার যে কড়াইতে ভাজবেন, তাতে নরম করে রাখা কলাপাতা রাখুন প্রথমে। এবার তার উপরে সরষের তেল ঢালুন ৪-৫ টেবিল চামচ। তাতে মশলা মাখানো ইলিশের পিসগুলো দিয়ে দিন। ৫) ঢিমে আঁচে রেখে ওপর দিয়ে ঢেকে দিন (মাটির পাত্রের ঢাকনা হলে ভাল)। মিনিট খানেক পর ঢাকনা তুলে মাছের পিসগুলো সাবধানে উলটে দিয়ে অপরদিকের পিঠ ভাজুন। আপনি যদি ঝাল খেতে ভালবাসেন তাহলে এই তেলে গোটা কাঁচা লঙ্কা চিঁড়ে দিয়ে দিতে পারেন। ২ পিঠ ভাজা হয়ে গেলে গরম ভাতের সঙ্গে পরিবেশন করুন কলাপাতায় ইলিশ ভাজা'।

নিরামিষ-আমিষ কাবাবের জিভে জল আনা রেসিপি

কাবাব এখন গোটা বিশ্বে জনপ্রিয়। রকমারি সব রেসিপি। রাঁধুনিদের এক্সপেরিমেন্টে নিত্যনতুন সব কাবাবের রেসিপি বেড়িয়েছে। মাছ-

মাংস তো বটেই, এমনকী নিরামিষ কাবাবও এখন হেঁশেলে হট ফেবারিট'। ১৪ জুলাই আজ বিশ্ব কাবাব দিবস। সেই উপলক্ষেই আপনাদের জন্য রইল ৩টি ভিন্ন ধরনের কাবাবের রেসিপি। যা সহজেই বাড়িতে বানিয়ে নেওয়া যায়।

ভেজ হরিয়ালি কাবাব- উপকরণ- সিদ্ধ পালং শাক, ছোলার ডাল, ধনেপাতা, ধনেগুঁড়ো, কাঁচালঙ্কা, জায়ফলগুঁড়ো, বেসন, কিশমিশ, ড্রাই ম্যাঙ্গো পাউডার, নুন, ঘি, সাদা তেল।

পদ্ধতি- ৪-৫ ঘণ্টা ভেজানো ছোলার ডাল, পালং শাক, ধনেপাতা, কিশমিশ, নুন, কাঁচালঙ্কা সমস্ত মূল উপকরণ মিক্সিতে বেটে নিন। সেই মিশ্রণে বেসন, ধনেগুঁড়ো,জায়ফলগুঁড়ো, ড্রাই ম্যাঙ্গো পাউডার, নুন দিয়ে ভাল করে মেখে নিন। এবার কাবাবের আকারে গড়ে নিয়ে প্রতিটার গায়ে ঘি ব্রাশ করে নিন। এবার তাওয়ায় সাদা তেল গরম করে ভেজে নিন দু-পিঠ।

ছাতু- ধনে চিকেন কাবাব

উপকরণ- চিকেন কিমা (৫০০), ধনেপাতা-রসুন-লঙ্কা-গোটা গোলমরিচ একসঙ্গে পেস্ট হবে, রোস্টেড ছাতু, পঁয়িজ বাটা, লেবুর রস, নুন, মিঠে আতর, গোলমরিচগুঁড়ো, সাদা তেল, ঘি।

পদ্ধতি- নুন, লেবুর রস, ধনেপাতা বাটার মিশ্রণ দিয়ে চিকেন কিমা ম্যারিনেট করে ১ ঘণ্টা রাখুন। তারপর প্যানে তেল গরম করে পঁয়িজ বাটা, কাঁচালঙ্কা কুচি দিয়ে ম্যারিনেটেড চিকেন দিন। পরিমাণমতো নুন। সেদ্ধ হয়ে গোলমরিচগুঁড়ো দিয়ে মাখো মাখো করে নিন। তেল ছাড়লে বুঝবেন হয়ে গেছে। নামানোর আগে মিঠে আতর ছড়ান। এবার বাইন্ডিংয়ের জন্য রোস্টেড ছাতু দিয়ে মেখে নিন। ঠান্ডা স্টিকে কাবাবের আকারে গড়ে রাখুন। এবার তাওয়ায় ঘি ব্রাশ করে এপিঠ-ওপিঠ ভেজে নিন।

দুধিয়া কাবাব

উপকরণ- পনির, দুধ, খোয়াক্ষীর, ক্রিম, চিজ, নুন, চিনি, এলাচগুঁড়ো, গরমমশলাগুঁড়ো, কাজুবাদাম, ঘি, কিশমিশ, পেস্তা, কর্নফ্লাওয়ার।

পদ্ধতি- পনির, চিজ, খোয়াক্ষীর গ্রেট করে নিয়ে তার মধ্যে অল্প দুধ, ক্রিম ও বাকি উপকরণ মিশিয়ে বেশ খানিকক্ষণ ভাল করে মাখুন। পুরো মসৃণ মাখা হয়ে টিক্কার আকারে গড়ে নিন। এবার তাওয়ায় ঘি দিয়ে এপিঠ-ওপিঠ করে ভেজে নিন।

# ভূমিকম্পে কেঁপে উঠল জম্মু ও কাশ্মীরের গুলমার্গ

শ্রীনগর, ৫ আগস্ট ঃ জম্মু ও কাশ্মীরে আবারও অনুভূত ভূমিকম্প। শনিবার সকালে গুলমার্গে কম্পন অনুভূত হয়েছে। রিখটার স্কেলে কম্পনের তীব্রতা ৫.২। এ কথা জানিয়েছে ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি (এনসিএস)। শনিবার সকাল ৮.৩৬ মিনিট নাগাদ কম্পন অনুভূত হয়। ভূমিকম্পে হতাহতের কোনও খবর নেই। এর আগে, গত জুলাই মাসে জম্মু ও কাশ্মীরের ডোডা জেলায় কম্পন অনুভূত হয়েছিল। রিখটার স্কেলে সে বার কম্পনের তীব্রতা ছিল ৪.৯। জুন মাসে ডোডায় ১২টি কম্পন অনুভূত হয়েছে। গত ১৩ জুন ওই জেলায় কম্পন অনুভূত হয়েছিল। কম্পনের তীব্রতা ছিল ৫.৪। সে বার কম্পনে জেলায় বেশ কয়েকটি বাড়িতে ফাটল দেখা গিয়েছিল।

# নুহ-তে অবৈধ নির্মাণ ভেঙে গুঁড়িয়ে দিল প্রশাসন

নুহ, ৫ আগস্ট ঃ সাম্প্রদায়িক হিংসায় সন্ত্রস্ত হরিয়ানার নুহ জেলায় অবৈধ নির্মাণ ভেঙে গুড়িয়ে দিল প্রশাসন। শনিবার সকালে নুহ জেলার এসকেএম সরকারি মেডিকেল কলেজের কাছে অবৈধ নির্মাণ ভেঙে গুঁড়িয়ে দিয়েছে হরিয়ানা প্রশাসন। বুলডোজার চালিয়ে অবৈধ নির্মাণ ভেঙে গুড়িয়ে দেওয়া হয়। এ বিষয়ে জেলা শহর প্ল্যানার বলেছেন, নালহার সাকের ধারে প্রায় ৪৫টি অবৈধ নির্মাণ ভেঙে গুঁড়িয়ে দেওয়া হয়েছে। এগুলি সবকটি অবৈধ বাণিজ্যিক দোকান ছিল, যা অবৈধভাবে তৈরি করা হয়েছিল। নুহ জেলার এসডিএম অশ্বিনী কুমার বলেছেন, মুখ্যমন্ত্রী মনোহরলাল খাট্টারের নির্দেশে এই অবৈধ উচ্ছেদ অভিযান চলছে। ২.৫ একর জুড়ে অবৈধ দখলদারি রয়েছে, সবই অবৈধ নির্মাণ। এখানকার কিছু মানুষ সাম্প্রতিক হিংসাতেও জড়িত বলে দেখা যাচ্ছে।

# গ্রন্থাগারের বিকাশ সমাজ ও সংস্কৃতির বিকাশের সঙ্গে জড়িত ঃ রাষ্ট্রপতি

নয়াদিল্লি, ৫ আগস্ট ঃ গ্রন্থাগারের বিকাশ সমাজ ও সংস্কৃতির বিকাশের সঙ্গে জড়িত। বললেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। তিনি বলেছেন, গ্রন্থাগারগুলিকে সামাজিক যোগাযোগ, অধ্যয়ন ও মননের কেন্দ্রে পরিণত হতে হবে। শনিবার দিল্লির প্রগতি ময়দানে দু''দিন ব্যাপী গ্রন্থাগার মহোসবের উদ্বোধন করার পর রাষ্ট্রপতি বলেছেন, গ্রন্থাগারগুলির উন্নয়ন দেশের সমাজ ও সংস্কৃতির উন্নয়নকে এগিয়ে নিয়ে যেতে সহায়ক ভূমিকা নেবে।রাষ্ট্রপতি আরও বলেছেন, গ্রন্থাগারের বিকাশ সমাজ ও সংস্কৃতির বিকাশের সঙ্গে জড়িত। এটি সভ্যতা এবং সংস্কৃতির অগ্রগতির একটি পরিমাপও।আমাদের দেশের প্রাচীন শিক্ষাকেঃদ্র নালন্দায় গ্রন্থাগারের নির্মাণ ও ধ্বংসের উদাহরণ দেখা গিয়েছে। রাষ্ট্রপতি বলেছেন, আমি পরামর্শ দিতে চাই, লাইব্রেরিগুলোকে ড্রয়িং রুম এবং কমিউনিটির অধ্যয়ন হিসেবে জনপ্রিয় করা উচিত। গ্রন্থাগারগুলিকে সামাজিক মিথস্ক্রিয়া এবং আত্ম-অধ্যয়ন ও মননের কেন্দ্রও হওয়া উচিত।

# দক্ষিণ পূর্ব রেলওয়ের আদ্রা ডিভিশনে উন্নয়নমূলক কাজের কারণে ট্রেনের নিয়ন্ত্রণ

কলকাতা, ৫ আগস্ট ঃ দক্ষিণ-পূর্ব রেলওয়ের আদ্রা বিভাগে রোলিং ব্লকের পরিপ্রেক্ষিতে, নিম্নলিখিত ট্রেনগুলি নিম্নরূপ নিয়ন্ত্রিত হবে।

ট্রেন বাতিল- ১. ০৮৬৮০। ০৮৬৭৯ আদ্রা-মেদিনাপুর-আদ্রা মেমু স্পেশাল, ১১.০৮.২০২৩ এবং ১৩.০৮.২০২৩ তারিখে শুরু হওয়া যাত্রা বাতিল থাকবে। ২. ০৮৬৪৭। ০৮৬৪৮ আদ্রা-বরাভূম-আদ্রা মেমু স্পেশাল, ০৮.০৮.২০২৩, ১০.০৮.২০২৩ এবং ১৩.০৮.২০২৩ তারিখে শুরু হওয়া যাত্রা বাতিল থাকবে। ৩. ০৮৬৬৫। ০৮৬৬৬ ভোজুডিহ-চন্দ্রপুরা-ভোজুডিহ মেমু স্পেশাল, ০৮.০৮.২০২৩ তারিখে শুরু হওয়া যাত্রা বাতিল থাকবে। ৪. ০৮৬৪৪। ০৮৬৪৩ আসানসোল-আদ্রা-আসানসোল মেমু স্পেশাল, ০৯.০৮.২০২৩ থেকে ১৩.০৮.২০২৩ পর্যন্ত শুরু হওয়া যাত্রা বাতিল থাকবে। ট্রেনের সংক্ষিপ্ত সমাপ্তি- সংক্ষিপ্ত উপত্তি ১. ০৮৬৮০। ০৮৬৭৯ আদ্রা-মেদিনাপুর-আদ্রা মেমু স্পেশাল, ০৭.০৮.২০২৩, ০৯.০৮.২০২৩, ১০.০৮.২০২৩ এবং ১২.০৮.২০২৩ তারিখে শুরু হওয়া যাত্রাটি বিনুপুর থেকে সংক্ষিপ্তভাবে বন্ধ করা হবে। ২. ০৮৬৮০। ০৮৬৭৯ আদ্রা-মেদিনাপুর-আদ্রা মেমু স্পেশাল, ০৮.০৮.২০২৩ তারিখে শুরু হওয়া যাত্রা, বাঁকুড়া থেকে সংক্ষিপ্ত সময়ে শেষ হবে। ৩. ১৮০৩৫। ১৮০৩৬ খড়্গপুর-হাতিয়া-খড়গপুর এক্সপ্রেস, ০৮.০৮.২০২৩, ০৯.০৮.২০২৩, ১০.০৮.২০২৩ এবং ১৩.০৮.২০২৩ তারিখে শুরু হওয়া যাত্রাটি অক্ষয় থেকে সংক্ষিপ্তভাবে বন্ধ করা হবে। ৪. ০৮১৭৪০৮৬৫২ টাটানগর-আসানসোল-বরাভূম মেমু স্পেশাল, ০৮.০৮.২০২৩, ১০.০৮.২০২৩, ১১.০৮.২০২৩ এবং ১৩.০৮.২০২৩ তারিখে শুরু হওয়া যাত্রা Ashort বা থেকে সংক্ষিপ্তভাবে বন্ধ করা হবে।৫. ০৮১৭৪০৮৬৫২ টাটানগর-আসানসোল-বরাভূম মেমু স্পেশাল, ০৭.০৮.২০২৩, ০৯.০৮.২০২৩ এবং ১২.০৮.২০২৩ তারিখে শুরু হওয়া যাত্রাটি বার্নপুর থেকে সংক্ষিপ্ত সময়ে শেষ হবে।৬. ০৩৫৯৪০৩৫৯৩ আসানসোল-পুরুলিয়া-আসানসোল মেমু স্পেশাল, ০৮.০৮.২০২৩, ১০.০৮.২০২৩, ১২.০৮.২০২৩ এবং ১৩.০৮.২০২৩ তারিখে শুরু হওয়া যাত্রাটি Ashort বা থেকে সংক্ষিপ্তভাবে বন্ধ করা হবে।৭. ১৮০২৪১৮০২৩ গোমোহ-খড়গপুর-গোমোহ এক্সপ্রেস, ০৮.০৮.২০২৩, ১১.০৮.২০২৩ এবং ১৩.০৮.২০২৩ তারিখে শুরু হওয়া যাত্রা বিষ্ণুপুর থেকে উদ্ভূত সংক্ষিপ্ত সময়ে শেষ হবে।ট্রেনের গতিপথ ১. ১৮৬০১ টাটানগর-হাতিয়া এক্সপ্রেস, যাত্রা শুরু হচ্ছে ০৭.০৮.২০২৩, ০৯.০৮.২০২৩, ১০.০৮.২০২৩ এবং ১২.০৮.২০২৩ তারিখে চান্দিল-গোন্ডা বিহার-মুড়ি হয়ে ডাইভার্ট রুটে চলবে। ট্রেনের পুনঃনির্ধারণ ১. ১৮০৩৬ হাতিয়া-খড়গপুর এক্সপ্রেস, ০৭.০৮.২০২৩ এবং ১২.০৮.২০২৩ তারিখে শুরু হওয়া যাত্রা হাতিয়া থেকে ১২.২০ টায় ছেড়ে যাওয়ার জন্য পুনরায় নির্ধারিত হবে। ০৯.২০ ঘন্টার পরিবর্তে।

# উত্তর পূর্ব রেল বিশ্বমানের ভ্রমণ সুবিধা প্রদানের কাজ দ্রুত করা হচ্ছে

গোরখপুর, ৫ অগাস্ট ঃ ভারত সরকারের 'নিউ ইন্ডিয়া'র স্বপ্নকে মাথায় রেখে, ভারতীয় রেলওয়েতে অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে রেলওয়ে স্টেশনগুলিতে বিশ্বমানের ভ্রমণ সুবিধা প্রদানের কাজ দ্রুত গতিতে করা হচ্ছে। বারাণসী সিটি, বেনারস, বালিয়া, আজমগড়, দেওরিয়া সদর, বাস্তি, বাদশা নগর, আইশবাগ সীতাপুর, কাসগঞ্জ, ফারুখাবাদ এবং লালকুয়ান স্টেশন ভারাটেশন ষ্টেশনের অধীনে উত্তর-পূর্ব রেলের ১২টি স্টেশন সহ ভারতীয় রেলের মোট ৫০৮টি স্টেশনের পুনর্নির্মাণের ভিত্তিপ্রস্তর। মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি ০৬ আগস্ট, ২০২৩-এ ভিডিও কনফারেন্সের মাধ্যমে এটি করবেন। এই উপলক্ষ্যে, দেশ ও রেলওয়েতে কী চলছে এই বিষয়ে উত্তর-পূর্ব রেলওয়ের সমস্ত সংশ্লিষ্ট স্টেশনগুলির কাছাকাছি অবস্থিত স্কুলগুলিতে অঙ্কন, প্রবন্ধ, বক্তৃতা এবং অন্যান্য প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল।

**Name Change**

I, GOUTAM KUMAR SEN (old name) S/O KRISHNA MOHAN SEN Presently residing at 1, Benoy Bose Road, Kolkata-700025 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) GOUTAM KUMAR, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 05/08/2023. GOUTAM KUMAR SEN and GOUTAM KUMAR both are same and one identical person.

**Name Change**

I SUNIL HALDER S/o NIROD BIHARI HALDER, OF 405, MAJHER PARA ROAD, PO-THAKURPUKUR, PS HARIDEVPUR, KOLKATA-700063, HAVE CHANGED MY NAME TO SUNIL CHANDRA HALDER VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC ON 08/02/2013 AT ALIPORE POLICE COURT. SUNIL HALDER HENCEFORTH BE KNOWN AS SUNIL CHANDRA HALDER FOR ALL PURPOSES AND THEY ARE BOTH SAME ONE AND IDENTICAL PERSON.

**Name Change**

I, NAJBUNNESSA BEGUM alias N. NESSA alias NAZBUN NISA KHAN (old name) W/O Ehsanul Haque Khan Presently residing at 44, Dent Mission Road, PO-Khidderpore, PS-Ekbalpore, Kolkata-700023 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) NAZBUN NESSA, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 05/08/2023. NAJBUNNESSA BEGUM, N. NESSA, NAZBUN NISA KHAN and NAZBUN NESSA both are same and one identical person.

**Name Change**

I, ARIF KHAN (old name) S/O EHSANUL HAQUE KHAN Presently residing at 44, Dent Mission Road, PO-Khidderpore, PS-Ekbalpore, Kolkata-700023 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) MD ARIF KHAN, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 05/08/2023. ARIF KHAN and MD ARIF KHAN both are same and one identical person.

**Name Change**

I, ROMA BHADURI (old name) D/O ARUN BIKASH CHOWDHURY Presently residing at 249, Sainik Nagar, Barbaria, Jagannathpur, North 24 Parganas-700126 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) RAMA BHADURI, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 05/08/2023. ROMA BHADURI and RAMA BHADURI both are same and one identical person.

**Name Change**

I, SANTOSH TAMANG (old name) S/O LATE PEMBA TAMANG Presently residing at Ranbul Bangla Dara, PO-Rangbul, PS-Jorebunglow, Dist-Darjeeling, Pin-734123 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) SANTOSH KUMAR TAMANG, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 05/08/2023. SANTOSH TAMANG and SANTOSH KUMAR TAMANG both are same and one identical person.

**Name Change**

I, AJAY KR BHUJA (old name) S/O LATE R L BHUJA(Old Name) Presently residing at SHREE LEKHA SADAN FLAT NO-6 6A 3RD FLOOR 26C PRASANNA KUMAR TAGORE STREET JORABAGAN KOLKATA 700006 West Bengal, India, have changed my & my father's name to (shall henceforth be known as) AJAY KUMAR SHAW S/o LATE RAM LAKHAN SHAW, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 05/08/2023. AJAY KR BHUJA S/O LATE R L BHUJA and AJAY KUMAR SHAW S/o LATE RAM LAKHAN SHAW all are same and identical persons.

# প্রযুক্তির মাধ্যমে দেশে স্বাস্থ্যসেবা সহজলভ্য হচ্ছে মনসুখ মান্ডভিয়া

গান্ধীনগর, ৫ আগস্ট ঃ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দেশের উন্নতি হয়েছে এবং ভবিষতে আরও উন্নতি হবে। এর ফলে দেশের স্বাস্থ্যসেবা সহজলভ্য ও সাশ্রয়ী করা হচ্ছে। জোর দিয়ে বললেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া। তিনি বলেছেন, আগামী দিনে নবজাতক শিশুদের টিকা নিবন্ধনের জন্য ইউ-উইন প্ল্যাটফর্ম চালু করা হবে। এর মাধ্যমে আমরা ১০০ শতাংশ টিকা অর্জন করতে সক্ষম হব। শনিবার গুজরাটের গান্ধীনগরে আসন্ন জি-২০ গোষ্ঠীর স্বাস্থ্য মন্ত্রীদের বৈঠকের প্রস্তুতি পর্যালোচনা করেছেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া। কেঃদ্রীয় মন্ত্রীর সঙ্গে ছিলেন গুজরাটের স্বাস্থ্যমন্ত্রী রুশিকেশ প্যাটেল। মনসুখ বলেছেন, জি-২০ বৈঠকে তিনটি অগ্রাধিকারমূলক এজেন্ডা নিয়ে আলোচনা করা হবে - প্রতিকার, ডিজিটাল স্বাস্থ্য এবং মহামারীর পরিস্থিতিতে একসঙ্গে কাজ করা।

# হারিয়ে যাওয়া ব্যাগ উদ্ধার করে যাত্রীকে ফিরিয়ে দিয়েছে আরপিএফ

কলকাতা, ৫ আগস্ট ঃ ০৩.০৮.২০২৩ তারিখে নেতাজি ভবন মেট্রো স্টেশনে প্রায় ১৯,১০ টায়, নিয়মিত চেক করার সময় একজন অন-ডিউটি মহিলা আরপিএফ কর্মী প্ল্যাটফর্মে একটি ব্যাগ দেখতে পান। এই ব্যাগের কোনও দাবিদার না পেয়ে, তিনি সাবধানে পরীক্ষা করার পরে এটি স্টেশন মাস্টারের অফিসে জমা দেন। তারপরে, স্টেশন মাস্টার বারবার ঘোষণা দিয়ে ব্যাগের মালিককে স্টেশন মাস্টারের অফিস থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ করেছিলেন এবং একটি নিযন্ত্রণ বার্তাও সমস্ত স্টেশনে জানানো হয়েছিল। পরে ব্যাগ খুলে তাতে কিছু মূল্যবান জিনিসপত্র পাওয়া যায়। মাঝে মাঝে অর্থা ২০ৃ৫ টায, একজন যাত্রী স্টেশন মাস্টারের অফিসে এসে ব্যাগের মালিকানা দাবি করেন। যথাযথ যাচাই-বাছাই এবং সমস্ত আনুষ্ঠানিকতা মেনে চলার পর উদ্ধারকৃত ব্যাগ তার কাছে হস্তান্তর করা হয়। হারানো ব্যাগ উদ্ধারে সাহায্য করার জন্য তিনি মেট্রো রেলওয়ে কর্তৃপক্ষের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। উল্লেখ্য যে মেট্রো চত্বরে যে কোনও অসুবিধার সম্মুখীন যাত্রীদের সাহায্য করার জন্য মেট্রো কর্তৃপক্ষ সর্বদা সতর্ক থাকে। মেট্রো কর্মীরা যাত্রীদের তাদের হারিয়ে যাওয়া জিনিসগুলি ফেরত পেতে বা জরুরী পরিস্থিতিতে তারতার পরিবারের সাথে বিচ্ছিন্ন সদস্যদের একত্রিত করতে সহায়তা করে।

# গৌরীপুর শহরে গরু পাচারকারী ইন্ডিকার ধাক্কায় হতাহত দুই

ধুবড়ি (অসম), ৫ আগস্ট ঃ ধুবড়ি জেলার অন্তর্গত গৌরীপুর শহরে চোরাই গরু পাচারকারী চার চাকার একটি ইন্ডিকা কারের ধাক্কায় এক মোটর বাইকারের মৃত্যু এবং অপর আরোহী আহত হয়েছেন। নিহতকে জনৈক আকিফ আহমেদ বলে শনাক্ত করা হয়েছে। ঘটনা শুক্রবার সন্ধ্যারাতে গৌরীপুর শহরে সংঘটিত হয়েছে। জানা গেছে এএস ০১ বিই ৭৭৮৫ নম্বরের একটি ইন্ডিকা কারের সঙ্গে এক মোটর বাইকের সংঘর্ষ হয়। সংঘর্ষের ফলে গুরুতরভাবে আহত হয় দুই বাইক আরোহী। দুজনকে সংকটজনক অবস্থায় ধুবড়ি সিভিল হাসপাতালে নিয়ে ভরতি করা হয়। উভয়ের চিকিসাও শুরু করেন ডাক্তাররা। কিন্তু দুর্ভাগ্যজনক ভাবে আজ সকালে মোটর বাইকের চালক আকিফ আহমেদ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।এদিকে দুর্ঘটনাগ্রস্ত ইন্ডিকার ভিতর থেকে চার পা বাঁধা অবস্থায় তিনটি চোরাই গরু উদ্ধার করেছে পুলিশ। পুলিশ জানিয়েছে, বহিঃরাজ্য থেকে চুরির গরু পাচারে নিয়োজিত ইন্ডিকাটি দুরন্ত গতিতে ছিল।

# হাথরাসে ভয়াবহ দুর্ঘটনায় ৫ মৃত্যু

হাথরাস, ৫ আগস্ট ঃ উত্তর প্রদেশের হাথরাস জেলায় ভয়াবহ দুর্ঘটনায় প্রাণ হারালেন ৫ জন পুণ্যার্থী। শুক্রবার রাতের এই দুর্ঘটনায় আহত হয়েছেন কমপক্ষে ২০ জন। শুক্রবার রাতে হাথরাসে একটি ট্রাক্টর-ট্রলি ও কঃটনার ট্রাকের মধ্যে জোরদার সংঘর্ষ হয়। গোবর্ধন পরিক্রমায় যাচ্ছিলেন পুণ্যার্থীরা। ভয়াবহ এই দুর্ঘটনায় দু ঃ খপ্রকাশ করেছেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন তিনি। পুলিশ জানিয়েছে, শুক্রবার রাতে হাথরাস জেলার সহপউ থানা এলাকায় জন। শুক্রবার রাতে হাথরাসে একটি ট্রাক্টর-ট্রলি ও কন্টেনার ট্রাকের মধ্যে জোরালো সংঘর্ষ হয়। সাহাবাদ-জলেসর সড়কের ওপর নলগা ব্রাহ্মণের কাছে এই দুর্ঘটনাটি ঘটেছে।

**Name Change**

I, Shibnath Ghosh (old name) S/O Hajarilal Ghosh Presently residing at Hakimpur Ghosh Para Hakimpur, N 24 Pgs West Bengal, Pin-743273 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Biswanath Ghosh, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 05/08/2023. Shibnath Ghosh and Biswanath Ghosh both are same and one identical person.

**Name Change**

I, SK MD JAHANGIR alias SK JAHANGIR (old name) S/O GOLAM AHIA SEKH Presently residing at Vill-Bansdaha, PO-Kulingram, PS-Jamalpur, Purba Burdwan-713166 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) SK ZAHANGIR, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 05/08/2023. SK MD JAHANGIR, SK JAHANGIR and SK ZAHANGIR both are same and one identical person.

# ফসলে কীটনাশক দিতে গিয়ে অজ্ঞান হয়ে মৃত্যু এক পাক নাগরিকের

যোধপুর, ৫ আগস্ট ঃ ফসলে কীটনাশক স্পে করতে গিয়ে অজ্ঞান হয়ে মৃত্যু হল এক পাক নাগরিকের । যোধপুরের এমডিএম হাসপাতালে মৃত্যু হয় তার। মৃত ব্যক্তি ফলোদি তহসিলের বাসিঃদা বলে জানা গিয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ফসলে কীটনাশক স্প্রে করতে গিয়ে মৃত ব্যক্তি অজ্ঞান হয়ে পড়েন। পরে তার শারীরিক অবস্থার অবনতি হলে তাকে যোধপুরে নিয়ে আসা হয়। জানা গিয়েছে, তিনি ভারতীয় নাগরিকত্ব পেতে চলেছিলেন কিন্তু তার আগেই তাঁর মৃত্যু হয়। মৃতদেহ ময়নাতদন্তের জন্য এমডিএম হাসপাতালে পাঠানো হযেছে। মৃত ব্যক্তির নাম পিরুমল। তিনি পাকিস্তানের আহমেদনগর তহসিলের বাসিঃদা। তিনি ২০০৯ সাল থেকে যোধপুরের ফলোদি এলাকায় স্ত্রী ও সন্তানদের নিযে বসবাস করছিলেন। তিনি ভারতীয় নাগরিকত্বের জন্য আবেদনও করেছিলেন। পিরুমল ফলোদির ক্ষেতে ফসলে কীটনাশক স্প্রে করার সময়ে স্প্রের গন্ধে অজ্ঞান হযে যান। পরে তাকে ফলদী হাসপাতালে নিযে যাওযা হয। আজ, শনিবার সকালে তাঁর মৃত্যু হয়। পিরুমলের মৃত্যুর পর তার পরিবার জেলা প্রশাসনের কাছে ক্ষতিপূরণ ও আর্থিক সহায়তার দাবি করেছে।

# অমৃত ভারত স্টেশন স্কিমের অধীনে উত্তর পূর্বাঞ্চলের জন্য পুনঃবিকশিত রেলওয়ে স্টেশন

মালিগাঁও, ৫ আগস্ট ঃ রেলওয়ে পরিকাঠামোগুলিকে নতুন রূপ দেওয়ার লক্ষ্যে একটি যুগান্তকারী পদক্ষেপ হিসেবে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি ০৬ আগস্ট, ২০২৩ তারিখে অমৃত ভারত স্টেশন স্কিমের অধীনে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের ৫৬টি স্টেশনের পুনঃবিকাশের জন্য ভার্চুয়ালি ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। অসমের মাননীয় রাজ্যপাল ও অসমের মাননীয় মুখ্যমন্ত্রী নারেঙ্গি স্টেশনে উপস্থিত থেকে আয়োজিত অনুষ্ঠানের সৌষ্ঠব বৃদ্ধি করবেন। নাগাল্যান্ডের মাননীয় রাজ্যপাল ও ত্রিপুরার মাননীয় মুখ্যমন্ত্রী যথাক্রমে ডিমাপুর ও উদয়পুর রেলওয়ে স্টেশনে উপস্থিত থাকবেন। ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানের সময় সাংসদ, স্থানীয় বিধায়ক ও সমাজের প্রখ্যাত ব্যক্তিরা রাজ্যের অন্যান্য গণ্যমান্য ব্যক্তিদের সাথে বিভিন্ন স্টেশনে উপস্থিত থাকবেন। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের ৫৬টি



স্টেশনের মধ্যে অসমের ৩২টি। অন্যানগুলির মধ্যে ত্রিপুরায় ০৩টি, পশ্চিমবঙ্গে ১৬টি, বিহারে ০৩টি এবং নাগাল্যান্ড ও মেঘালয়ে একটি করে স্টেশন অন্তর্ভুক্ত রয়েছে। ১৯৬০ কোটি টাকা এই ৫৬টি স্টেশনের পুনঃবিকাশের জন্য ব্যবহার করা হবে। এর মধ্যে কিছু প্রধান স্টেশন হলো অসমের নারেঙ্গি, জাগীরোড, ডিব্রুগড়, শিবসাগর টাউন ত্রিপুরার উদয়পুর, ধর্মনগর, কুমারঘাট পশ্চিমবঙ্গের নিউ আলিপুরদুয়ার, জলপাইগুড়ি রোড, হাসিমারা বিহারের কিষানগঞ্জ, ঠাকুরগঞ্জ, বারসোই জং. নাগাল্যান্ডের ডিমাপুর এবং মেঘালয়ের মেঃদপাথার। ভারতীয় রেলওয়ের রেলওয়ে স্টেশনগুলির উন্নয়নের জন্য সম্প্রতি অমৃত ভারত স্টেশন স্কিম চালু করা হয়েছে। এই স্কিমের অধীনে দীর্ঘমেয়াদি পদ্ধতিতে ক্রমাগতভাবে স্টেশনগুলির উন্নয়নের বিবেচনা করা হয়েছে। রেল ব্যবহারকারীদের জন্য উত্তম ও উন্নত সুযোগ-সুবিধা সহ উত্তর পূর্বাঞ্চলের রেল পরিকাঠামোর আধুনিকীকরণের প্রতিশ্রুতি এই স্কিমের অধীনে উন্নয়নের মাধ্যমে প্রতিফলিত হবে।

# রোগী কল্যাণ সমিতির বৈঠকে বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালের পরিকাঠামোয় জোর

সুজিত দত্ত, বর্ধমান, ৫ আগস্ট ঃ রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থাকে সম্পূর্ণ ঢেলে সাজাতে এবং স্বাস্থ্যপরিসেবা উন্নতমানের করতে রাজ্য সরকারের পক্ষ থেকে ইতিমধ্যেই নানান পদক্ষেপ নেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রীর নির্দেশ মতো জরুরি অবস্থা ছাড়া কোন রোগীকে যেন রেফার করা না, এবং রোগীর স্বাস্থ্যপরিসেবার দিকে যথোপযুক্ত নজরদারি যেন দেন চিকিৎসক থেকে শুরু করে নার্স এবং স্বাস্থ্য কর্মীরা। বর্ধমান মেডিকেল কলেজ ও হাসপাতালের পরিকাঠামো আরো উন্নত করতে এবং চিকিৎসা ক্ষেত্রে আরো আধুনিক যন্ত্রপাতি নিয়ে এসে রোগীদের উন্নতমানের চিকিৎসা করানোর বিষয়ে প্রতিমাসেই একটি করে রোগী কল্যাণ সমিতির বৈঠক করা হয় মন্ত্রী স্বপন দেবনাথের নেতৃত্বে। শনিবার বর্ধমান মেডিকেল কলেজ ও হাসপাতালের সার্বিক উন্নয়নের লক্ষ্য নিয়ে রোগী কল্যাণ সমিতির বৈঠক হলো বর্ধমান মেডিকেল কলেজের কনফারেন্স হলে। এই বৈঠকে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়। যেমন চিকিৎসক গণপতি পাঁজা বর্ধমান মেডিকেল কলেজ ও হাসপাতালে চর্ম রোগের ইনস্টিটিউট করার জন্য যে চার কোটি টাকা দান করেছেন সেটি দ্রুত বাস্তবায়িত করা হবে। এতদিন ধরে বর্ধমান হাসপাতালে মা ক্যান্টিন অস্থায়ীভাবে চলছিল। পৌরসভা থেকে যে নতুন বিল্ডিং করা হয়েছে হাসপাতাল প্রাঙ্গণে স্থায়ীভাবে মা ক্যান্টিন করার জন্য তার আনুষ্ঠানিক উদ্বোধন হবে আগামী ৯ আগস্ট। এর পাশাপাশি অনাময় সুপার স্পেশালিটি হাসপাতালে একটি নতুন মা ক্যান্টিন খোলার উদ্যোগ নেওয়া হয়েছে এই বৈঠকে। গর্ভবতী মহিলাদের জন্য নতুন করে আল্ট্রাসনোগ্রাফি মেশিন বসানো হবে আউটডোর বিল্ডিংয়ে যাতে রোগীরা হাতের কাছেই এই পরিষেবা পায়। নিউরো সার্জেন থাকবে এবার থেকে হাসপাতালে। গত এক বছরে ১৭ হাজার ৩০০ গর্ভবতী মহিলা নির্বিঘ্নে তাদের সন্তান প্রসব করেছেন। মৃত্যুর হার খুবই নগণ্য। লেডিস হোস্টেলে নিরাপত্তা বাড়ানোর জন্য পুলিশ প্রশাসনকে বলা হয়েছে। যথেষ্ট সিভিক ভলেন্টিয়ার এবং সিসিটিভি লাগানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। অনাময় হাসপাতালে একটি নতুন এমআরআই মেশিন আনা হবে। বর্ধমান দক্ষিণের বিধায়ক খোকন দাস বর্ধমান হাসপাতালকে একটি নতুন আই সি সি ইউ অ্যাম্বুলেন্স প্রদান করবেন বলে জানান। যে সমস্ত রোগীরা জেলা ছাড়াও অন্যান্য জেলা এবং পার্শ্ববর্তী রাজ্য থেকে তাদের রোগীদের চিকিৎসা করাতে আসেন। সেই সমস্ত রোগের আত্মীয়দের রাতে থাকার একটি সুনির্দিষ্ট জায়গা করা হবে। যাতে তারা নির্বিঘ্নে থাকতে পারেন। বর্ধমান হাসপাতাল এমনিতেই শহরের মধ্যে যানজটের সৃষ্টি হলে নাকাল হন সাধারন মানুষ থেকে রোগীর আত্মীয়রা। তাই বর্ধমান হাসপাতালের ভিতরে স্থায়ীভাবে একটি বড় পার্কিংয়ের ব্যবস্থা করা হবে। এদিন রোগী কল্যাণ সমিতির বৈঠকে মন্ত্রী স্বপন দেবনাথ ছাড়াও উপস্থিত ছিলেন জেলাশাসক প্রিয়াঙ্কা সিংলা, বিধায়ক খোকন দাস, হসপিটালের সুপার তাপস ঘোষ সহ হসপিটালের অনানায় আধিকারিকরা।

## নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে গেলো লরি

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৫ আগস্ট ঃ শনিবার সাত সকালেই নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে গেলো একটি ১২ চাকা লরি, ঘটনাটি ঘটেছে ফাঁসিদেওয়া ব্লকের জ্বালাস নিজামতারা গ্রাম পঞ্চায়েতের কাশীরাম জোত পাহাড় হাউসের কাছে, ঘটনার পর এলাকার মানুষ ছুটে আসেন তারপর পুলিশ কে খবর দেওয়া হয়, তড়িঘড়ি ফাঁসিদেওয়া থানা পুলিশ এসে , ড্রাইভার এবং খালাসিকে ফাঁসিদেওয়া গ্রামীণ হাসপাতালে পাঠানো হয়। ফাঁসিদেওয়া গ্রামীণ হাসপাতালে চিকিৎসক জানান তারা সুস্থ রয়েছে।

## নবদ্বীপ থানার উদ্যোগে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ কৃতিদের সংবর্ধনা অনুষ্ঠান

দুরন্ত বার্তা, নদীয়া, ৫ আগস্ট ঃ শনিবার বিকেলে নবদ্বীপ থানা প্রাঙ্গনে বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে অনুষ্ঠিত হলো ২০২৩ - এ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ কৃতি ছাত্রছাত্রীদের সংবর্ধনা অনুষ্ঠান।

এদিনের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নবদ্বীপের বিধায়ক পুণ্ডরীকাক্ষ সাহা, ছিলেন নবদ্বীপের পৌর পতি বিমান কৃষ্ণ সাহা, ছিলেন পঞ্চায়েত সমিতির সভাপতি তাপস ঘোষ সহ নবদ্বীপ থানার ভারপ্রাপ্ত আধিকারিক জলেশ্বর তিওয়ারি সহ অনেকে। নবদ্বীপ থানা সূত্রে জানা যায়, এদিন মোট ৩১ জন ছাত্রছাত্রীদের এই বিশেষ সংবর্ধনা দেওয়া হয়। এদিন ছাত্রছাত্রীদের বিভিন্ন পাঠ্য বই, ব্যাগ, ফুল, ও মিষ্টি তুলে দেওয়া হয়। এদিনের অনুষ্ঠানে উপস্থিত হয়ে নবদ্বীপের পৌর পতি বলেন, আমরা নবদ্বীপবাসী এই ছাত্রছাত্রীদের দিকে তাকিয়ে আছি, এরাই একদিন বিভিন্ন ক্ষেত্রে খ্যাতি অর্জন করবে, আমাদের ও পরিবারের নাম উজ্জ্বল করবে। নবদ্বীপ থানার উদ্যোগে এ হেন ব্যাতিক্রমী উদ্যোগে খুশি ছাত্রছাত্রী সহ তাদের অভিভাবকেরাও।

## সালারে সিপিএম ও তৃণমূলের সংঘর্ষে জখম দুই শিশু

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ৫ আগস্ট ঃ মুর্শিদাবাদের সালারে সিপিএম ও তৃণমূলের রাজনৈতিক সংঘর্ষে জখম হয়েছে দুই শিশু। একজনকে আশঙ্কাজনক অবস্থায় পাঠানো হয়েছে কাটোয়া মহকুমা হাসপাতালে। সালারের ধনডাঙা গ্রামে সিপিএম ও তৃণমূলের সংঘর্ষে বোমার ঘায়ে জখম ক্লাস সিক্স ও ক্লাস ফাইভের ছাত্র। আশঙ্কাজনক অবস্থায় ক্লাস সিক্সের ছাত্রকে সালার প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র থেকে কাটোয়া মহকুমা হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। অপর একজনের চিকিৎসা চলছে সালার প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে। শিশুটির অপারেশনের পর অবস্থা স্থিতিশীল। পঞ্চায়েত নির্বাচনে সেখানে সিপিএম জিতেছে। অভিযোগ, এর পরই এলাকায় সন্ত্রাস সৃষ্টি করছে তৃণমূলের কর্মীরা। অভিযোগ তাঁদের গ্রামের রাস্তা দিয়ে যাতায়াত বন্ধ করে দিয়েছে তৃণমূল আশ্রিত দুস্কৃতীরা। শনিবার সকালে আল্লাহ রাক্ষা নামে এক ব্যক্তি খাবার কিনতে দোকানে যাচ্ছিলেন। সেই সময় গ্রামে বোমাবাজি হচ্ছিল। তখন দেখে তাঁর এক বন্ধু রিয়াজ সেখ ওই এলাকার মসজিদে আটকে রয়েছে। সেই বন্ধুকে বের করে আনতে গিয়ে দুস্কৃতীদের ছোঁড়া বোমার আঘাতে জখম হয় আল্লাহ রাক্ষা। আল্লাহ রাক্ষাকে তড়িঘড়ি নিয়ে যাওয়া হয় সালার প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে। এরপর সালার স্বাস্থ্য কেন্দ্র থেকে জখম শিশুকে স্থানান্তরিত করা হয় কাটোয়া মহকুমা হাসপাতালে। হাসপাতালে অপারেশন থিয়েটারে নিয়ে যাবার পর তার পা থেকে বোমের পাথর ও স্পিল্টার বার করে চিকিৎসকেরা। আপাতত শিশুটির অবস্থা স্থিতিশীল। স্বাভাবিকভাবেই মুর্শিদাবাদের পরপর বোমা উদ্ধার ও বোমাবাজির ঘটনায় এলাকা উত্তপ্ত হয়ে থাকলেও এখনো সেরকমভাবে দুস্কৃতীদের গ্রেফতার করেনি পুলিশ। এমনই অভিযোগ সিপিএমের ও কংগ্রেসের তরফ থেকে। এই ঘটনার পর থেকেই ওই এলাকাবাসীরা আতঙ্কিত।

## অবশেষে গ্রেপ্তার হলো টি এণ্ড জি নামক চিটফান্ডের অন্যতম মূল অভিযুক্ত সন্দীপ সেন

দুরন্ত বার্তা, নদীয়া, ৫ আগস্ট ঃ বিগত দিনে এ রাজ্য এত ভুঁইফোড় চিটফান্ডের হাতে প্রতারিত হয়েছে অসংখ্য সাধারণ মানুষ। স্বর্বশান্ত হয়েছিল বহু মানুষ, এমনকি বাড়ি-ঘর ছেড়ে, কেউ আত্মহত্যাও করেছিল বিগত দিনে। গতমাসে ফের প্রকাশ্যে এসেছিল আরও এক চিটফান্ডের নাম, যেখানে প্রতারিত হয়েছিল অসংখ্য সাধারণ মানুষ, যার পরিমাণ ছিল প্রায় দেড়শো কোটি টাকা। জানা যায় ফোনের অ্যাপ ও লিংকের মাধ্যমে এই TG নামক চিটফান্ডে টাকা রেখে স্বর্বশান্ত হয়েছিল নবদ্বীপ, পূর্বস্থলী সহ বিভিন্ন এলাকার সাধারণ মানুষ। মূলতঃ অল্প দিনে টাকা দ্বিগুণ করার প্রলোভনে পা দিয়েই কার্যত স্বর্বশান্ত হয়েছিল অসংখ্য সাধারণ মানুষ। জানা যায় প্রথমে এই চিটফান্ডের থেকে গ্রাহকেরা টাকা ফেরত পায় বটে তারা আরও বেশি টাকা বিনিয়োগ করে, ও গত মাসে তারা লক্ষ্য করে টাকা আর ফেরত পাচ্ছে না, অভিযুক্ত সন্দীপ সেনের বাড়ি পূর্ব বর্ধমানের পূর্বস্থলী ব্লকের মাজিদা পঞ্চায়েতের তামাঘাটা গ্রামে। বিনিয়োগকারীরা, যখন লক্ষ্য করে তারা প্রতারিত হয়েছে তখন সন্দীপ সেনের বাড়িতে চড়াও হয়, যদিও সেখানে গিয়ে তারা দেখে বাড়িতে তালা দিয়ে চম্পট দিয়েছে সন্দীপ সেন। প্রতারিতরা গতমাসেই পূর্বস্থলী থানায় সন্দীপ সেন সহ কয়েকজনের বিরুদ্ধে লিখিত অভিযোগ জানায়, তার পরেই পুলিশ প্রশাসন তদন্তে নামে আর গত কয়েক দিন আগে কয়েকজনকে গ্রেপ্তার করে, এবং গতকাল গোপন সূত্রে খবর পেয়ে নাদনঘাট থানা এলাকায় সন্দীপ সেনের এক আত্মীয়ের বাড়ি থেকে গ্রেপ্তার করে, শনিবার পূর্বস্থলী থানার পুলিশ কালনা আদালতে পেশ করে, পুলিশ সূত্রে জানা যায় তদন্তের জন্য তাকে ১৪ দিনের নিজেদের হেফাজতে চাইবে পুলিশ।

## বিপুল পরিমান চোলাই মদ উদ্ধার মেমারিতে

দুরন্ত বার্তা, বর্ধমান, ৫ আগস্ট ঃ শনিবার বিশাল পুলিশ বাহিনী নিয়ে বর্ধমানের মেমারি থানা ও আবগারি দপ্তরের যৌথ উদ্যোগে প্রায় আড়াই হাজার লিটার চোলাই মদ তৈরির কাঁচা উপকরণ নষ্ট করা হলো শনিবার। গোপন সূত্রে খবর পেয়ে পূর্ব বর্ধমান জেলার মেমারি দু'নম্বর ব্লকের অন্তর্গত বড় পলাশন এক নম্বর গ্রাম পঞ্চায়েতের মন্ডল গ্রামে অভিযান চালায় পুলিশ । এখান থেকেই উদ্ধার হয় প্রায় আড়াই (২৫০০) হাজার লিটার মদ তৈরির কাঁচা উপকরণ প্রায় ৫০ লিটার আইডি সহ অন্যান্য উপকরণ। এই দিন উপস্থিত ছিলেন পূর্ব বর্ধমান প্রবেশনার আই পি এস শ্রীনিবাস এম পি, পূর্ব বর্ধমান সদর দক্ষিণের এসডিপিও সুপ্রভাত চক্রবর্তী, মেমারি থানার ভারপ্রাপ্ত আধিকারিক সুদীপ্ত মুখার্জী, সাতগেছিয়া পুলিশ ফাঁড়ি, আধিকারিক বুদ্ধদেব ঢুলি, মেমারি আবগারি দপ্তরের আধিকারিক রাজিবুল হক সহ অন্যান্যরা। এলাকার সাধারণ মানুষ প্রশাসনের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন ।

## বাজি ব্যবসায়ীদের স্বার্থ সুরক্ষিত রাখতে রাজ্য সরকারের পদক্ষেপ

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ আগস্ট ঃ উৎসবের মরশুমে বাজি ব্যবসায়ীদের স্বার্থ সুরক্ষিত রাখতে রাজ্য সরকার পদক্ষেপ নিচ্ছে। একই সমস্ত বাজি কারখানায় যাতে নিয়ম মেনে সুরক্ষিত ভাবে বাজি তৈরি হয় .সে ব্যাপারেও উদ্যোগ নেওয়া হয়েছে। মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী আজ নবান্নে বাজি উৎপাদন নিয়ে এক উচ্চ পর্যায়ের বৈঠক করেন। বৈঠকে স্বরাষ্ট্র সচিব, শ্রম, কুটির শিল্প সচিব ছাড়াও রাজ্য ও কলকাতা পুলিশের কর্তারা উপস্থিত ছিলেন। এছাড়া বাজি উপাদক ছয় জেলার জেলাশাসক ও পুলিশ সুপাররা ভার্চুয়ালি বৈঠকে অংশ নেন। বাজি উৎপাদক ও বিক্রেতা সংগঠনের প্রতিনিধিরাও ছিলেন। বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে উসবের মরশুমে প্রত্যেক জেলায় নিরাপদ ফাঁকা জায়গা চিহ্নিত করে বাজি ব্যবসায়ীদের সেখানে ব্যবসা করার অস্থায়ী লাইসেন্স দেওয়া হবে। তাঁরা নিয়ম মেনে সুরক্ষিত ভাবে বাজি তৈরি এবং বিক্রি করছেন কিনা তার দিকেও নজর রাখা হবে। এজন্য বাজি উৎপাদক জেলা গুলিতে শ্রম দফতর একজন করে সেফটি অফিসার নিযুক্ত করবেন। তাঁরা ইউনিট গুলোর নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখে ছাড়পত্র দিলে তবেই ব্যবসা করার ছাড়পত্র দেওয়া হবে। এছাড়া শ্রম, দমকল ও পুলিশের কর্তাদের নিয়ে নিয়মিত বাজি কারখানা পরিদর্শন করতে জেলাশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে। রাজ্যে পরিবেশ বান্ধব আতশবাজির উৎপাদনের ক্লাস্টার তৈরি করতে উদ্যোগী হয়েছে রাজ্য সরকার। সেই কাজে গতি আনতেও মুখ্যসচিব এদিন নির্দেশ দেন। নিরির সঙ্গে যৌথভাবে আতশবাজি নির্মাতাদের প্রশিক্ষণের কর্মসূচি চলছে। জেলাশাসকদের ওই কর্মসূচি আয়োজনের ব্যাপারে মধ্যস্থতা করার নির্দেশ দেওয়া হয়েছে। বাজি ব্যবসায়ীদের প্রতিনিধিদের সঙ্গে নিয়ে সবুজ বাজির ক্লাস্টার তৈরির উপযুক্ত জায়গা দ্রুত চিহ্নিত করতে বলা হয়েছে। প্রয়োজনে কর্মতীর্থের ফাঁকা জমিতেও এই ধরণের ক্লাস্টার তৈরি করা যেতে পারে বলে মুখ্য সচিব জানিয়েছেন।

## বিয়ের মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে পরিচারিকার সঙ্গে সহবাসের অভিযোগ সরকারি কর্মচারীর বিরুদ্ধে

দুরন্ত বার্তা, মালদা ৫ আগস্ট ঃ বিয়ের মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে তিন সন্তানের মহিলা তথা পরিচারিকার সঙ্গে সহবাস এবং জোরপূর্বক ভাবে গর্ভপাত করানোর চেষ্টার অভিযোগ উঠেছে মালদা জেলার হরিশ্চন্দ্রপুর-১ নং ব্লকের হরিশ্চন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের বিতোল গ্রামের প্রভাবশালী তথা অবসর প্রাপ্ত এক সরকারি কর্মচারীর বিরুদ্ধে। বছর পঁয়ত্রিশের ওই নির্যাতিতা মহিলা বৃহস্পতিবার রাতে হরিশ্চন্দ্রপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন সেখ তৈমুর রহমান (৮১) ওরফে গ্রামসেবক এর বিরুদ্ধে। অভিযোগের পর থেকেই গা ঢাকা দিয়েছেন অভিযুক্ত তৈমুর রহমান। এই নিয়ে হরিশ্চন্দ্রপুর এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, ওই নির্যাতিতা মহিলার স্বামী প্রায় দুই বছর ধরে ভিন রাজ্যে কর্মরত ছিল। অভাবের সংসার। দুই মেয়ে ও এক ছেলেকে নিয়ে তৈমুর রহমানের বাড়িতে পরিচারিকার কাজ করে কোনোরকমে দিন গুজরান করতেন ওই মহিলা। দারিদ্রতার সুযোগকে হাতিয়ার করে বিয়ের মিথ্যা প্রতিশ্রুতি ও টাকার প্রলোভন দেখিয়ে ওই মহিলার সঙ্গে একাধিকবার যৌন সম্পর্কে জড়িয়ে পড়েন তৈমুর বলে অভিযোগ। বর্তমানে তিনি পাঁচ মাসের অন্তঃসত্ত্বা। সেই কারনে তিনি তৈমুর কে বিয়ের জন্য চাপ দিচ্ছিলেন। কিন্তু সে এখন বিয়ে করতে অস্বীকার করছে। এমনকি তৈমুরের পরিবারের লোকেরা তাকে হুমকিও দিচ্ছে বলে অভিযোগ। নির্যাতিতার অভিযোগ, বিয়ের মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে তৈমুর রহমান তার সঙ্গে একাধিকবার যৌন সম্পর্ক করেছে। এর ফলে তিনি পাঁচ মাসের অন্তঃসত্ত্বা হয়ে পড়েছে। এখন বিয়ে করতে অস্বীকার করছে তৈমুর। পাঁচ মাসের অন্তঃসত্ত্বার কথা জানতে পেরে তৈমুরের ছেলে ও পুত্রবধূ জোরপূর্বক ভাবে ডাক্তারের কাছে গর্ভপাত করাতে নিয়ে যায় বলে অভিযোগ। গর্ভপাত করাতে অক্ষম হলে তিন দিন ধরে তাকে লুকিয়ে রাখে। এবং এই বিষয়ে কারো কাছে মুখ খুললে প্রাণনাশের হুমকি দেয় বলে অভিযোগ।

## বাবা-মা বিজেপি করে তাই মিলবে না কন্যাশ্রী, মারাত্মক অভিযোগ স্কুলের বিরুদ্ধে

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৫ আগস্ট ঃ বাবা-মা বিজেপিকে ভোট দেয় তাই মিলবে না কন্যাশ্রী! এমনই অভিযোগ স্কুলের বিরুদ্ধে। এখানেই শেষ নয়, স্কুলে কন্যাশ্রীর ফর্ম ফিলাপ করিয়ে দিয়ে, স্কুলের বিভিন্ন কাজে সাহায্য করে মোটা অংকের টাকা হাতিয়ে নেন এলাকারই এক তৃণমূল নেতা। এমনই সব অভিযোগে স্কুলে গিয়ে প্রধান শিক্ষকের ঘরে বিক্ষোভ দেখালেন অভিভাবকেরা। জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি ব্লকের পানবাড়ি ভবানী উচ্চ বিদ্যালয়ের ঘটনা। অভিযোগ, দশম শ্রেণির ছাত্রী টুম্পা হাজরা স্কুলে কন্যাশ্রীর ফর্ম চাইতে গেলেই এলাকার তৃণমূল নেতা তথা ক্যাজুয়াল স্টাফ রামেশ্বর রায় তাকে বলেন, তোমার বাবা- মা বিজেপিকে ভোট দিয়েছে তুমি কন্যাশ্রী পাবে না। অন্যদিকে এই ঘটনা চাউর হতেই টুম্পা হাজরার মা ও বেশ কিছু ছাত্র-ছাত্রীসহ অভিভাবকরা স্কুলে এসে প্রধান শিক্ষকের সাথে কথা বলে ও বিক্ষোভ দেখায়। তারা জানতে চান কেন বিজেপি করার অপরাধে কন্যাশ্রী পাবে না স্কুলের ছাত্রী? টুম্বার মা মামনি হাজরা বলেন, আমার মেয়ে কন্যাশ্রী ফর্ম চাইতে গিয়েছিল। রামেশ্বর স্যার বলেন, তোদের বাবা- মা-রা কোথায় কোথায় ভোটে দিয়েছে জানি না। এখন মমতা বন্দ্যোপাধ্যায়ের ইচ্ছে হলে দেবেন, না হলে দেবেন না। ভোট কে কোথয়া দেব তা স্কুলে কেন আলোচনা হবে? আমরা যদি বিজেপি করি তা হলে কি তা অপরাধ নাকি? কন্যাশ্রীর টাকা পাইয়ে দেওয়ার জন্য রামেশ্বর ৩ হাজার টাকা নিয়েছে। প্রধান শিক্ষক দীনেশ সিনহা টেলিফোনে জানান, পাশের এলাকার তৃণমূল নেতা রামেশ্বর রায় স্কুলে সাহায্য করেন কন্যাশ্রী ফর্ম ফিলাপ সহ আরও কিছু ক্ষেত্রে। তিনি এভাবে স্কুলের মধ্যে রাজনীতিকে জড়িয়ে দেবেন এটা কাম্য নয়। প্রশ্ন উঠছে কী করে নিয়ে বাইরের লোক সরকারি স্কুলের কাজ করেন? শাসক দলের নেতা বলে কি সব সম্ভব? এদিকে, রামেশ্বর রায়ের বিরুদ্ধে প্রধান শিক্ষকের কাছে গিয়ে অভিযোগ করেন অভিভাবকরা। তাদের দাবি, কন্যাশ্রী পাইয়ে দেওয়ার নাম করে কারও কাছ থেকে ৩ হাজার, কারও কাছ থেকে ৯ জাহার টাকা নেওয়া হয়েছে। ওইসব কথা শুনে প্রধানশিক্ষক বলেন, এরকম হওয়া একেবারেই ঠিক নয়। কন্যাশ্রীর টাকা পাওয়ার জন্য কোনও ধরনের টাকা নেওয়া হয় না। ছাত্ররা ভর্তির সময়ে যে টাকা দেয় সেই টাকা খরচ করেই আমরা এইসব কাজ করি। ওই অভিযোগ নিয়ে এলাকার তৃণমূল নেতা বলেন, গোটা রাজ্যে শিক্ষার জন্য যেসম প্রকল্প মমতা বন্দ্যোপাধ্যায় চালু করেছেন তার জন্য কোনও টাকা নেওয়া হয় না। স্কুল শিক্ষাকদের মাধ্যমেই কন্যাশ্রী ফর্ম ফিলআপ করা হয়। এরকম কোনও অভিযোগ থাকলে স্কুলের শিক্ষকরা তা দেখবেন। তারা প্রশাসনের সাহায্য নেবেন। দল কখনও এই ধরনের কাজ বরদাস্ত করে না। কন্যাশ্রী যাদের প্রাপ্য তারা সবাই কন্যাশ্রী পাবে। বিরোধীদের পায়ের তলায় মাটি নেই। তারা প্রতিটা ক্ষেত্রেই এরকম অভিযোগ করছে।

## তেহট্টে ছাত্রকে পিষে দিল পিকআপ ভ্যান

দুরন্ত বার্তা, তেহট্ট, ৫ আগস্ট ঃ কলকাতার বেহালার দুর্ঘটনার ক্ষত ফিরল তেহট্টের নাজিরপুরে। কলকাতার বেহালার পর আবারও নদীয়ার পলাশিপাড়া থানার কুলগাছিতে পথ দুর্ঘটনায় মৃত্যু হল এক চতুর্থ শ্রেণির ছাত্রের। ঘটনাটি ঘটে শনিবার সন্ধ্যায় পলাশীপাড়া থানার কুলগাছির বেতাই-পলাশি রাজ্য সড়কে। দুর্ঘটনাকে কেন্দ্র করে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখায় বিক্ষুব্ধ এলাকাবাসী। মৃত ছাত্রের নাম রবিউল শেখ (১২)। স্থানীয় সুত্রে জানা গিয়েছে, এদিন সন্ধেয় কুলগাছি প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির ছাত্র রবিরুল রাস্তার পাশে সাইকেল নিয়ে দাঁড়িয়েছিল। সেই সময় একটি পিকআপ ভ্যান নিযন্ত্রণ হারিয়ে তাকে ধাক্কা মেরে টেনে হিঁচড়ে অনেকটা দূরে নিয়ে যায়। যার জেরে গুরুতর আহত হয় .সে। স্থানীয়রা তড়িঘড়ি তাকে উদ্ধার করে পলাশিপাড়া গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন। এরপরই স্থানীয় বাসিন্দারা রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখাতে শুরু করে। ঘটনাস্থলে গেলে পুলিশকে ঘিরে চলে বিক্ষোভ। গাড়িটিকে আটক করেছে পলাশি পাড়া থানার পুলিশ। তবে গাড়ির চালক পলাতক। পুলিশের আশ্বাসে সন্ধ্যের পরে অবরোধ উঠে।

## কলকাতার সমস্ত থানার ওসি বা অতিরিক্ত ওসিকে থানায় থাকার নির্দেশ

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ আগস্ট ঃ কলকাতার সমস্ত থানার ওসি বা অতিরিক্ত ওসিকে সব সময় থানায় থাকতে হবে। পাশাপাশি সমস্ত থানায়

২৫ শতাংশ বাহিনীও থাকারও নির্দেশ দেওয়া হয়েছে। বিশেষ করে রাতে পর্যাপ্ত পরিমাণ বাহিনী থাকার কথা বলা হয়েছে। বেহালার দুর্ঘটনার পর কড়া লালবাজার। শনিবার লালবাজারের তরফে একটি বিজ্ঞপ্তি জারি করে তাতে এই নির্দেশ দেওয়া হয়েছে। লালবাজারের আরও নির্দেশ, সশস্ত্র পুলিশের আইনশৃঙ্খলার পরিস্থিতি সামাল দেওয়ার জন্য যে কোনও ঘটনাস্থলে পর্যাপ্ত পরিমাণ মহিলা পুলিশ রাখতে হবে। শুক্রবার বেহালার পথ দুর্ঘটনার পর টনক নড়ে লালবাজারের। তড়িঘড়ি বেহালা চৌরাস্তার মোড়ে ড্রপ গেট বসায় কলকাতা ট্রাফিক পুলিশ। পথচারীদের রাস্তা পারাপারে নিয়ন্ত্রণ করতে বসানো হচ্ছে এই ড্রপ গেট। লালবাজার সূত্রে খবর, ডায়মন্ড হারবার ট্রাফিক গার্ডের অনুরোধ পেয়ে তড়িঘড়ি ৫টি ড্রপ গেট বসানোর ছাড়পত্র দেয় লালবাজার। ইতিমধ্যে বেহালা চৌরাস্তায় ড্রপ গেট বসানোর কাজ সম্পূর্ণ হয়েছে। জানা গিয়েছে, দ্বিতীয় গেটটি বসবে বরিশা স্কুলের সামনে। একটি করে গেট বসবে বেহালা ট্রাম ডিপো ও সখেরবাজার এলাকায়। বাকি একটি গেট কোথায় বসানো হবে তা সমীক্ষা করে দেখার পর পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে। বেহালা চত্বরে এই প্রথম ড্রপ গেট বসানো হল।

## বাসন্তীতে খাল থেকে উদ্ধার পরিযায়ী শ্রমিকের দেহ, চাঞ্চল্য

দুরন্ত বার্তা, বাসন্তী, ৫ আগস্ট ঃ দক্ষিণ ২৪ পরগনার বাসন্তীতে খালের জলে পরিযায়ী শ্রমিকের দেহ উদ্ধার। শুক্রবার খালের জলে এক যুবকের দেহ ভাসতে দেখেন স্থানীয় বাসিন্দারা। বাসন্তী থানার পুলিশ মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে। তদন্ত শুরু করেছে পুলিশ। পুলিশ জানিয়েছে, মৃতের নাম রঞ্জিত মাঝি (৬২)। রঞ্জিত চুনাখালি গ্রাম পঞ্চায়েতের গুমগড় গ্রামের বাসিন্দা। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, রঞ্জিত গ্রামে কোনও সে অর্থে কাজ পাননি। বাধ্য হয়েই অন্ধ্রপ্রদেশে গিয়েছিলেন পরিযায়ী শ্রমিকের কাজ করতে যান। বৃহস্পতিবারই বাড়িতে ফিরেছিলেন। পরিবারের সদস্যরা জানাচ্ছেন, বাজার করার জন্যই বাড়ি থেকে বেরিয়েছিলেন। কিন্তু বেশ কিছুক্ষণ পেরিয়ে যাওয়ার পরও বাড়িতে ফেরেননি তিনি। পরিবারের সদস্যরা এরপর এলাকায় খোঁজ শুরু করেন। বাজার-সহ সম্ভাব্য সমস্ত জায়গায় খোঁজ করেন পরিবারের সদস্যরা। না পেয়ে থানায় নিখোঁজ ডায়েরিও করেন। শুক্রবার চুনাখালি হাটখোলা সংলগ্ন খালে এক যুবকের দেহ ভাসতে দেখেন স্থানীয় মানুষজন। তারপর তাঁরা পরিবারের খবর দেন। পরিবারের সদস্যরা গিয়ে দেহ শনাক্ত করেন। খবর ছড়িয়ে পড়তেই এলাকায় চাঞ্চল্য ছড়ায়। খবর পেয়ে ঘটনাস্থলে যায় বাসন্তী থানার পুলিশ। দেহটি রঞ্জিতের পরিবারের লোকজন শনাক্ত করেন। তবে এটি খুন না জলে ডুবে মৃত্যু, তা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

## মাটির দাম বাড়ায় বিপন্ন মৃৎশিল্পীরা, বিকল্প পেশার সন্ধানে তাদের নতুন প্রজন্ম

দুরন্ত বার্তা, বর্ধমান, ৫ আগস্ট ঃ ভোট আসে, ভোট যায়। ভোটের আগে নানান প্রতিশ্রুতি মেলে, কিন্তু ভোট চলে গেলে তাদের দিকে কেউ ফিরেও তাকায় না। এমনটাই অভিযোগ কাটোয়া পাল পাড়ার বাসিন্দা মৃৎশিল্পী মনোরঞ্জন পালের। তিনি বলেন আমরা বংশ পরম্পরায় বাপ ঠাকুরদার আমল থেকে মাটির কাজে লিপ্ত। প্রায় ৮০ বছর ধরে বাপ ঠাকুরদার আমল থেকে বংশ পরম্পরায় জীবন- জীবিকা নির্বাহের জন্য মৃৎশিল্পীর কাজ করি। কিন্তু বর্তমানে চায়ের ভাড়ের চাহিদা বাজারে থাকলেও আমরা ঠিকমতো যোগান দিতে পারছি না, কেননা আমাদের পুঁজি কম এক ভ্যান মাটির দাম ৪০০ থেকে ৫০০ টাকা। মাটির ভার পোড়াতে যে জ্বালানি লাগে সেই জ্বালানির দাম বেড়ে যাওয়ায় লাভের অংশ অনেক কমে গেছে। আগে যে এক ভ্যান মাটির দাম ছিল গড়ে ১৫০ থেকে ১৬০ টাকা সেই মাটির এক ভ্যান এর দাম এখন ৪০০ থেকে ৫০০ টাকা হয়ে যাওয়ায় রীতিমতো অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে প্রতিনিয়ত । মাটির ভারের বা কলসির প্রধান উপকরণ কাঁচামাল মাটি, সেই মাটির দাম এখন অগ্নিমূল্য। তিনি আক্ষেপের সুরে বলেন, মৃৎশিল্পীদের প্রতি সরকার একটু যদি নজর দিত তাহলে হয়তো আমরা কোনরকমে খেয়ে পড়ে বেঁচে থাকতে পারতাম। লভ্যাংশ কমে যাওয়ায় অনেকেই এই পেশা ছেড়ে অন্য পেশায় চলে গেছেন বলে জানালেন এলাকার আর এক বাসিন্দা তপন রায়। কাটোয়া পালপাড়ার বাসিন্দা মনোরঞ্জন বাবু আরো বলেন, তাদের পরিবারের সকলে মিলে মৃৎশিল্পের কাজ করেন সংসার চালানোর জন্য। হাড়ি কলসি থেকে শুরু করে চায়ের ভারও তৈরি করেন তারা। এই কাজেই এতদিন সংসার চালিয়ে আসছেন। তবে পরিস্থিতি বদলে যাওয়ায় এবার চিন্তায় তাদের মত মৃৎশিল্পীরা। তাই ভাবতে বাধ্য হচ্ছেন মনোরঞ্জনবাবুরা, এবার বোধহয় ছেড়ে দিতে হবে পৈতৃক ওই পেশা। জীবন জীবিকার টিকিয়ে রাখতে এবার বোধ হয় বেরিয়ে পরতে হবে অন্য পেশার খোঁজে।

## হিজাব পরা ছাত্রীদের স্কুলে ঢুকতে বাধা

ত্রিপুরা, ৫ আগস্টঃ ত্রিপুরার এক ডানপন্থী সংগঠনের সদস্যরা কয়েকজন মুসলিম ছাত্রীকে স্কুলে হিজাব পরে ঢুকতে বাধা দিয়েছে। ঘটনার প্রতিবাদ করায় ওই স্কুলেরই দশম শ্রেণির এক মুসলিম ছাত্রকে বেধড়ক মারধর করে তারা। ত্রিপুরার সিপাহিজালা জেলার বিশালগড় এলাকায় কারাইমুরা স্কুলের ঘটনা। ঘটনার তীব্র নিন্দা বিভিন্ন মহলে। ঘটনায় পুলিস একটি মামলা করেছে। এবং ঘটনার তদন্তও শুরু করেছে। আপাতত জানা গিয়েছে, হামলাকারীরা বহিরাগত। স্কুলের সঙ্গে তাদের কোনও যোগাযোগ নেই। প্রত্যক্ষদর্শীদের মতে, প্রতিবাদী ওই ছাত্রকে টেনেহিঁচড়ে বের করে স্কুলের সামনেই মারধর করা হয়। স্কুলের প্রধান শিক্ষক-সহ কোনও শিক্ষকই সেই মারধর থামাতে আসেননি। ঘটনার পরে স্থানীয় বাসিন্দারা বিক্ষোভ দেখাতে শুরু করেন।

## জেলা মহিলা হাসপাতালে নবজাতকের মৃত্যু, গাফিলতির অভিযোগ পরিবারের

মাহোবা, ৫ আগস্ট ঃ জেলায় স্বাস্থ্য পরিষেবা খুবই শোচনীয়। জেলা হাসপাতাল, জেলা মহিলা হাসপাতালের চিকিৎসক ও কর্মচারীদের অবহেলার ঘটনা প্রতিনিয়ত প্রকাশ্যে আসছে। উত্তরপ্রদেশের মাহোবায় সদরের অধীনস্থ জেলা মহিলা হাসপাতালে এক মহিলার স্বাভাবিক প্রসবের পর শুক্রবার রাতে হঠাৎই শিশুটির শারীরিক অবস্থার অবনতি হয়, তারপর নবজাতকের মৃত্যুর ঘটনা প্রকাশ্যে আসে। নবজাতকের পরিবারের সদস্যরা কর্তব্যরত চিকিৎসকদের বিরুদ্ধে অবহেলার অভিযোগ আনেন। স্বাস্থ্যকর্মী ও চিকিৎসকদের তরফ থেকে কোনওরকম ব্যবস্থা গ্রহণ না করায় পরিবার নবজাতকের দেহ নিতে অস্বীকার করে। সিএমএস তদন্ত শেষে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিলেই বিষয়টি নিষ্পত্তি হয়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, কবরই থানার অন্তর্গত বারবাই গ্রামের বাসিন্দা হেমাকে প্রসবের জন্য জেলা মহিলা হাসপাতালে আনা হয়েছিল। সেখানে মহিলা একটি সন্তানের জন্ম দেন। প্রসবের পর মা ও শিশু দুজনেই সুস্থ ছিলেন বলে স্বজনরা জানিয়েছেন। রাতে হঠাৎ করেই শিশুটির শারীরিক অবস্থার অবনতি হতে থাকে। পরিবারের পক্ষ থেকে হাসপাতালের কর্মীদের জানানো হলেও উপস্থিত স্বাস্থ্যকর্মীরা শিশুটির দিকে কোনোরকম নজর দেয়না। সকালে ডাক্তার দেখানোর পরামর্শ দেন, এতে নিষ্পাপ শিশুটির অবস্থা আরও খারাপ হয় এবং নবজাতকের মৃত্যু হয়। পরিবারের অভিযোগ, হাসপাতালের নার্স ও কয়েকজন স্বাস্থ্যকর্মীও তাদের কাছে টাকা চায়, পরিবারের সদস্যরা তাদের সেটা না দেওয়ায় নবজাতকের সঙ্গে অবহেলা করা হয়। কর্মীদের টাকা দিলে হয়তো বেঁচে যেত নবজাতকের জীবন। মৃত নবজাতকের পরিবারের লোকজন হাসপাতালের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করে। ঘটনার তদন্ত করছে পুলিশ।

**E-Tender Notice**

Online Bids are invited for the year 2022-23 from the bonafide contractors for Listed Works under SWM and 15 th F.C (Untied) in respect of NIT no. 349/Susu/2023 Dated - 21.07.2023. Last Date of Paper Submission on 09.08.2023 for details information contact to the undersigned.

Sd/- Prodhan
SUSUNIA GRAM PANCHAYAT

## উত্তরাখণ্ডে বৃষ্টিতে বিপর্যস্ত এলাকা, হলুদ ও কমলা সতর্কতা জারি

দেরাদুন, ৫ আগস্ট ঃ উত্তরাখণ্ডে বৃষ্টিতে জল জমে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। এখানে পাহাড়ি এলাকায় ভূমিধসের ফলে জনজীবনে বড় ধরনের বিপর্যয় দেখা দিয়েছে। আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী কয়েকদিন বৃষ্টি থেকে স্বস্তি পেতে পারে রাজ্য। খারাপ আবহাওয়ার কারণে গৌরীকুণ্ডে মুখ্যমন্ত্রী বিমান যেতে পারেননি। বর্তমানে রাজ্যে ৩ টি সীমান্ত সড়কসহ প্রায় ২১৪টি রাস্তা অবরুদ্ধ হয়ে পড়েছে, সেগুলো খুলে দেওয়ার কাজ চলছে জোরকদমে। ৯ আগস্ট বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের ভারী সতর্কতা জারি করা হয়েছে। রাজ্যে কমলা এবং হলুদ সতর্কতা জারি করা হয়েছে। রুদ্রপ্রয়াগে খারাপ আবহাওয়ার কারণে আজ বিকেলে মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামির গৌরীকুণ্ডে যাওয়ার কর্মসূচি স্থগিত হয়ে গিয়েছে। এসডিআরএফ, এনডিআরএফ-র দল ঘটনাস্থলে পৌঁছে উদ্ধারকাজ শুরু করেছে। গৌরীকুন্ড-কেদারনাথ সড়ক যান চলাচলের জন্য উপযুক্ত করা হয়েছে। অবিরাম বৃষ্টির কারণে রাজ্যের পাহাড়ি এলাকায় রাস্তা অবরোধের নির্দেশ দেওয়া হয়েছে। অহিলেগড়ি পিথোরাগড় জেলায়, ৩টি সীমান্ত সড়ক, ১১টি রাজ্য সড়ক এবং ২১৪ টি অন্যান্য রাস্তা অবরুদ্ধ রাখা হয়েছে।

# এশিয়া কাপের জন্য বাধ্যতামূলক শিবিরে রোহিত-বিরাটও

**মুম্বই, ৫ আগস্টঃ** এশিয়া কাপের দামামা বেজে গিয়েছে। ৩০ আগস্ট শুরু হবে এ বারের এশিয়া কাপ। উপমহাদেশীয় শ্রেষ্ঠত্বের লড়াইয়ে নামার আগে ভারতের ক্রিকেটাররা বিশেষ প্রস্তুতি নেবে। বর্তমানে বিরাট কোহলি, রোহিত শর্মা, রবীন্দ্র জাডেজার মতো কয়েকজন সিনিয়র ক্রিকেটার ছাড়া বাকি ভারতীয় ক্রিকেটাররা ওয়েস্ট ইন্ডিজে রয়েছেন। টি-২০ সিরিজের জন্য। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে টি-২০ সিরিজ শেষ হওয়ার পর ভারতের পরবর্তী সফর আয়ার্ল্যান্ডে। সেখানে ভারতের তরুণ ক্রিকেটাররা যাবেন। স্কোয়াডে রয়েছেন জসপ্রীত বুমরা, সঞ্জু স্যামসনরাও। ওই সফরের পরই শুরু হবে ভারতের এশিয়া কাপ যাত্রা। তার আগে ভারতের ক্রিকেটারদের জন্য এক বাধ্যতামূলক শিবির আয়োজন করতে চলেছে জাতীয় ক্রিকেট অ্যাকাডেমি। এনসিএতে এক সপ্তাহ ধরে হবে সেই শিবির। সেই বাধ্যতামূলক শিবিরে বিরাট-

রোহিতরাও থাকবেন। এশিয়া কাপে ভারতের যে ক্রিকেটারদের যাওয়ার কথা তাঁদের ২৩ আগস্ট এনসিএতে পৌঁছে যাওয়ার কথা। জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে মেন ইন ব্লুর বাধ্যতামূলক শিবির চলবে ২৪-২৯ অগস্ট। বর্তমানে ভারত অধিনায়ক রোহিত শর্মা, প্রাক্তন অধিনায়ক বিরাট কোহলিরা ছুটি কাটাচ্ছেন। ভারতের ক্রিকেটারদের কাছে চলতি বছরের ওডিআই বিশ্বকাপের প্রস্তুতির মঞ্চ এ বারের এশিয়া কাপ। বিসিসিআইয়ের এক কর্তা জানিয়েছেন, ভারতের ক্রিকেটারদের জন্য যে শিবির আয়োজন করবে এনসিএ, তাতে ২৩ অগস্ট যোগ দেবেন রোহিত, বিরাটরা। এনসিএর শিবিরে বিরাট-রোহিতদের সঙ্গে লোকেশ রাহুল ও শ্রেয়স আইয়ারদের যোগ দেওয়ার কথা রয়েছে। যদিও এই শিবিরে শুরু থেকে থাকতে পারবেন না সঞ্জু স্যামসন, জসপ্রীত বুমরারা। কারণ, তাঁরা আগস্টে আয়ার্ল্যান্ড সফরে যাবেন। ভারত-আয়ার্ল্যান্ড ৩ ম্যাচের টি-২০ সিরিজ শেষ হবে ২৩ আগস্ট। ম্যাচ খেলা ও সফর করার ধকলের জন্য তারপর দিন দুয়েকের বিশ্রাম নেবেন সঞ্জু-বুমরারা। ফলে তাঁরা এশিয়া কাপের জন্য এনসিএর ওই শিবিরের শেষ ২ দিন দলের সঙ্গে অনুশীলন করতে পারবেন। বিসিসিআইয়ের এক সূত্রের মতে, এশিয়া কাপের স্কোয়াডে যদি সঞ্জু থাকেন তা হলে তিনি এনসিএর ওই শিবিরের শেষ ২ দিন থাকবেন।

# কলকাতা লিগে জয় বাগানের, ডুরান্ড কাপে মহামেডানকে হারাল মুম্বই

**দুরন্ত বার্তা প্রতিবেদন**

কলকাতা লিগে ক্লিনশিট পেলে মোহনবাগান। সেই সঙ্গে তাদের অপরাজিত থাকার রেকর্ডও অক্ষত থাকল। এদিন বাগানের তুলনায় অনেক ভালো খেলেছে ইউনাইটেড স্পোর্টস। অনেক বেশি আক্রমণে উঠেছে। কিন্তু গোলের মুখ খুলতে না পারার খেসারত তারা ২-০ হেরে দিয়েছে। লিগের অন্য ম্যাচে পিয়ারলেস-ডায়মন্ড হারবার ম্যাচ ১-১ ড্র হয়েছে। কালীঘাট-সাউদার্ন সমিতি ম্যাচটিতে ১-০ শেষ হয়। ক্যালকাটা এফসি ২-১ হারিয়েছে ডালহৌসিকে।অন্যদিকে এদিন ডুরান্ড কাপে গ্রুপ 'বি' ম্যাচে মুম্বই এফসি মহামেডান স্পোর্টিংকে ৩-১ গোলে পরাজিত করেছে।

# ইডেনে বিশ্বকাপে ইংল্যান্ড-পাকিস্তান ম্যাচ ঘিরে সংশয়

**দুরন্ত বার্তা, কলকাতা, ৫ আগস্টঃ** আর ঠিক মাস দু'য়েক পর শুরু হবে ওডিআই বিশ্বকাপ। ভারতের ১০টি ভেনুতে হবে এ বারের ৫০ ওভারের বিশ্বকাপ। সূচি ঘোষণা হওয়ার পর থেকেই হইহই পড়ে গিয়েছে। আসন্ন ওডিআই বিশ্বকাপের জন্য আইসিসির একটি প্রতিনিধি দল ভেনু পরিদর্শনের জন্য ভারতে এসেছে। এ বারের বিশ্বকাপে ৫টি ম্যাচ পেয়েছে কলকাতার ইডেন গার্ডেন্স। তার মধ্যে চতুর্থ ম্যাচ ১২ নভেম্বর। সূচি অনুযায়ী, সেই ম্যাচে মুখোমুখি হওয়ার কথা পাকিস্তান ও ইংল্যান্ডের। আচমকাই সেই ম্যাচ ঘিরে সংশয় তৈরি হয়েছে। আজ, শনিবার আইসিসির প্রতিনিধি দল ইডেন গার্ডেন্স পরিদর্শনে এসেছিল। সেই মাঠ পরিদর্শনের পরই সূত্র মারফত জানা গিয়েছে, ১২ নভেম্বর ইডেনে বিশ্বকাপের পাকিস্তান বনাম ইংল্যান্ড ম্যাচ নিয়ে আচমকাই সংশয়

তৈরি হয়েছে। ওই দিন কালীপুজো থাকায় পর্যাপ্ত নিরাপত্তা নিয়ে চিন্তায় সিএবির কর্তারা। সূত্রের খবর, ইডেনে ১২ নভেম্বর পাকিস্তান-ইংল্যান্ডের ম্যাচ ঘিরে হঠাই সমস্যা তৈরি হয়েছে। কারণ ওই দিন কালীপুজো। আর তাই ইডেনের ম্যাচে পর্যাপ্ত পুলিশ পাওয়া নিয়ে চিন্তার ভাঁজ সিএবি কর্তাদের কপালে। বোর্ডকে ইতিমধ্যেই সেই কথা জানিয়েছে সিএবি। এ বার দেখার আইসিসি এবং বিসিসিআই কালীপুজোর কথা ভেবে ইডেনের ম্যাচ নিয়ে আলাদা করে চিন্তা ভাবনা করে কিনা। সূত্রের খবর, আইসিসি না মানলে পর্যাপ্ত পুলিশ পাওয়ার জন্য মুখ্যমন্ত্রীর দ্বারস্থ হতে পারেন সিএবি কর্তারা। বিশ্বকাপের সূচি নিয়ে এর আগেও সমস্যা দেখা দিয়েছিল। সূচি অনুযায়ী আমেদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়ামে ১৫ অক্টোবর হওয়ার কথা ছিল ভারত-পাকিস্তান ম্যাচ। কিন্তু নবরাত্রি শুরু হওয়ার কথা ১৫ অক্টোবর। ভেনু পরিবর্তন হবে না। কিন্তু নিরাপত্তাজনিত কারণে ওই ম্যাচ এক দিন এগিয়ে ১৪ অক্টোবর হতে পারে। বিসিসিআই সূত্র মারফত এই খবর জানা গিয়েছে। যদিও এখনও আইসিসি ও বিসিসিআইয়ের পক্ষ থেকে বিশ্বকাপের পরিবর্তিত সূচি ঘোষণা করা হয়নি। এ বার দেখার সিএবির আবেদনে ১২ নভেম্বরের ম্যাচের দিন পরিবর্তন হয় কিনা।

# ইস্টবেঙ্গলে সই করলেন দুই বিদেশি ডিফেন্ডার এলসে এবং পারদো

**দুরন্ত বার্তা, কলকাতা, ৫ আগস্টঃ** ইস্টবেঙ্গলে সই করলেন দুই বিদেশি ডিফেন্ডার জর্ডন এলসে এবং হোসে আন্তোনিও পারদো লুকাস। এলসে অস্ট্রেলিয়ার 'এ' লিগের দল পার্থ গ্লোরি থেকে ইস্টবেঙ্গলে এলেন। স্প্যানিশ ফুটবলার পারদো স্পেনের একাধিক ক্লাবে খেলেছেন। লা লিগা ২-এ ৭০টি ম্যাচ খেলার অভিজ্ঞতা রয়েছে। এলসে এবং পারদোর ইস্টবেঙ্গলে আসার গুঞ্জন আগেই ছড়িয়ে পড়েছিল। শনিবার সকালে ইস্টবেঙ্গলের তরফে আনুষ্ঠানিকভাবে এর ঘোষণা করা হয়েছে। ইমামি ইস্টবেঙ্গলের তরফে জানানো হয়েছে, নতুন দুই বিদেশি ফুটবলারের নির্বাচন করা হয়েছে হেড নিউক্যাসল জেট টিমে যোগ দেন। নিউক্যাসলের হয়ে দুটি মরসুমে ৩৫টি ম্যাচ খেলে এই সেন্টার ব্যাক জানুয়ারি মাসে যোগ দেন পার্থ গ্লোরিতে। ভারতীয় ফুটবলে পা রাখতে পেরে উচ্ছ্বসিত এলসে বলেছেন, ''এই ঐতিহাসিক ক্লাবে পা রেখে আমি সম্মানিত বোধ করছি। সতীর্থদের সঙ্গে সাক্ষাতের জন্য মুখিয়ে রয়েছি। আশা করি সাফল্য পাব। ইস্টবেঙ্গলের সমর্থকদের ব্যাপারে অনেক কিছু শুনেছি। তাঁদের সামনে খেলার তর সইছে না।'' পারদোর উত্থান স্পেনের ভিয়ারিয়াল এবং ভ্যালেন্সিয়ার যুব ফুটবল টিম থেকে। গত মরসুমে খেলেছেন এলডেনসের

কোচ কার্লেস কুয়াদ্রাতের পরামর্শ মতো। দলের রক্ষণ সামলাতে এই দুই বিদেশি দলের সম্পদ হতে পারেন বলে মনে করছেন লাল হলুদ কোচ। 'এ' লিগের দল অ্যাডিলেড ইউনাইটেডের হয়ে একঝাঁক ট্রফি জয়ের অভিজ্ঞতা রয়েছে ২৯ বছরের জর্ডন এলসের। ২০১৫-১৬ মরসুমে এ-লিগ প্রিমিয়রশিপে খেলেছেন। ২০১৫-১৬ মরসুমে এ-লিগ চ্যাম্পিয়নশিপ এবং ২০১৮ ও ২০১৯ সালে দু'বার অস্ট্রেলিয়া কাপ জেতেন। ২০১৩ থেকে ২০২১ পর্যন্ত অ্যাডিলেডের হয়ে খেলার পর হয়ে। চলতি বছরের জুন মাসে ৬১ বছর পর দলটিকে তৃতীয় ডিভিশন থেকে দ্বিতীয় ডিভিশনে তুলে আনতে সাহায্য করেছেন। এই অভিজ্ঞ সেন্টার ব্যাক ভারতীয় ফুটবলে কেরিয়ারের নতুন সূচনা করতে তৈরি। তিনি বলেছেন, ''ইস্টবেঙ্গলের মতো ইতিহাসবিজড়িত ক্লাবের হয়ে ভারতীয় ফুটবলে নিজের জার্নি শুরু করতে তৈরি। আশা করছি সমর্থকদের ভালোবাসার মূল্য দিতে পারব। দারুণ একটা বছর আমাদের জন্য অপেক্ষা করে রয়েছে।''

# দর্শক উপস্থিতির রেকর্ড গড়বে এবারের মহিলা বিশ্বকাপ

**অকল্যান্ড, ৫ আগস্টঃ** অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডে চলছে মহিলা ফুটবল বিশ্বকাপ। এবারের মহিলা বিশ্বকাপে দর্শক উপস্থিতির রেকর্ড হবে এবং ম্যাচপ্রতি গড় দর্শকের রেকর্ড গড়া ২০১৫ কানাডা বিশ্বকাপকে ছাড়িয়ে যাবে বলেই মনে করছেন ফুটবল অস্ট্রেলিয়ার প্রধান নির্বাহী জেমস জনসন। তাঁর আশা, মহিলা বিশ্বকাপ সফলভাবে আয়োজনের মধ্য দিয়ে ছেলেদের বিশ্বকাপ আয়োজনের স্বত্ব পাওয়ার শক্ত ভিতও পেয়ে যাবে অস্ট্রেলিয়া। পরশু মহিলা বিশ্বকাপের গ্রুপ পর্ব শেষ হয়েছে। এখন চলছে শেষ ষোলোর লড়াই। গ্রুপ পর্ব শেষ হওয়ার পর সংবাদ সম্মেলনে জেমস জনসন বলেছেন, ''মহিলাদের যেকোনো ফুটবল বিশ্বকাপের তুলনায় বেশি দর্শক হচ্ছে (এবার)।'' সংবাদ সংস্থা রয়টার্স জানিয়েছে, মহিলা বিশ্বকাপে এখন পর্যন্ত ১২ লাখ দর্শকের উপস্থিতির হিসাব করা হয়েছে। ২০ আগস্ট অনুষ্ঠিত হবে এই টুর্নামেন্টের ফাইনাল। আয়োজকদের আশা, এ সময়ের মধ্যে মহিলা বিশ্বকাপে প্রায় ১৯ লাখ দর্শকের সমাগম হবে। জনসন এ ব্যাপারে বলেছেন, ''আমাদের লক্ষ্য ছিল ১৫ লাখ দর্শক এবং লক্ষ্যটা পেরিয়ে যাব।'' তিনি আরও জানিয়েছেন, মহিলা বিশ্বকাপের রেকর্ড সম্প্রচারের গল্প শুনছেন বিশ্বের নানা প্রান্ত থেকে'। মহিলা বিশ্বকাপে এবারই প্রথম ৩২টি দল অংশ নিয়েছে। সে হিসাবে এবার মোট ৬৪ ম্যাচ অনুষ্ঠিত হবে। ২০১৫ কানাডা বিশ্বকাপে হয়েছিল ৫২ ম্যাচ। সেবার ২৪টি দল অংশ নিয়েছিল। কানাডা বিশ্বকাপে ম্যাচপ্রতি গড় দর্শক উপস্থিতি ছিল ২৬ হাজার। এবারের মহিলা বিশ্বকাপ সেই রেকর্ড ছাড়িয়ে গেছে। ম্যাচপ্রতি এবার দর্শক উপস্থিতির হার ৩০ হাজারের বেশি। গত বুধবার পানামার বিপক্ষে ফ্রান্সের ৬-৩ গোলে জয়ের ম্যাচে সিডনি ফুটবল স্টেডিয়ামে প্রায় ৪০ হাজার দর্শকের সমাগম হয়েছিল। আজ অকল্যান্ডে শেষ ষোলোর প্রথম ম্যাচে মুখোমুখি হয়েছে স্পেন-সুইজারল্যান্ড। সুইস মেয়েদের ৫-

১ ব্যবধানে উড়িয়ে কোয়ার্টার ফাইনালে পৌঁছে গেছে স্প্যানিশরা। এই ম্যাচের দর্শকসংখ্যা ফ্রান্স-পানামা ম্যাচকে ছাড়িয়ে গেছে। আজ খেলা দেখতে মাঠে এসেছিলেন ৪৩ হাজার ২১৭ জন দর্শক। এবারের বিশ্বকাপের এক ম্যাচে সবচেয়ে বেশি দর্শক হয়েছে গত ২০ জুলাই আসর শুরুর দিন। ওই দিন সিডনি অলিম্পিক স্টেডিয়ামে সহ-আয়োজক অস্ট্রেলিয়া ও আয়ারল্যান্ডের খেলা দেখতে আসেন ৭৫ হাজার ৭৮৪ জন ফুটবলপ্রেমী। অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডে জনপ্রিয়তায় ফুটবল বেশ পিছিয়ে। তবে সেখানকার নিরপেক্ষ দর্শকেরা মহিলা বিশ্বকাপের প্রতি বেশি আকৃষ্ট হয়েছেন বলে জানিয়েছে রয়টার্স। এ ছাড়া খেলার বিভিন্ন সরঞ্জামও ভালোই বিক্রি হচ্ছে। জনসন জানিয়েছেন, ছেলেদের সর্বশেষ বিশ্বকাপে অস্ট্রেলিয়া জাতীয় দল যে জার্সি পরেছে, তার চেয়ে এবার মহিলা বিশ্বকাপে অস্ট্রেলিয়া দলের জার্সি দ্বিগুণ বিক্রি হচ্ছে। ছেলেদের জাতীয় দলের মতো মেয়েদের জাতীয় দলেও টাকা ঢেলেছে ফুটবল অস্ট্রেলিয়া। গবেষণার সূত্র ধরে রয়টার্স জানিয়েছে, অস্ট্রেলিয়ায় জনপ্রিয়তায় ছেলেদের ক্রিকেট ও ফুটবল জাতীয় দলের চেয়ে পিছিয়ে মহিলাদের জাতীয় ফুটবল দল। তবে ছেলেদের রাগবি ইউনিয়ন ও রাগবি লিগের দলগুলোকে জনপ্রিয়তায় পেছনে ফেলেছে অস্ট্রেলিয়ার মহিলা ফুটবল দল। মহিলা বিশ্বকাপে এরই মধ্যে শেষ ষোলোয় উঠেছে তারা। সোমবার কোয়ার্টার ফাইনালে ওঠার লড়াইয়ে সহ-আয়োজকদের প্রতিপক্ষ ডেনমার্ক। ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো অস্ট্রেলিয়ার গিয়ে বলেছেন, ''এবারে মহিলা বিশ্বকাপ সর্বকালের সেরা।'' জেমস জনসনের আশা, এবারের মহিলা বিশ্বকাপ সফলভাবে আয়োজন করে ২০২৯ ফিফা ক্লাব বিশ্বকাপ আয়োজনের পথে আরও এগিয়ে যাবে ফুটবল অস্ট্রেলিয়া। এ ছাড়া ২০৩৪ সালে ছেলেদের বিশ্বকাপ আয়োজনে বিশেষভাবে আগ্রহী দেশটির ফুটবল ফেডারেশন।

# সুইসদের ৫-১ উড়িয়ে বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে স্পেন

**অকল্যান্ড, ৫ আগস্টঃ** গ্রুপ স্টেজের শেষ ম্যাচে জাপানের বিরুদ্ধে ০-৪ গোলে হার যন্ত্রণাদায়ক ছিল। তবে ভেঙে পড়েনি স্পেনের জাতীয় মহিলা ফুটবল দল। শনিবার অকল্যান্ডে শেষ ষোলোর ম্যাচে তাদের প্রতিপক্ষ ছিল সুইজারল্যান্ড। জাপানের বিরুদ্ধে হারের ধাক্কা কাটিয়ে এদিনের ম্যাচে দুরন্তভাবে ঘুরে দাঁড়াল স্পেন। সুইসদের জালে পাঁচ বার বল জড়ালেন স্পেনের মেয়েরা। ৫-১ ব্যবধানে জয় তাদের পৌঁছে দিল মেয়েদের ফিফা বিশ্বকাপের শেষ আটে। অকল্যান্ডের ইডেন পার্কে গোল করলেন আইতানা বনমাতি, আলবা রেডন্ডো, লাইয়া কোডিনা এবং জেনিফার হারমোসোরা। প্রথমার্ধে লাইয়া কোডিনা আত্মঘাতী গোল করে বসেন। ৪৫তম মিনিটে সুইসদের জালে বল জড়িয়ে ভুলের প্রায়শ্চিত্ত করেন তিনি। এই প্রথম বার মেয়েদের বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে পা রাখল স্পেন। শনিবার শেষ ষোলোর ম্যাচে স্পেনের হয়ে জোড়া গোল করলেন আইতানা বনমাতি। একটি করে গোল আলবা রেডন্ডো, লাইয়া কোডিনা এবং জেনিফার হারমোসোর। স্পেনের কাছে বিধ্বস্ত হওয়ার আগে চলতি বিশ্বকাপে একটিও গোল হজম করেনি সুইজারল্যান্ড। তারাই শেষ ষোলোর ম্যাচে প্রথমার্ধেই পিছিয়ে পড়েছিল ৪-১ গোলে। প্রথম পাঁচ মিনিটেই গোল হজম করে রজার ফেডেরারের দেশ। বনমাতি ম্যাচের প্রথম পাঁচ মিনিটে গোল করে স্পেনকে এগিয়ে দেন। এরপর ১১তম মিনিটে লাইয়া কোডিনার আত্মঘাতী গোলে সমতা ফেরায় সুইজারল্যান্ড। ১৭তম মিনিটে স্পেনের হয়ে ব্যবধান বাড়ান আলবা রেডন্ডো। টুর্নামেন্টে তৃতীয় গোল তাঁর। ৩৬তম মিনিটে বনমাতি ব্যক্তিগত দ্বিতীয় ও দলের হয়ে তৃতীয় গোলটি করেন। বিরতির ঠিক আগে কোডিনার গোলে ব্যবধান দাঁড়ায় ৪-১। ৭০তম মিনিটে স্পেনের হয়ে শেষ গোলটি করেন হারমোসো। জাপানের কাছে লজ্জার হারের পর স্পেনের কোচ হোর্হে ভিলদা দলে বেশ কয়েকটি সাহসী পরিবর্তন আনেন। দু'বারের ব্যালন ডি'অর জয়ী অ্যালেক্সিস পুটেলাসকে শেষ ষোলোর ম্যাচে খেলাননি। এই ম্যাচের জন্য বেছে নেন নবাগত গোলরক্ষক ক্যাটা কলকে। স্টার্টিং লাইন আপে মোট পাঁচটি পরিবর্তন করা হয়। কোচের এই সিদ্ধান্তে ম্যাজিকের মতো কাজ হয়েছে। ওয়েলিংটনে নেদারল্যান্ডস অথবা দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে কোয়ার্টার ফাইনালের ম্যাচ খেলবে স্পেন।

# ক্যারিবিয়ানদের বিরুদ্ধে দ্বিতীয় টি-২০-তে অভিষেকের সম্ভাবনা যশস্বীর

**বার্বাডোজ, ৫ আগস্টঃ** ক্যারিবিয়ান সফরে ভারতের হয়ে টেস্ট খেলার স্বপ্নপূরণ হয়েছে তরুণ তুর্কি যশস্বী জয়সওয়ালের। এ বার কি যশস্বীর গায়ে উঠবে টিম ইন্ডিয়ার নীল জার্সিও? তার প্রবল সম্ভাবনা রয়েছে। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে ওডিআই সিরিজে তরুণদের সুযোগ দিয়েছিল ভারতীয় টিম ম্যানেজমেন্ট। আর নিকোলাস পুরানদের বিরুদ্ধে ৫ ম্যাচের টি-২০ সিরিজের জন্য ভারতের যে স্কোয়াড রয়েছে তাতে তারুণ্যে ভরা। হার্দিক পান্ডিয়ার নেতৃত্বে টি-টোয়েন্টি সিরিজের প্রথম ম্যাচে ৪ রানে হেরে যায় ভারত। আগামী কাল, ৬ অগস্ট সিরিজের দ্বিতীয় ম্যাচ। এই ম্যাচের একাদশে দেখা যেতে পারে যশস্বী জয়সওয়ালকে। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে অভিষেক টেস্টে সেঞ্চুরি হাঁকিয়ে নজর কেড়েছিলেন যশস্বী জয়সওয়াল। চলতি বছরটা ভালোই কাটছে যশস্বীর। আইপিএলে দুরন্ত পারফর্ম করে যশস্বীর জন্য জাতীয় দলের দরজা খুলে যায়। এরপর দেশের জার্সিতে খেলার সুযোগ পেয়ে তার সদ্ব্যবহার করেন ২১ বছরের যশস্বী। ক্রিকেট মহলে যশস্বী রীতিমতো আলোড়ন ফেলে দিয়েছেন। প্রচুর প্রশংসা পেয়েছেন যশস্বী। হরভজন সিংয়ের মতো প্রাক্তন ভারতীয় ক্রিকেটার যেমন যশস্বীকে লম্বা রেসের ঘোড়াও

বলেছেন। এ বার দেখার তাঁর আন্তর্জাতিক টি-২০ ক্রিকেটে সফর কবে শুরু হয়।

ক্যারিবিয়ানদের বিরুদ্ধে দ্বিতীয় টি-২০ জিতে সমতা ফেরাতে চাইবে মেন ইন ব্লু। তার জন্য একাদশে বদল দেখা যেতে পারে। প্রথম টি-২০ তে অভিষেক হয়েছিল তিলক ভার্মার। তিনি নজর কেড়েছিলেন। এ বার ক্রিকেট মহল মনে করছে দ্বিতীয় টি-২০ তে ভারতীয় জার্সিতে দেখা যেতে পারে যশস্বীকে। আইপিএলে তাঁর ম্যাচ জেতানো ইনিংসের কথা ভেবে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে দ্বিতীয় টি-২০ তেই হয়তো যশস্বীকে সুযোগ দিতে পারে ভারতীয় টিম ম্যানেজমেন্ট।

**ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে ভারতের টি-২০ স্কোয়াড-** ঈশান কিষাণ (উইকেটকিপার), শুভমন গিল, যশস্বী জয়সওয়াল, তিলক ভার্মা, সূর্যকুমার যাদব (সহ-অধিনায়ক), সঞ্জু স্যামসন (উইকেটকিপার), হার্দিক পান্ডিয়া (অধিনায়ক), অক্ষর প্যাটেল, যুজবেন্দ্র চাহাল, কুলদীপ যাদব, রবি বিষ্ণোই, অর্শদীপ সিং, উমরান মালিক, আবেশ খান ও মুকেশ কুমার।

# মেসির অটোগ্রাফ নিতে লোকে চাকরি হারাতেও ভাবছে না

**ফ্লোরিডা, ৫ আগস্টঃ** লিওনেল মেসি-জ্বরে কাঁপছে যুক্তরাষ্ট্র। মেসি ইন্টার মায়ামিতে যোগ দেওয়ার পর থেকে যুক্তরাষ্ট্রের ফুটবলে যেন নতুন প্রাণ লেগেছে। মাঠে ও মাঠের বাইরে দুই জায়গাতেই এখন চলছে মেসি-ম্যানিয়া। এমনকি মেসির অটোগ্রাফ নিতে গিয়ে চাকরি হারাতেও লোকে এখন দুবার ভাবছেন না! হ্যাঁ, তেমন ঘটনাই ঘটেছে ইন্টার মায়ামির মাঠ ডিআরভি পিএনকে স্টেডিয়ামে। ঘটনাটি মূলত লিগস কাপে অরল্যান্ডো সিটির বিপক্ষে মেসিদের ম্যাচের দিন। ক্রিস্টিয়ান সালামাঞ্চা নামের কলম্বিয়ান এক নাগরিক সে সময় স্টেডিয়াম এলাকায় ক্লিনারের কাজ করছিলেন সেখানে। চুক্তি অনুযায়ী, সেদিনই ছিল তাঁর চাকরিতে প্রথম দিন। কিন্তু কে জানত, সেটিই তাঁর শেষ দিনও হতে যাচ্ছে। কিন্তু মাঝের সময়টাতে যা ঘটল, তা হয়তো সালামাঞ্চা কখনোই ভুলতে পারবেন না। তিনি যেখানে কাজ করছিলেন, সেখানে মেসিকে দেখেই আর পেশাদার চরিত্র ধরে রাখতে পারেননি। আবেগে ভেসে গিয়ে ডাক দিয়ে বসেন মেসিকে। মেসিও তাঁর ডাকে সাড়া দিয়ে এগিয়ে এসে অটোগ্রাফ দিয়েছেন পরনে থাকা আর্জেন্টিনার জার্সিতে। ঘটনাটির বর্ণনা দিতে গিয়ে সালামাঞ্চা বলেছেন, ''যেখানে বাস পার্ক করে, সেখানে আমাকে বাথরুম পরিস্কার করতে হয়েছিল। সৌভাগ্যবশত, আমি যখন সেখানে গিয়েছিলাম, তখন বাসটা এসেছিল এবং সব খেলোয়াড় বেরিয়ে আসছিলেন। সবার শেষেই বেরিয়ে আসেন মেসি।'' মেসিকে দেখে নিজেকে আর আটকাতে পারেননি সালামাঞ্চা। ডাক দিয়ে কী বলেছেন,

তা জানালেন এভাবে, ''তাঁকে চিৎকার করে বললাম, 'এই যে বিশ্বচ্যাম্পিয়ন!' শুনে তিনি ফিরে তাকালেন। আমি ওপরের ইউনিফর্মটি ওপরে তুলে ধরি, যার নিচে আর্জেন্টিনার জার্সি ছিল এবং আমার সঙ্গে একটা মার্কারও ছিল। তিনি আমাকে অটোগ্রাফ দিলেন।'' তবে এ ঘটনার প্রতিক্রিয়া সালামাঞ্চার জন্য মোটেই ভালো ফল বয়ে আনেনি। পরবর্তী সময় কী হয়েছিল, তা জানিয়ে এই কলম্বিয়ান নাগরিক বলেছেন, ''তাৎক্ষণিকভাবে নিরাপত্তারক্ষীরা সেখানে চলে এলেন। তাঁরা আমাকে বাইরে নিয়ে গেলেন এবং চাকরি থেকে বরখাস্ত করলেন। কিন্তু এর প্রতিটি মুহূর্ত মূল্যবান ছিল।'' ইউরোপীয় একাধিক সংবাদমাধ্যম জানিয়েছে, ডিআরভি পিএনকে স্টেডিয়ামে যাঁরা কাজ করেন, তাঁদের সবাইকে বলা হয় পেশাদার আচরণ বজায় রাখতে। ক্লাবের কর্মী হোক কিংবা বাইরের কোনো কোম্পানির নিয়োগ করা কর্মী হোক, সবার জন্য একই নিয়ম প্রযোজ্য। তাঁদের বলা হয়, মাঠে আসা কোনো খেলোয়াড়কে বিরক্ত করা যাবে না। কিন্তু মেসিকে দেখে সেই নিয়ম মানতে পারেননি এই কলম্বিয়ান। সালামাঞ্চার মেসির কাছ থেকে অটোগ্রাফ নেওয়াটা ইন্টার মায়ামির নিয়ম অনুযায়ী পুরোপুরিভাবেই অপেশাদার আচরণ এবং শাস্তিযোগ্য অপরাধও বটে। তবে সালামাঞ্চা অবশ্য চাকরি বাঁচানোর চেয়ে এ ক্ষেত্রে নিজের আবেগকেই বেশি মূল্য দিয়েছেন। মেসিকে এমন সামনে থেকে পাওয়ার সুযোগ হয়তো আর কখনোই আসত না। যে কারণে চাকরি হারিয়েও খুব একটা মন খারাপ হচ্ছে না তাঁর। এরপরও অনেকে অবশ্য শাস্তির মাত্রা নিয়ে প্রশ্ন তুলেছেন। কিন্তু নিয়ম অনুযায়ী, সালামাঞ্চার কাণ্ডটা চাকরি হারানোর মতোই ছিল। সালামাঞ্চার স্ত্রীও একই স্টেডিয়ামে কাজ করেন। পরে তাঁকে স্বামীর চাকরি হারানোর খবরও দেওয়া হয়, যেন সালামাঞ্চার জিনিসপত্রগুলো স্টেডিয়ামের বাইরে নিয়ে আসতে পারেন। লিগস কাপে সেদিনের ম্যাচে অরল্যান্ডো সিটিকে ৩-১ গোলে হারিয়েছিলেন মেসি। যেখানে জোড়া গোল করেছিলেন বিশ্বকাপজয়ী এই আর্জেন্টাইন তারকা। আগামী সোমবার ভোরে লিগস কাপের শেষ ষোলোর লড়াইয়ে মাঠে নামবেন মেসিরা। টোয়াটা স্টেডিয়ামে অনুষ্ঠিত হতে যাওয়া ম্যাচটিতে ইন্টার মায়ামির প্রতিপক্ষ এফসি ডালা। মেজর লিগ সকারে মেসিকে দেখার জন্য অবশ্য আরেকটু অপেক্ষা করতে হবে। ২১ আগস্ট শার্লটের বিপক্ষে ম্যাচ দিয়ে শুরু হবে মেসির লিগযাত্রা।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নস্কর কর্তৃক ইল্লাস্ট্রেটেড ইন্ডিয়া প্রেস, ৭৪, লেনিন সরনী , কলকাতা ৭০০০১৩ হইতে মুদ্রিত ও ১ বি ব্ল্যাক বার্ণ লেন কলকাতা ৭০০০১২ হইতে প্রকাশিত
Owner, Printer, Publisher & Editor ALOKE KUMAR NASKAR, 1B, Black Burn Lane Kolkata 700012, and print at Illustrated India press 74, Lenin Sarani Road, Kolkata-700013
Ph- office- 2237-0488. News- 9432327166/033-26445555 dailydurantabarta@gmail.com
newsdailydurantabarta@gmail.com ■ WhatsApp # 8420635501